শূন্যেরও অসাক্ষিক স্থিতির অনুপুপত্তি হেতু মিধ্যা, অথচ চৈতন্যৰূপ স্বপ্ৰকাশ সত্য পদাৰ্থের অভাব প্রযুক্ত তাহাও মিথ্যা এইৰূপ অলিক বাদাপত্তি হয়। বাস্তবিক ঘাঁহারা পরমেশ্বরের আস্থিতা অঙ্গীকার করেন ভাঁহার। অবশ্রুই তাঁহাকে সচেতন কছেন। নতুবা অচেতন বস্তুর কর্তৃত্বপ্রভৃতি কদাপি সম্ভা-বিতু হয় না। এতাবতা প্রমেশ্বর যথন এতৎসমস্ত প্রপঞ্চপদার্থের পারিপাট্যক্রমে রচনা করিয়াছেন তখন তাহা স্বীয় জ্ঞাতসারে করিয়া থাকিবেন ইহাতে সংশয় কি? অতএব জ্ঞান পদার্থ অনাদি ও অবি-নাশি ইহা বলিতেই হইবে। তবে যে তাঁহারা কেহ্২ এমতও কহিয়া থাকেন যে প্রমেশ্বরীয় জ্ঞান নিত্য ও তাঁহাহইতে এই অনিত্য জ্ঞানসমস্ত স্ফ হইয়াছে। এবিষয়ে জিজ্ঞাস্য এই যে তাঁহারা পরমে-श्वत्क मर्ववाशिक कट्टन कि न। ? यपि न। कट्टन তবে কি প্রকারে তাঁহার ঈশ্বরত্ব সিদ্ধি হইবে। আর যদ্যপি তাহা কহেন তবে তিনি আত্ম চৈতন্যের সহকারে ব্যাপক কি তদ্যতিরেকে ব্যাপক, কিন্তু তিনি তৎসহকারে ব্যাপক হইলে দ্বিতীয় চৈতন্যের স্থাষ্ট করিবার প্রয়োজন কি? তবে বরঞ্চ এমত বলা ক-ৰ্ত্তব্য যে তাঁহার সেই অপরিচ্ছিন্ন চৈতন্যৰূপ আত্মা সর্বতাবস্থিত হইয়াও উপাধিবশতঃ বছবিধ ভিন্ন২ ৰূপে প্ৰতী হয়। যেপ্ৰকার আকাশপদাৰ্থ বছ-বিধ ঘট সুনাবাদিতে উপহিত হইয়া ভিন্নংৰূপে

ভাষমান হয় সেইৰূপ ঈশ্বরীয় চৈত্ন্যও নানা দেহেন্দ্রিয়েতে উপহিত হইয়া বছবিধৰূপে প্রতীত হইয়া থাকে-। বিশেষতঃ তাঁহাদিগের মতে পরমে-শ্বর বস্তু যদ্যপি পূর্ণকাম হয়েন তবে তাহাতে তাঁহার এইসকল অনিতা চিৎধর্মী জীবকোটি সৃষ্টি করণের অপেক্ষা কি? বরঞ্চ এতৎ স্থাট করণে তাঁহার অপূর্ণতা মাত্র প্রকাশ পায়। যেহেতু পূর্ণ-কাম ব্যক্তি স্বয়ং নিরপেক্ষ, এজন্য তাঁহার কোন-বিষয়ক অভিলাষ উদয় হইতে পারে না। আর বদ্যপি তাঁহারা পরমেশ্বরের পূর্ণকামতা স্বীকার না করেন তবে তাঁহাদিগের স্বাভিমত সেইপরমেশ্বরের সৰ্ব্বসমৰ্থতাও অস্বীকৃতা হইবে। কেননা যে ব্যক্তি স-র্বাসমর্থ সেই ব্যক্তিই পূর্ণকাম ইহা সর্বাসাধারণের বি-বেচনাসিদ্ধ আছে। সে যাহা হউক আমাদিগের এতদ্দোষ পরিহারের উপায় আছে কেননা আমরা ভাঁহাদিগের মত নূতন আত্মটৈতন্য স্ফি হওয়। স্বীকার করিনা। কিন্তু যেপ্রকার বিশুদ্ধ চৈতন্যে প্রমেশ্বরত্বোপাধি অনাদি কালাবধি কণ্পিত আছে সেইৰূপ উক্ত চৈতন্যেই অনাদি কালাবধি কোটিং জীবত্বোপাধিও কণ্পিত রহিয়াছে। অতএব সেই অনাদি জীবসমূহের প্রারক্ত কর্মবশতঃ পরমেশ্বরের শক্তি, বিকুকা হইলে তৎসন্নিধিমাত্তে তাহাদিগের ভোগ্য ভোগাদির স্থাটি হয় ইহাতে দে(যমাত্র সম্ভব হয় না। এতাবত। আমাদিগের সনাতন্দ্বদশাস্ত্রের অভিপ্রারামুসারে বিরচিত এতমত প্রকাশক প্রান্ধি আন্বোধাথ্য এই গ্রন্থ জ্ঞানান্দেষি যুবাগণের পরি-তোধনিমিন্ত গোড়ীয় সাধুভাষায় অনুবাদপূর্ধক মু-লের সহিত প্রকটিত করিতেছি বুধগণ সমবলোকন করিয়া অস্মদীয় অর্ধাচীনতার দোষ ক্ষমাপণপূর্ধক করুণাবিতরণে ক্ষমা করিবেন না। কিমলম্পল্লবিতে-নেতি।

তৈপোভিঃ কীণপাপানাং শাস্তানাং বীতরাগিণাং। মুমুক্ণামপেকো২য়মান্মবোধোবিধীয়তে॥১॥

্রিন্থকার প্রথমতঃ স্বাভিল্যবিত গ্রন্থ প্রকাশে অগ্রসর হইরা তদ্ধিকারী নির্দ্দেশপূর্ব্যক আদিম শ্লোক অব তরণ করিতেছেন]। তপদ্যাদ্ধারা ক্ষীণপাপ অথচ দ্বেভাব ও বিষয়াভিলাষরহিত মুমুক্কুগণের অপেক্ষণীয় এতদান্ধবোধনামক গ্রন্থ বিহিত ইইতেছে গ্রন্থকারের এইনপ বাক্যে ইহাই প্রতীত হয় যে, যেসমন্ত ব্যক্তিগণ পাপশূন্য অর্থাৎ বিহিতাকরণ ও প্রতিবিদ্ধ দেবন জন্য প্রত্যবায় হইতে মুক্ত তাহারাই আত্মতন্ত্র জ্ঞানাধিকারী। যদিও এতৎ শ্লোকে কর্মান্থভানের স্পন্ধাভিধান নাই তথাচ ভাহা তপন্থাছারা ক্ষীণপাপ এই শব্দের তাৎপর্য্যাধীন অববোধ করিতে হইবে। কেননা বিহিত কর্ম্মের অকরণ ও প্রতিষিদ্ধ কর্ম্মের দেবন এতদ্ভিন্ন পাপজনক অন্য কিছু মাত্রানাই। কিন্তু ধার্ম্মিকদিগের এবন্ধিধ পাপ কদাপি ক্ষান্তত হয় না এবিধায় তত্তৎ সমুদায়

শব্দতঃ উল্লেখ না করিয়া তাহাদিগের অজ্ঞানিরত পাপ সম্ভাবনায় চাক্রায়ণাদিরূপ তপস্থাদ্বারা তাহা ক্ষয় হওয়া অবধারণপূর্ব্বক ঈদৃশাভিধান অর্থাৎ " ত-পস্তাদ্বারা ক্ষীণপাপ '' এই শব্দ প্রয়োগ করিয়াছেন। ফলতঃ এস্থলে ইহাও বিবেচনা কর্ত্তব্য যে কেবল পাপখূন্যতাই যে তত্ত্বজ্ঞানাধিকারের কারণ এমত নহে। কিন্তু যাহারা রাগ দ্বেযপূন্য তাহারাই আজ-জ্ঞানাবিকারী। যেহেতু দৃফ ও শ্রুত ঐহিক এবং পারত্রিক বিষয়সমূহে রাগ দ্বেষ সত্ত্বে কদাপি তত্ত্ব জ্ঞানাধিকার হইতে পারেনা। অতএব মূলে শান্ত ও বীতরাগী বলিয়া তত্ত্তয় দোষরহিতকে নির্দেশ করিয়াছেন। শান্ত শব্দে দ্বেষশূন্য ও বীতরাগী শব্দে রাগরহিত ব্যক্তিকে বুঝায়। যদিচ গ্রন্থান্তরে শান্ত শব্দে অন্তরিন্দ্রিয় নিগ্রহশীলকে কহিয়াছেন তথাপি এস্থলে দ্বেষশূন্যকেই বিবেচনা করিতে হইবে। কা-রণ এতৎ শ্লোকীয় শান্ত শব্দের অন্তরিন্দ্রিয় নিগ্রহ-শীল অর্থ হইলে তাহাতেই রাগ খূন্যতার স্বতরাং প্রাপ্তি ছিল তবে পুনরায় বীতরাগী শব্দ প্রয়োগ করায় মছক্ত অর্থই স্থির হইল। এবঞ্ যাহাদিগের অনুকুল বিষয়ভোগে রাগ ও তৎ প্রতিকূলে দ্বেষ **নাই তাহার। অবশুই মোক্ষাভিলা**ষী। এতাবতা ভাদৃশ ব্যক্তির অপেক্ষণীয় এই আত্মবোধনামক গ্রন্থ কথিত হইতেছে। অপিচ এতদ্ধপৌত্মবো-িধাধিকার বিষয়ে অনেকে উক্ত করেন ∕য়ৈ ব্রাহ্মণ

সকল জাতমাত্রে ঋণত্রয়দারা আর্ত হয়েন, তাহা ঋষিঋণ দেবঋণ, ওপিতৃঋণ এইৰূপে কথিত আছে। অতএব সেই ঋণত্রয় দূরীক্লত না করিয়া মোক্ষাভি-লাষী হইলে অধঃপতন হয় ইহা ভগবান্ মনু কহি-য়াছেন। যথা " ঋণানি ত্রীন্যপাক্ত্য মনোমোক্ষে নিবেশয়েৎ। অনপাক্বত্য মোক্ষন্ত সেবমানো ব্ৰজ-ত্যধঃ॥ " অর্থাৎ ঋণত্রয় দূরীকরণপূর্ব্বক মনকে মোক্ষ বিষয়ে নিবিষ্ট করিবে তাহা না করিয়া যে ব্যক্তি মোক্ষ দেবা করে তাহার অধঃপাত হয়। এনি-মিন্ত কেবল বিষয়বৈরাগ্য জাত হইলেই মোক্ষানূ-সন্ধান করিবে না কিন্তু বেদাধ্যয়ন ও দেবতা যজন ও পুত্রোৎপাদন এতদ্বারা ঋণত্রয় দূর করিয়া মোক্ষ বিষয়ে যত্ন করিবে। ফলতঃ তাঁহাদিগের এতাদুশা-ভিধান জাতবৈরাগ্যের প্রতি সম্ভব হয় না। কেননা বেদেতে কহিয়াছেন যে " যদহরেব বিরজেন্তদহ-রেবপ্রব্রেজৎ '' অর্থাৎ যখন বিরাগ জাত হইবে তথনি সন্ন্যাস করিবে। এইহেতু শুকদেব বামদেবপ্রভৃতি অনৈকে ব্রহ্মচর্য্যপর্যান্ত করেন নাই তবে কি তাঁহা-দিগের অধঃপতন হইয়াছে? বাস্তবিক, বেদেতে ত্রিবিধ প্রকারে মোক্ষের উপায়ভূত যোগসক্ল বি-হিত ইয় ইহা শ্রীভাগবতীয় একাদশক্ষকে উদিত হইয়াছে যথা " যোগাস্ত্রয়ো ময়া প্রোক্তা নৃণাংশ্রে য়োবিধিৎসরা। জ্ঞানংকর্ম্ম চ ভক্তিশ্চ নোপায়োইন্যো खि कुळिष्डि_॥ निर्दिशानाः खान्यारशान्गानिनामिह

কর্মস্থ। তেম্ব নির্বিন্নচিন্তানাং কর্মযোগশ্চ কামিনাং। যদৃচ্য়া মৎকথাদৌ জাত শ্রদ্ধস্ত যংপুমান্। ননি-বিন্নো না তি সক্তো ভক্তিযোগো২স্ত সিদ্ধিদঃ। " অর্থাৎ ভগবান্ এক্লিফ কহিতেছেন যে মন্ত্রষ্যসমূহের শ্রেরোবিধান অভিলাবে বেদেতে মৎকর্ত্বক জ্ঞানযোগ ও কর্মযোগ ও ভক্তিযোগ এই প্রকার যোগত্রয় কথিত হইয়াছে যাহ। ভিন্ন শ্রেয়ঃসাধনবিষয়ে কোন প্রকার উপায়ান্তর নাই। তন্মধ্যে যাহারা ছুংখদায়ক ৰিবেচনায় ইহপারলৌকিক বিষয়ভোগৰূপ কৰ্ম্মফ**লে** বিরক্ত আছে এবং তাদৃশ ফলজনক কর্ম্ম তাাগ **ক**রিয়াছে তাহাদিগের ভানযোগে অধিকার, ও ষাহারা ক**শ্ম**কলভূত বিষয় ভোগাদিতে তুঃখ বুদ্ধি রহিত প্রত্যুত তত্ত্বৎ কামনা বিশিষ্ট, তাহাদিগের কর্মযোগে অধিকার। অপর যাহারা বিষয়ভো-গাদিতে অত্যাসক্ত নহে ও সম্যক্ বিরক্তও নহে এবয়িধ ব্যক্তিদিগের ভাগ্যবশতঃ যদ্যপি মৎকথা শ্রবণাদিতে শ্রদ্ধা জন্মে তবেই তাহার। ভক্তিযো গাধিকারী। এইৰূপ শ্রীভাগবতপুরাণীয় অধিকারি ভেদ নির্ণিয়দ্বারা প্রতীত হইতেছে যে যাহাদিগের সম্মক্ বৈরাগ্য জন্মিয়াছে তাহার৷ ব্রন্ধাচারী বা গৃহস্থ অথবা বানপ্রস্থই হউক তথাপিজ্ঞানানুসন্ধান করিতে কিন্তু যাহাদিগের বৈরাগ্যের হ্যুনতা আছে তাহারাই উক্তৰূপ ঋণত্রয় দুরীকরণ করত 😋দ্ধচিত্ত হইয়া মোক্ষপথে প্রবৃত্ত হইবে, স্ভুবামন্দ-

বৈরাগ্যাবস্থায় কর্মাদিত্যাগ করিয়া কেবল জ্ঞানানুসস্থান করিলে সমাক্ চিন্তশুদ্ধির অভাবহেতু স্কতরাং
অধংপতিত হইবে। কেননা বেদাধ্যয়নাদিরপ যে
রাহ্মণাদির স্বকীয় ধর্ম তাহা উল্লজ্ঞনপুরঃসর জ্ঞানপথে প্রব্ত হইতে বাসনা করিলে বিহিতামুষ্ঠান
ত্যাগজন্য পাপে লিপ্ত হইতে হয় এবিধায় তাহাদিগের পাপ ক্ষয় না হইবায় তত্ত্ব জ্ঞানাধিকার হয় না
ইহাই গ্রন্থকারকর্ত্ ক ক্ষীণপাপ শব্দে উক্ত হইয়াছে। তবে যাহাদিগের বেদাধ্যয়নাদি স্বধর্মানুষ্ঠান ব্যতিরেকেও সমাক্ বৈরাগ্য দৃষ্ট হয় তাহাদিগের পূর্ব্বাই জন্ম স্বধর্মাদি অনুষ্ঠান নিদ্ধ হওয়া বিবেচনা করিতে হইবে, যেহেতু স্বধর্মানুষ্ঠানই সম্যক্
চিন্তশুদ্ধির কারণরূপে বর্ণিত আছে॥ ১॥

বোধোহন্যসাধনেভ্যো হি সাক্ষাক্মোইক্ষকসাধনং। পাকস্য বহ্লিবজ্জানং বিনা মোক্ষো ন সিদ্ধাতি ॥ ২ ॥

থিদি বল বেদেতে যে প্রকার আত্মতত্ত্ব জ্ঞানকে
মাক্ষ সাধন বলিয়া উক্ত করিয়াছেন সেইৰপ বর্ণাশুম ধর্মানুষ্ঠানকেও তৎসাধনৰূপে কহিয়াছেন তবে
বর্ণাশুম ধর্ম্মি মানবগণ স্বধর্মত্যাগপূর্বক আত্মজ্ঞান
বিষয়ে কি হেতু প্রবৃত্ত হইবে। অতএব কহিতেছেন]
মোক্ষ সাধনের যে কোন অন্যৰূপ উপায় আছে সে
সমস্তাপেক্ষ্য আত্মবোধই এক সাক্ষাৎ উপায় সাধন
হইয়াছে। কেননা যেপ্রকার ওদনাদ্বি পাকের প্রতি
যাদও স্থালী কাঠ জলাদিৰূপ বছবিধ কারণ আছে

তথাপি বহ্নি ব্যতিরেকে পাক সিদ্ধহয় না যেহেতু ব-ক্লিই তাহার দাক্ষাৎ সাধনভূত হইয়াছে সেইপ্রকার মোক্ষসিদ্ধির প্রতি কর্মানুষ্ঠানপ্রভৃতি অন্যান্য কারণ উক্ত হইলেও আত্মজ্ঞান ব্যতিরেকে তাহার সিদ্ধি হয় না। [এতদ্বারা ইহাই অবধারিত হইতেছে যে পাক সিদ্ধির প্রতি স্থালীকাইদিৰূপ যে সমস্তকা-রণ আছে. তাহাদিগের প্রত্যেকের অভাবে পাক সিদ্ধ না হওয়ার অবশ্য সম্ভব বটে কিন্তু তাহারা ও দনাদির স্বীয়াবয়ব শৈথিলা করণে কেহই দামগ্যবান্ **নহে কেবল অগ্নিহইতেই তাহা নিৰ্বাহ হ**ইয়া থাকে। এইহেতু যে একার অগ্নিকে তাহার সাক্ষাৎ সাধন বলিয়াছেন সেই প্রকার কর্মান্তুষ্ঠানাদি কারণসমূহের মধ্যে একের অভাবে মোক্ষ সিদ্ধি না হইলেও তাহা **সাক্ষাৎ সাধনৰূপে গণ্য হয় না। যেহেভূ পাকনি-**ষ্পত্তির প্রতি বহ্নিবৎ মোক্টের আত্মতত্ত্বজ্ঞানই সা ক্ষাৎ কারণ হইয়াছে]।২॥

অবিরোধিতয়া কর্ম্ম নাবিদ্যাৎ বিনিবর্ত্তয়েং। বিদ্যাৎবিদ্যাৎ নিহস্ত্যেব তেজস্তিমিরসংঘবং। ৩॥

[ভাহার প্রতি হেতু কহিতেছেন] কর্ম এবং অ-বিদ্যা ইহাদিগের পরস্পর বিরোধিতা না থাকাহেতু কর্ম কদাপি অবিদ্যাকে নির্দ্তি করিতে পার্রে না। কিন্তু আলোক যেৰূপ অন্ধকারের বিরোধি প্রযুক্ত তাহাকৈ বিনাশ করে সেই প্রকার বিদ্যা ওঅবিদ্যার নিত্য বিরোধিতা সন্তা হেতু বিদ্যা ইহা অবিদ্যাকে বিনফা করে। [বেদান্ত শাস্ত্রমতে ব্রন্ধভিন্ন সমস্ত বস্তুই অবিদ্যাকম্পিত, অতএব কর্মাও অবিদ্যাকার্য্য, এনিমিত্ত তাহা অবিদ্যার বিরোধি হইতে পারে না কিন্তু অবিদ্যা ভ্রমাত্মিকা মারার্ত্তি ও বিদ্যা প্রমা-আকা মারার্ত্তি এইহেতু তাহাদিগের পরস্পর বি-রোধ থাকাপ্রযুক্ত বিদ্যা অবিদ্যাকে বিনাশ করিতে সমর্থ্য হয়। যদিও বিদ্যা মারাকার্য্যই বটে তথাপি তাহা প্রমাত্মিকাহেতু আত্মতত্ত্বমাত্রাবগাহিনী এবং অবিদ্যা ভ্রমাত্মিকা নিমিত্ত নানাবিধ দ্বৈত স্থাক্টি প্রকাশিনা, এতাবতা বিদ্যাদ্বারা অবিদ্যার নাশবিষয়ে আশক্ষা কর্ত্ব্যা নহে]॥ ৩॥

পরিচ্ছিন্ন ইবাজ্ঞানাত্তনাশে সতি কেবলঃ। স্বয়ংপ্রকাশতে হাত্মা মেঘাপায়েহংশুমানিব॥৪॥

[অবিদ্যা বিনাশ হইলে কি হয় তাহা কহিতেছেন] নিত্য অথণ্ড যে আত্মতত্ত্ব তাহা অবিদ্যাহত্ত্ব থণ্ড থণ্ডের ন্যায় প্রকাশ পায় অতএব তাহাতে অবিদ্যাউপাধিক স্থুখ জুংখাদি আরোপিত হইলে আমি সুখী আমি জুংখী ইত্যাদি মিখ্যাভিমান জাত হইরা খাকে। কিন্তু বিদ্যার দ্বারা সেই অবিদ্যার বিনাশ হইলে উপাধিশূন্য স্বয়ং আত্মা স্বৰূপতঃ প্রকাশিত হয়েন। তাহাতে দৃষ্টান্ত, যেৰূপ অচঞ্চল স্থ্যমণ্ডল সচল মেঘসমূহের দ্বারা আরত হইলে স্থ্যমণ্ডল সচল মেঘসমূহের দ্বারা আরত হইলে স্থাকাশ হইমাণ্ড মলিন ও চঞ্চলৰূপে দৃষ্ট হয়.

পশ্চাৎ মেঘাবলি অপগত হইলে যে সূৰ্য্য সেই সূৰ্য্যই থাকেন অথচ তিনি নিৰ্মালৰূপে লোকনিবহের অক্ষিগোচরে প্রকাশ পান, ঐ ৰূপ অবিদ্যা উপাধি মুক্ত হইলে স্বাভাবিক মুক্ত আত্মাও মুক্ত বলিয়া ব্যপদিষ্ট হয়েন॥৪॥

অজানকলুষং জীবং জানাভ্যাসাদিনির্দ্মলং। কুষাজানং স্বয়ং নশ্যেজ্ঞলং কতকরেণু বং॥ ৫॥

[যদি বল, অজ্ঞান সংজ্ঞিতা যে ত্রিগুণাত্মিকা মায়া তাহা বিশুদ্ধ সন্ত্রাংশে বিদ্যা ও অবিশুদ্ধ সন্ত্রাংশে অবিদ্যা এতত্বভয়ৰূপে পরিণতা আছে। তবে বিদ্যাদ্বারা অবিদ্যা নিহুত্তি হইয়া বিদ্যাসত্ত্বে কি প্র-কারে আত্মার কৈবল্য হইতে পারে ? কেননা কেবল শব্দের অর্থ, ভিন্ন-বস্তুদ্বারা অসংস্পৃষ্ট বিশুদ্ধ, তাহার ভাব, কৈবল্য, এইৰূপ শাস্ত্রসিদ্ধ হইয়াছে। কিন্তু আত্মার অবিদ্যা নাশ হইয়াও মায়া কার্য্য বিদ্যার সংসর্গ থাকিলে অজ্ঞানই থাকিল এবিধায় আত্মার পূর্ব্বাক্ত কৈবল্য সিদ্ধি হইল না, অতএব কহিতেছেন]। 'যে প্রকার কতকরেণু মলিন জলের মালিন্যসমুদায় বিনাশ করিয়া পশ্চাৎ আপনিও বিনষ্ট হয় সেইৰূপ অজ্ঞানদারা মলিন আত্মতত্ত্বকে জ্ঞানা-ভ্যাসহেতুক বিশেষৰূপে নিৰ্মাল ক্রিয়া জ্ঞানৰূপা विमा । अप्तः विनयो इत्र । [मात्रा हेश मञ्जू तकः

শাস্ত্রে প্রকৃতি বলিয়া বিখ্যাতা আছে, তন্মধ্যে সত্ত্বপ্তণ নির্মাল, ও রজোগুণ বিবিধ রাগাত্মক, এবং তমোগুণ মলিন ও মোহাত্মক, এবিষধ এই গুণসকলের পর-স্পর সংদর্গাধীন এই সমস্ত সংসার বিরচিত হইরা-ছে, অতএব সাংসারিক বস্তুসমূহে উক্ত গুণত্রয়াংশ প্রতীত হয়। সত্ত্ব গুণের কার্য্য শম ও দম ও ক্ষান্তি ও বিবেক' ও স্বধর্মবর্ত্তিত্ব ও সত্য ও দয়া ও স্মৃতি ও তৃঁটি ও ব্যয়শীলতা ও বৈরাগ্য ও শ্রন্ধা ও লজ্জা ও ঋজুতা ও বিনয়িতা ও আত্মরতিপ্রভৃতি। রজে। গুণের কার্য্য কামনা, চেন্টা, দর্প, তৃষ্ণা, ভেদবুদ্ধি, विषयुट्यां , मरमाध्माइ, खुजिखियुजो, हामा, वीर्या, অন্যায়-উদ্যম প্রভৃতি। তমোগুণের কার্য্য ক্রোধ, লোভ, মিথ্যা, হিংসা, যাক্লা, দম্ভ, শ্রম, কলহ, শোক, মোহ, বিষাদ, পীড়া, অলস, অনুদ্যম প্রভৃতি। অপর এই তিন গুণে স্থাটি, স্থিতি, প্রলয়। স্বর্গ, মর্ত্য, পা-তাল। স্থথ, ছুঃখ, মোহ। জাগ্রৎ, স্বপ্ন, সুযুপ্তি। বাত, পিত্ত, কফ। শুক্ল, মুক্ত, কুফ, ইত্যাদিক্রম প্রাপ্ত অখিল কার্য্য আছে। বাস্তবিক প্রকৃতি এই জগৎসমূ-হের ভ্রমজনক চিত্রপট তুল্যা হইয়াছে। ষাহার প্রসারণে বহু বিচিত্রময় সংসারকার্য্যসমূহ প্রকাশিত **इ**य़ 'अ मरक्रांहरन विनाम इय़ इंहा खेकीय मरनत অবস্থা বিবেচনা করিলেই সুস্পফ প্রতীত হইবে। যখন আমাৰ্দিগের মন্স্তত্ত্ব প্রসীরিত থাকে তৎকালে কতপ্রকার অন্তৃত আলোচনা ও কম্পনার সম্ভাবনা

করা যায় তাহা বচনেও বর্ণন করা তুঃসাধ্য, বরঞ **জাগ্রৎ সময়ে যে সম**ত্ত মানসিক ঘটন। হইরা থাকে যদ্যপি তাহার কেহ পরিমাণ করিতে পারেন তথা-পি স্বপ্নকালে যে সমস্ত আন্দোলনা হয় তাহা তাৎ-कालिक প্রত্যক্ষত্বর হইলেও নির্পণ করা যোগ্য इट्रेंट शादत ना। প্রাণিসমূহের অনান্য ইন্দ্রি-য়াদিতে যে যে শক্তিসকল বিদ্যমানা থাকে ৰোধ হয় তাহা সমস্তই মনের শক্তি যেহেতু মন-সং-যোগ ব্যতিরেকে কোন ইন্দ্রিয়ই স্বীয়কার্য্য করণক্ষম হয় না কিন্তু ইন্দ্রাদি ব্যতিরেকেও মনঃ স্বপ্লাবস্থায় একাই তাবৎ ইন্দ্রিয়ের কর্ম্ম করে। যদাপি সেই বিশ্ব-ব্যাপিকা মায়ার পরমাণু তুল্য ক্ষুদ্রাংশ এই মনস্তত্ত্ব এতাদৃশ বিচিত্র জগৎ ক'পনার নিধান হইল তবে যে স্বয়ং মা ্রা কীদৃশ সামার্থ্যবতী তাহা কি বাক্যে নিরূপণ করা যাইতে পারে ? প্রস্তাবিতা পারমেগ্রী শক্তি সেই মায়া यादा স্বীয় অবচ্ছেদ ভেদে বিদ্যা-ও অবিদ্যাৰূপে উপরিভাগে নির্ণীত হইয়াছে। ত মধ্যে বিদ্যা বিশুদ্ধ সত্ত্বাংশতাপ্রযুক্ত স্বচ্ছ এতন্নিমিত্ত তাহ। স্বারত চৈতন্যের মালিন্য উদ্ভাবনে অসমর্থ প্রত্যুত দীপান্বিত কাচকুড্যের ন্যায় চৈতন্যভাস দারা প্রকাশিতা হইয়া বিশ্বস্রুষ্টার অন্তরঙ্গোপাধি ৰূপে অভিহিতা হয়। এবং অবিশুদ্ধসত্ত্বৰূপা যে অবি-मा। छारा स्कीय क्षेनजरमत रेनिकारर्ज निक्जि-ৰূপা ও মালিগ্যাংশ প্ৰধানা, এতন্নিমিত্ত স্বায়ত চৈত-

অবস্থায় স্বয়ং রাজা বা ইকু হইয়া তত্তস্পাধিনিষ্ঠ মুখ ছঃখাদি ভোগ করে এবং উক্ত ভোগকালীন त्रकीय शृद्धारम् ७ शृद्धावन्द्र। विम्यृत, इय्र. स्ट्रे ৰূপ মুমুৰ্যু কালে তাহাদিগের কর্মপ্রেরিত মন যে২ re ए वां जिनिविष्ठे इस उद्ध एम्ह श्राक्ष इहेसा তৎকালীন স্নতরাং পূর্ব্বদেহ বিশ্বত হয়। ইহা-কেই মরণ কহি। যেহেতু উক্ত পুরাণের একাদশ স্বন্ধে কহিয়াছেন যে ' জন্তোর্কৈ কস্যচিদ্বেতার্মুত্যু রতান্থবিশ্বতিঃ। " অর্থাৎ কোন কারণবশতঃ জন্তু-দিগের পূর্ব্বদেহ বিষয়ক যে অত্যন্ত বিষ্মৃতি, তাহা**ই** । মৃত্যু বলিয়া খ্যাত হয়। এবং সেই প্রকারে পূৰ্ব্বদেহ বিশ্বত হইয়া ু্যে দেহে অত্যন্ত অভিনিবিষ্ট হয় তদ্দেহই প্রাপ্ত হইয়াথাকে ইহাকেই জন্মবলিয়া প্রস্তাবিত পুরাণে উক্ত করেন। যথা " জন্মত্বাত্ম-**ত** या शूःमः मर्वछाराय ज्ञाति । विषयसीक्र ७१ প্রাহুর্যথা স্বপ্নমনোরথঃ ''॥ অর্থাৎ হে ভূরিদ উদ্ধব, পুরুষের স্বপ্ন এবং মনোরাজ্যকালিক দেহান্তর প্রাপ্তিবৎ অন্য দেহে তদপেক্ষায় সর্ব্বতোভাবে ষে আত্মীয়তা স্বীকরণ (অতেদ ভাবনায় অভিমান প্র-কাশন) তাহার নাম জন্ম, ইহা পণ্ডিতগণ কহেন। অতএক আত্মার দেহ বা গুণ অথবা কর্ম ইত্যাদি সম্দায়ই অবিদ্যার রুত্তিরূপ মনোদ্বারা স্বপ্লবৎ ক-ম্পিত হয় ইহাও সেই পুরাণের দ্বাদশস্বন্ধে কথিত আছে। যথা " মনঃ স্কৃতি বৈ দেহানু গুণানু

কর্মাণি চাত্মনঃ। তন্মনঃ স্বজতে মায়া ততোজীবস্ত সংস্তিঃ'। অর্থাৎ আত্মার দেহও গুণও কর্ম্ম এই সকল মনই স্থাটি করে এবং এই মন মায়াহ-ইতে স্ফ হয় তন্নিমিত্তই জীবের সংসারাপত্তি হইয়া থাকে। যদি বল, এতৎ বিশ্বকার্য্য সমদায় মনঃ **কম্পি**ত হইলে যাহার যাহা মনঃ কম্পিত তাহা সেই বার্জিই উপলব্ধি করিতে পারে অন্যে তাহা কিব্ধপে পারিবে? কেননা এক ব্যক্তির স্বপ্ন অন্য ব্যক্তির প্রত্যক্ষ হওয়া কদচ সম্ভব হয় না। উত্তর, তাহা সত্য বটে, ফলতঃ যদ্যপি এতৎ সমস্ত জগৎ কোন ব্যক্তি বিশেষের দ্বারা কণ্পিত হইত তবে তাহা অন্যের প্রত্যক্ষ হইবার সম্ভব ছিল•না। কিন্তু তাহা সমস্ত জীবাভিমানি পরমেশ্বরের অবিদ্যা শক্তি, যাহা ব্যস্ত (বিভক্ত) অসীম জীবের অন্তঃকরণোপাধির আ-কর হইয়াছে তদ্ধারা কম্পিত হইলে কিহেতু সকল জীবের প্রত্যক্ষ না হইবে? অতএব একের অসন্তায় অন্যের অসন্তা বা একের সন্তায় অন্যের সন্তা ইহা সম্ভাবিত নহে। কারণ ব্যবহারাবস্থায় অর্থাৎ যাবৎ কৈবল্য না হয় তাবৎ এই সমস্ত জগৎ অসত্য হইয়াও সত্য, পশ্চাৎ তত্ত্বানুসন্ধান দ্বারা কৈবল্য লাভ হইলে নিদ্রাচ্যত ব্যক্তির স্থপ্ন নাশ্বৎ সংসার নাশ হইয়া থাকে ইহাই এতৎ শ্লোকের অভিপ্রায়। ৬।

ভাৰৎ সত্যং জগদ্ধাতি শুক্তিকা রজর্তং যথা। যাবন্নজ্ঞারতৈ ব্রহ্ম সর্কাধিষ্ঠানমন্বয়ং। ৭॥

্রিমাত্মক বস্তুর অধিষ্ঠান তত্ত্বের জ্ঞানব্যতিরেকে ভ্রম নিরুত্তি হয় না কিন্তু তত্তত্ত্বজ্ঞান হইলে ভ্রান্তি ক-ষ্পনার বিনাশ হয় ইহাই দুষ্টান্মের সহিত কহিতে-ছেন]। যেৰূপ শুক্তিতত্ত্বের অজ্ঞানহেতু তদধিষ্ঠা-নে রজত ভ্রম হইলে যাবৎ শুক্তি জ্ঞান না জন্মে তা-বৎ শুক্তিকে রজত বলিয়াই বোধ হইরা **থাকে,** পশ্চাৎ শুক্তিজ্ঞান হইলে রজতের অসত্যতা প্রতীতি হয়, সেইৰূপ যাবৎ সমস্ত বিশ্বভ্ৰান্তির অধিষ্ঠান (আশ্রয়) ভূত অদ্বিতীয় ব্রহ্মতত্ত্ব অবগতি না হয় **তাবৎ** জগৎকার্য্যসকল সত্যৰূপেই ভাসমান হইয়া থাকে। ্রিজত যেপ্রকার শুক্তিকার্ষিষ্ঠানে ভ্রান্তিকণ্পিত ও স্বপ্ন যেৰূপ আত্মাধিষ্ঠানে মনঃকণ্পিত,জাগ্ৰদবস্থাও সেইৰূপ ব্ৰহ্মাধিষ্ঠানে অবিদ্যাকণ্পিত অতএব অধি-ষ্ঠানভূত ব্ৰন্ধতন্ত্ৰানে তাহার বিনাশ হয়। স্বপ্ন পদার্থকে কেহ্ স্মৃতি বলিয়া অঙ্গীকার করেন কিন্তু তাহা **স্থৃ**তি হইলে প্রত্যক্ষের ন্যায় অবভাসমান কেন হইবে, বিশেষতঃ স্বপ্লেও এক প্রকার স্মৃতি হ-ইয়া থাকে তাহা যেৰূপ তদবস্থায় বহুকাল দূরদেশে স্থিতি করিয়া স্বদেশীয় কোন প্রণয়ির প্রণয় স্মরণে ব্যাকুল হইতে হয়। এতাবতা স্বপ্ন কদাপি স্মৃতি নহে কেবল মনের স্বকীয় ভ্রামক সামর্থ্যদারা আত্মা-ধিষ্ঠানে কম্পিত ইহা যথাবস্থিত আত্মার জ্ঞান হ-ইলে যেৰূপ বিনাশ প্ৰাপ্ত হয় সেইৰূপ জগৎকাৰ্য্যও তত্ত্বজ্ঞানে বিলীন হইয়া থাকে। এই ৰূপ এতং

শোকে বিশ্বভান্তি বিষয়ে আত্মতত্ত্বের বিবর্ত্তকারণতা উল্লেখ হইল। বিবর্ত্ত শব্দে তাহাকে কহি যাহা
পরিণাম' কারণ অপেক্ষা অধিক কাল স্থায়ি হইয়া
কার্য্য মাত্রে অনুগত হর তাহা যেপ্রকার অন্তকরণের পরিণাম দ্বারা উৎপন্ন ভ্রমাত্মক রজত কার্য্যের
প্রতি শুক্তি। কেননা শুক্তিতত্ত্বের জ্ঞান দ্বারা রজতকার্য্যের পরিণাম করণভূত ভ্রান্থির বিনাশ হইলেও
বিবর্ত্ত কারণরূপ শুক্তি খণ্ডের বিনাশ হয় না।
সেইরূপ জগৎ কার্য্যের বিনাশে তাহার বিবর্ত্ত কারণ
ব্রহ্মতত্ত্ব যাহা সন্তা সামান্যরূপে কার্য্যমাত্রে অনুগত
আছে তাহার বিনাশ হয় না।।

আছে তাহার বিনাশ হয় না।।
১০৪১০/১৮: ২৪৪/১৮
সচিচদালান্যস্থাতে নিত্যে বিষণী বিকল্পিতাঃ। ব্যক্তয়োবিবিধাঃ সর্বা হাটকে কটকাদিবং ॥ ৮॥

[অধুনা বিশ্বের প্রতি প্রমান্থার পরিণাম কারণতা দর্শাইয়া অদ্বয়তত্ত্ব নিরূপণ করিতেছেন]।
যেপ্রকার স্থবর্ণপিণ্ডে কটক কুগুলাদি নানাবিধ
অলঙ্কারসমূহ কণিত হয় সেইপ্রকারজীবাজীব সর্ব্ব বস্তুতে অবস্থিত, নিত্য অথচ ব্যাপক স্বরূপ সপ্রক্রতিক অর্থাৎ প্রক্রতি শক্তির সহিত উল্লেখিত ব্রক্ষেতে বিবিধপ্রকারে ভাসমান এই জগৎ সমুদায় বিশেষক্রপ্রে কণ্পিত হইয়াছে]। কার্য্যমাত্রের উৎপত্তিবিষয়ে সর্ব্বত্রই কারণত্রয়ের অর্থাৎ বিবর্ত্তকারণ ও পরিণাম
কারণ এবংনিমিস্তকারণ এইসকলের অ্পেক্ষা আছে,

তন্মধ্যে যাহা স্বৰূপবিক্ৰিয়া না পাইয়াও কাৰ্য্যে অনুপ্রবিষ্ট থাকে তাহাকে বিবর্ত্তকারণ কহি, যে-প্রকার ঘটকার্য্যে ঘটন ও শুক্তিতে ভ্রমাত্মক রজত কার্যো শুক্তি। এবং যাহা বিক্রিরা প্রাপ্ত হইয়। কার্য্যে প্রবিষ্ট থাকে তাহাকে পরিণামকারণ কহি, তাহা যেপ্রকার ঘটকার্য্যে মৃত্তিকা ও শুক্তিতে ভ্রম:-অুকু রজতকার্য্যে অন্তঃকরণের ভ্রান্তি, অপর যাহার সাহায্য ব্যতিরেকে পরিণাম কারণের ৰূপানুর হইতে পারেনা তাহাকে নিমিত্তকারণ কহি, যেপ্র-কার ঘটকার্যোর প্রতি চক্র, দণ্ড, কুলালগ্রভৃতি ও শুক্তি রজত কার্য্যে চক্ষুপীড়ক কাঁচ কামলাদি। পূর্ব্ব শ্লোকে বিশ্ব কণ্পন। বিষয়ে পরমাত্মাকে ভ্রমা-ত্মফ রজত কার্য্যের বিবর্ত্তকারণ শুক্তির ন্যায় বিশ্বের বিবর্ত্তকারণ বলা হইয়াছে. এক্ষণে কেহু যদ্যপি তা হার পরিণামকারণ অন্য কিছু থাকা বিবেচনা করেন তৎপরিহারার্থ সপ্রকৃতিক পরমান্মাকেই বিশ্বের পরি-ণামকারণ বলিয়া উল্লেখ করিলেন। । ৮॥

ষথাকাশো ক্ষীকেশো নানোপাধিগতোবিভুঃ। তন্তেদাদ্ভিন্নবদ্ভাতি তন্নাশাদেকবদ্ভবেৎ ॥ ৯॥

সংপ্রতি এক বস্তুর ভিন্ন২ মূপে প্রতীতি বিষয়ে দৃষ্টান্ত দর্শান্তিতছেন। আকাশ যেপ্রকার এক রহৎ বস্তু হইয়াও ঘটশরাবাদি বিবিধ উপাধি প্রাপ্ত হইয়া উপাধির ভিন্নতাহেতু শ্রাবাকাশ ঘটাকাশ এ

ৰূপ ভিন্ন২ প্ৰতীতির বিষয় হয় ও সেই উপাধির নাশ হইলেও পূর্ব্বসিদ্ধ একৰূপেই থাকে সেইপ্রকার সং ব্বেন্দ্রিয় প্রবর্ত্তক ও সর্ব্বব্যাপক পরমীত্মা দেবতামন্ত্র-ব্যাদি উপাধিতে গত হইয়া ভিন্ন২ ৰূপে প্রকাশিত প্রায় বোধ হয়েন ও সেই উপাধিসমূহের নাশে বে এক সেই একই থাকেন॥ ৯॥

নানোপাধিবশাদেবং জাতিনামাশ্রয়াদরঃ। আয়ন্যারোপিতান্তোয়ে রসবর্ণাদিভেদবং॥ ১০॥

্যিদি,বল উপহিত বস্তুতে উপাধির ধর্ম্ম ক্লি প্র-কারে দৃষ্ট হয় ইহা দৃষ্টান্তের সহিত কহিতেছেন]। যেপ্রকার বিশেষং বস্তু সংযোগে জলেতে রসবর্ণ-প্রভৃতি•আরোপিত হইয়া থাকে সেইপ্রকার নানাউ-পাধিবশতঃ জাতি নাম আশ্রয়প্রভৃতি আত্মাতে আ-রোপিত হয়॥ ১০॥

পঞ্চীকৃতমহাভূতদস্তবং কর্মদঞ্চিতং। শরীরং স্থ্পতুঃখানাং ভোগায়তনমুচ্যতে॥ ১১॥

অধুনা আত্মার দেহাদি উপাধি নিৰূপণ করত প্রথমতঃ স্থ ল দেহ বিবেচনা করিতেছেন]। পঞ্চী ক্রত অর্থাৎ একং ভূত প্রত্যেক পঞ্চভূতের গুণযুক্ত এবস্তুত মহাভূতহইতে প্রাক্তন কর্মবশতঃ সম্ভত এতৎ স্থূল শরীর স্থথ ছৃঃথের ভোগায়তনৰূপে উক্ত হয়। হিদানীন্তন কোনং বিজ্ঞানি ব্যক্তিগণ জীবের

প্রাক্তনকর্ম্ম স্বীকার করেন না বোধ করি তবে তাঁহা-রা যে জগৎকারণ ঈশ্বর অঙ্গীকার করেন তাহাও মৌখিক হইবে। কেননা ঘাঁহারা ঈশ্বর স্বীকাঁর করেন তাঁহারা অবশ্রুই জীবের পূর্ব্ব অদৃষ্ট স্বীকার করিয়া থাকেন, কিন্তু ইঁহাদিগের জীবের পূর্বকর্ম স্বীকার না করাতেই ঈশ্বর স্বীকার না করা প্রতীতি হইতেছে, যেহে তু ঈশ্বর সর্বসামর্থ্যমন্তাহেতু পূর্ণ, এনিমিত্ত সর্ব্ব নিরপেক্ষরূপে পরম স্থাবিশিষ্ট, কারণ যাহা র কোন বিষয়ে অপেক্ষা না থাকে তাহাকেই পূর্ণ ও পরমস্থী বলা যায়, অপেক্ষা সত্ত্বে তাহা কদাপি বলা যাইতে পারে না। তবে তাঁহারা মাঁহাকে ঈশ্বর বলেন তিনি পূর্ণ হইয়া কি অপেক্ষায় নূতন জীব সমূহ স্থাটি করিলেন এবং কেনইবা সর্বত্র সম হইয়া তাহাদিগের মধ্যে কাহাকে সুখী কাহাকে ছুংখী এই ৰূপ বিষম কর্ম্ম করিলেন। অপর প্রস্তাবিত ব্যক্তিরা যদ্যপি পরমেশ্বরের পূর্ণতাতেও অস্বীক্কত হয়েন তবে ভাঁহার সর্বসমর্থতার অভাবহেতু স্থতরাং ঈশ্বরেরও অভাব হইবে। অপিচ ঈশিতা শক্তিমান্কে ঈশ্বর বলি যদাপি স্টির পূর্বে কেহই ঈশিতব্য ছিল না তবে,তাঁহার ঈশ্বরত্বও ছিল না ইহা কেন না বলা যা-ইবে। অতএব ঈশ্বর পদার্থ যেৰূপ নিত্য সেইৰূপ ं জীবসমূহও নিত্য ইহা না বলিলে নবীন রাজ্য প্রাপ্ত ব্যক্তির রাজহের পূর্ব্বকালে রাজা বলা অযোগ্যের ন্যায় স্থাটির পূর্বর তৎকর্তাকে ঈশ্বর বলাও যোগ্য হয় না। আমরা ঈশ্বরের ন্যায় জীবেরও অনাদিত্ব দ্বীকার করিয়া তাহাদিগের অনাদি শুভাশুভ কর্মা-ধীন উচ্চ নীচ ভাব প্রাপ্তি অভিধান করি। ইহা হইলে ঈশ্বরের অপূর্ণতা বা বিষমতা কিছুমাত্র সম্ভব হয় না। স্বতঃ পূর্ণব্যক্তি পরামুরোধে কার্য্য ক-রিলে তাহাকে কথনই অপূর্ণ বলা যায় না। অত-এব হে বন্ধুগণ আপনারা তাদৃশ ছল্ম নাস্তিকের মতে নিচীবন পূর্ব্বক স্বজাতীয় সনাতন শাস্ত্রে সমাদর প্রকাশ করুন॥ >>॥

পঞ্চ প্রাণমনোবুদ্ধিদশেক্রিয়সমঘিতং। অপঞ্চীকৃতভূতোখং সৃক্ষাঙ্গং ভোগসংধনং॥ ১২॥

[ইদানী স্থান্ধনার বিবেচনা করিতেছেন]। পঞ্চ প্রাণ ও মন এবং বুদ্ধি ও পঞ্চ জ্ঞানেক্রির ও পঞ্চ কর্ম্মেক্রিয় এই সপ্ত দশাবয়বযুক্ত অপফারিত অর্থাৎ পূর্ব্বোক্ত পঞ্চী ক্রিয়া অপ্রাপ্ত আ্যাত্রনামক ভূত নির্মিত স্থান্ধ দেহ জীবসমূহের সুখ জ্ঞানি ভোগের র সাধন হয়॥ [প্রজান্তরে এতদেহকেই লিজদেহ বলিয়াছেন ইহা জাঞ্জেহ উপলক্ষি বিরামে স্থা কালে উপলক্ষি হইয়া থাকে। এতদেহের বিশেষ কোন আকার নাই কিন্তু অন্তঃকরণই প্রস্তাবিত দেহ বলিয়া কথিত হয় যেহেতুক তাহা সমন্ত ইন্দ্রিয় ও বুদ্ধি প্রভৃতির উদ্ভাবক হইয়াছে, প্রাণ্ড অন্তঃকর-গ্রের অধীন অতএব তাহার ইচ্ছা ও জ্ঞান এবং ক্রিয়া শক্তিমন্ত। উল্লেখিত আছে। প্রাণের অন্তঃকরণাধীনত্ব বিষয়ে জীবের স্বেচ্ছাধীন অঙ্গ প্রত্যঙ্গ চালনাদি কর্ত্ত ব্রই প্রবল প্রমাণ, তবে যে অঙ্গ অবশীন্তুত হইরা অন্তঃকরণের দ্বারা চালিত হয় না তাহাতে প্রাণের সম্যক্গতিও থাকে না ইহা বিবেচনা করিতে হইবে। বিশেষতঃ মনের অনুগামি জীবসমূহের জন্ম মর-গাট্রি পুর্বেই নিরূপণ করা গিয়াছে]॥ >২॥

অনাদ্যবিদ্যানির্ব্বাচ্যা কারণোপাধিক্রচ্যতে। উপাধিত্রিতয়াদন্যমালানমবধারয়েং॥ ১৩॥

সংপ্রতি আত্মতত্ত্বকে কারণশরীর নির্দ্দেশপূর্বক উক্তোপাধিত্রয়ের বিপরীত বলিয়া নিরূপণ করি-তেছেন]। অনাদি অথচ স্বরূপতঃ ও গুণতঃ নির্ব্ব-চন করণাশক্যা যে অবিদ্যা তাহা কারণোপাধিরূপে উক্ত হয়। কিন্তু আত্মতত্ত্বকে উক্তোপাধিত্রয় হইতে ভিন্ন বলিয়া জ্ঞাত হইবে। [যেহেতু অবিদ্যাহইতে জাগ্রৎ স্বপ্নাদিময় সংসারসকল উদ্ভূত হয় এবং স্কয়্ব-প্রি সময়ে তাহাতে লীন হইয়া থাকে অতএব তাহা-কারণশরীর বলিয়া নির্দ্দিষা হইয়াছে]॥ ১৩॥

পঞ্কোষাদিযাগেন তন্তনায়ইব স্থিতঃ। শুদ্ধাত্মা নীলবস্ত্রাদিযোগেন ক্ষটিকোষ্থা॥ ১৪॥

্রিই রূপ আত্মার উপাধিত্রয়হইতে ভিন্নতা প্রতিপাদন পুরংসর অধুনা তাঁহার পঞ্চকোর্য বিলক্ষণতা-

অভিধান করিতেছেন]। যেপ্রকার শৃদ্ধ স্বভাব ক্ষ-টিক নীল বস্ত্রাদি যোগ হেতু তত্তদ্বস্ত্রের নীলতাদি বর্ণ ধারণ করে সেইরূপ অন্নময় প্রভৃতি পৃঞ্গ কো-যাদি যোগদারা আত্মা তত্তময় তুল্য হইয়া থাকেন। পিঞ্কোষের নাম অনময় কোষ, প্রাণময় কোষ, মনোময় কোষ, বিজ্ঞানময় কোষ, আনন্দময় কোষ। তমধ্যে পিতৃ মাতৃ ভুক্ত অন বিকার হইতে জাত স্থল দেহকে অন্নময় কোষ বলি কেননা কোষ योथकात थङ्गांनिटक आक्टानन करत प्रदेश সেই প্রকার আত্মাকে আচ্ছাদন করে অতএব তাহা কোষ পদে অভিহিত হয়। এতৎ কোষধর্মাধ্যানে আমি স্ল ও আমি ক্ল ইত্যাদি দেহধর্ম আত্মতে আরোপ হইয়া থাকে। প্রাণময় কোষ, দেহেন্দ্রিয়া দির চেটা সাধন প্রাণাদি বায়ু পঞ্চক। তদ্বার। আমি ক্রিয়াবান আমি ক্ষুৎপিপাসাবান এবম্পুকার প্রাণধর্ম আত্মাতে আরোপিত হয়। মনোময় কোষ মনোমাত্র, যন্ত্রারা অসন্দিগ্ধ আত্মার সংশয়বিশিউতা অধ্যাস হয়। বিজ্ঞানমর কোষ বুদ্ধি, তন্ধারা আমি কৰ্ত্তা ও আমি ভোক্তা ইত্যাদিৰপ বুদ্ধিধৰ্ম আত্মাতে আরোপিত হয়। আনন্দময় কোষ কারণোপাধি, তদ্বারা সামান্য প্রিয়মোদ রহিত আত্মার প্রিয়মোদ বিশিষ্টতা অধ্যস্তা হইয়া থাকে]॥ ১৪॥

বপুস্তবাদিভিঃ কোষৈযুঁজং যুক্ত্যবঘাততঃ॥ আত্মাননান্তরং শুদ্ধং বিবিচ্যাত গুলং যথা॥ ১৫॥

[অধুনা পঞ্কোষ হইতে আল্লাকে ভিন্নৰূপে বিবেটনা করিবার প্রকার কহিতেছেন]। যেপ্রকার অবঘাত দারা ধানা প্রভৃতির তুষাদি হইতে শুদ্ধ তওল গ্রহণ কর। যায়, সেইপ্রকার যুক্তিৰূপ অব-ঘাত ঘার। আলার দেহাদি কোষৰূপ তুষাদিকে ভিন্ন করিয়া বিশুদ্ধ আত্মতত্ত্বকে বিবেচনা করি**বে**। [দে যুক্তি এইৰূপ, এতদ্দেহ অ৷স্না নহে যেহেতু জড় এবং এতৎ প্রাণসমূহও আত্মা নহে যেহেতু বায়ু কে-ননা বাহু বারুর চৈতন্যাভাব প্রযুক্ত তাহারও *টৈতন্যাভাবতার সম্ভব আছে এবং এতৎ* মনও আক্সা নহে যেহেতু তাহ। বিকারি এবং বুদ্ধিও আত্মানহে যেহেতু তাহা স্বকীয় কারণীভূত অবিদ্যাতে লীন হওয়া প্রযুক্ত জড় এবং কারণোপাধিও আত্মা নহে যেহেভু তাহা সমাধিতে লয় হয়, অতএব এতৎ পঞ্চ কোষ হইতে ভিন্ন ও তদ্বিপরীত লক্ষণাক্রান্ত আ-ত্মতত্ত্ব ইহাই বিবেচনীয়]॥ ১৫॥

ঁসদা সর্ব্বগতোপ্যাত্মা ন সর্ব্বতাবভাসতে। · বুদ্ধাবেবাবভাসেত স্বচ্ছেষু প্রতিবিম্ববং॥১৬॥

[এইন্ধপে, আত্মার পঞ্চকোষ বিলক্ষণতা উক্ত করিয়া ইদানী তাঁহার সর্ব্বগতত্ত্ব বিষয়ক আশক্ষা পরিহার করিতেছেন]। আত্মতত্ত্ব সর্ব্বগত তথাপি সর্বত্র প্রকাশিত হয়েন না যেহেতু উক্ত সর্ব্ব পদার্থ মলিন অতএব তাহা কেবল বুদ্ধিতেই প্রতিভাস-মান হয়। এতদ্বিষয়ের দৃষ্টান্ত, যেপ্রকার স্থ্যাদির প্রতিবিশ্ব কোন মলিন বস্তুতে প্রকাশিত না হইয়। জলাদি স্বচ্ছ বস্তুতে প্রকাশিত হয় সেইবাপ ॥ ১৬॥

দেহে ক্রিয়মনো বুদ্ধি প্রকৃতি ভ্যোবিলক্ষণং। তদ্ধি সাক্ষিণং বিদ্যাদাস্থানং রাজ্বৎ সদা॥ ৮: ন

অতএব আত্মাকে দেহ ও ইন্দ্রিয় ও মন এবং বৃদ্ধি ও প্রকৃতি এতৎ সমস্তহইতে বিলক্ষণ অর্থাৎ বিপরীত লক্ষণাক্রান্ত ও উক্ত সমস্ত-ব্যাপারের সাক্ষী স্বৰূপ জ্ঞান করিবে। তাহাতে দৃষ্টান্ত যেপ্রকার রাজার ক্ষমতায় ক্ষমতাপত্র রাজপুরু-দেরা যেসকল কর্ম্ম করিয়া থাকে তাহাদিগের রাজাই এক প্রমাণ হয়েন অর্থাৎ রাজাজ্ঞা ব্যতিরেকে তাহাদিগের তাদৃশ সমর্থ হয় না যে তহািরা প্রজা প্রভৃতির শুভাশুভ কর্ম্ম দর্শন করে। সেইপ্রকার দেহেন্দ্রিয়াদিগণ যে সমুদায় ব্যাপার সম্পন্ন করে তাহাতে আত্মাই এক প্রমাণ হইয়াছেন, আত্মানা থাকিলে তাহারা কেহই স্ব স্ব্যাপারে ক্ষমৃতাপত্র হইত না॥ ১৭॥

ি ব্যাবৃত্তেদিন্দ্রিয়েদ্বাল্যা ব্যাপারীবাবিবেকিনাং। দৃশ্যতেহজেমু ধাবংস্থ ধাবন্নিব যথা শশী॥ ১৮॥ ইন্দ্রিরাণ স্ব স্থ বিষয়ে ব্যার্ত্ত হইলে আত্মতত্ত্ব অবিবেকিদিগের পক্ষে ব্যাপারশালীরূপে দৃশ্য হয়ে ন যেপ্রকার মেঘসমূহ ধাবমান হইলে চন্দ্রের ধাবমা নতা প্রতীত হইয়া থাকে ॥ ১৮ ॥

আত্মটৈতন্যমাশ্রিত্য দেহেন্দ্রিয়মনোধিয়ঃ। স্বকীয়ার্থেযু বর্ত্তন্তে স্থ্যালোকং যথা জনাঃ॥১৯॥

বেপ্রকার লোকসমূহ স্থর্য্যের আলোককে আশ্রয় পূৰ্ব্বক স্থীয়২ কাৰ্য্যে প্ৰবৃত্ত হয়, দেই ৰূপ আগ্ন চৈতন্যকে আশ্রয় পুরংসর দেহ ও ইন্দ্রিয় ও মন এবং বুদ্ধি ইছারা স্বস্থ বিষয়ে প্রবৃত্ত হইয়া থাকে। এতৎ পদ্যস্থ দেহেন্দ্রিয়াদি পদার্থের মধ্যে মনঃ পদার্থকে আগুনিক কোন যুবাগণ ঘাঁহার৷ বিজা-তীয় শাস্ত্রাধ্যয়নে প্রাপ্তসংস্কার হইয়াছেন তাঁহারা জড় বলিতে অস্বীকৃত হইয়া তাহাকেই চৈতন্যস্ব ৰূপ বলিয়া বিবেচনা করেন। কিন্তু তাঁহাদিগের পেই বিবেচনা সন্ধিবেচনার বহিভূতি। কেননা যে মনস্তব্ব শরীরের সহিত ভূয়োভূরঃ পরিবর্তিত হই তেছে একপ সবিক্রিয় বস্তুকে কি প্রকারে চৈতন্য স্বৰূপ বলা যাইতে পারে। দেখ বালাকালে আমা⁻ রদিগের মনঃ যপ্রকার অবস্থা প্রাপ্ত ছিল পৌগণ্ডা-দিক্রমে তাহার কত পরিবর্ত্তন হইয়াছে ইহা বিবে- । চনা করিলে এক স্বভাবাক্রান্ত এক ব্যক্তির মনের বারা পূর্বাপুর সকল কর্মা ক্লুত হইয়াছে তাহা বোধ হয় না। প্রত্যেকং অবস্থায় যখন তাহার এতাদৃশ অবস্থার প্রভেদ হয় তথন যে তাহা চৈতন্যস্থভাব হইবে ইহার সম্ভব কি? চৈতন্যপদার্থ স্থয়ং অবিক্রিয় এনিমিন্ত সর্ব্বকাল সমভাবস্থায়ী না বলিলে
বিশ্বাধার পরমাত্মাকেও সবিকার বলিতে হয় অথচ
তিনি নির্ব্বিকার চিন্মাত্র স্বরূপ বলিয়া সর্ব্বাদিমতে
প্রসিন্ধ আছেন। দেহের সহিত মনের অবস্থা প্রিবর্ত্তনের কথা কি কহিব তাহা কাম ক্রোধ শোক
বিষাদ দৈন্য ইত্যাদিঘারা ক্রণেংবিকার প্রাপ্ত হওয়া
কোন ব্যক্তির অপ্রত্যক্ষ, বিশেষতঃ মাদকাদি দ্রব্য
আহারজন্য তাহা কিরূপ অবস্থান্তর প্রাপ্ত হইয়া
থাকে তাহাতো বিবেচনা করিতে হয়। অতএব
মনস্তত্ত্বকে কদাপি চৈতন্য স্বরূপ বলা যাইতে পারে
না]। ১৯॥

দেহেন্দ্রিস্থণা নৃ কর্মাণ্যমলে সক্তিদাগুনি। অধ্যস্যতেহ্বিবেকেন গগণে নীলতাদিবৎ॥ ২০॥

থিদি বল আত্মটৈতন্যের আগ্রিত দেহেন্দ্রিয়াদির আত্মার সহিত প্রবৃত্তি না হইলে আমি স্থূল আমিক্ল আমি করি আমি যাই এরপ ভান কেন হইবে, অত-এব কহিতেছেন]। যেপ্রকার মেঘাদি শূন্য নির্মাল আকাশে দূরত্বাদি ব্যবধান জন্য নীলত্বাদির আরোপ হয়়, সেই প্রকার শুদ্ধ সজ্জ্ঞান স্থরপ আত্মাতে অবিবৈক্ষারা দেহেন্দ্রিয়াদির গুণ ও কর্ম সকল আরোপিত হইয়া থাকে। ২০॥ অজ্ঞানান্মানসোপাধেঃ কর্ত্ত্বাদীনি চায়নি। কল্পাতেইস্থাতে চক্রে চলনাদির্যথাস্ত্রসঃ। ২১॥

এইৰপ যেপ্ৰকার জলমধ্যে প্ৰতিবিশ্বিত ট্ৰু-মণ্ডলে জলীয় চলনাদি কম্পিত হয়, সেই প্ৰকার অজ্ঞানহেতু অন্তঃকরণোপাধির কর্তৃত্বাদি আত্মাতে কম্পিত হইয়া থাকে। ২১॥

ীরাগেচ্ছাত্থপুরুখাদিবুদ্ধৌ সত্যাং প্রবর্ততে। স্বযুপ্তৌ নান্তি তল্লাশে তত্মাদুদ্ধেন্ত নাত্মনঃ। ২২॥

অধুনা অন্তঃকরণধর্ম রাগেচ্ছাদির অনাত্ম ধর্মত।
প্রতিপাদন করিতেছেন]। যেহেতু মনুষ্যাদির জাগ্রহ ও স্বপ্ন এতত্ত্ত্য়াবস্থায় বৃদ্ধির সদ্ভাব নিমিন্ত
রাগ ও ইচ্ছা ও সুখ ও তুঃখপ্রভৃতি প্রবৃত্ত হয়, স্থ
মুপ্তিসময়ে উক্ত বৃদ্ধির স্বীয় কারণে লয় হইলে
প্রস্তাবিত রাগাদি থাকে না। সেইহেতু তৎসমস্ত
বৃদ্ধির গুণ কিন্তু আত্মার গুণ নহে। [তর্কশাস্তে
রাগেচ্ছাপ্রভৃতিকে আত্মার গুণ বলিয়া বর্ণন করেন
কিন্তু তাহা বেদ বিরুদ্ধ প্রযুক্ত তত্ত্বন্ত ব্যক্তির।
স্বীকরে করেন না। কারণ আত্মপদার্থকে বেদে
নির্ভূণ নিষ্ক্রিয় বলিয়া অভিধান করিয়াছেন। বিশেযতঃ রাগ ইচ্ছা স্থথ তুঃখপ্রভৃতি আত্মার গুণ হইলে
ক্র সকল তাহার স্বাভাবিকতাপ্রযুক্ত মুক্ত ব্যক্রিরও থাকিতে পারে অথচ সন্তাবিত হয় না, ক্রিরও থাকিতে পারে অথচ সন্তাবিত হয় না, ক্রিরন। বন্ধের ন্যায় মুক্তাবস্থাতেও যদ্যপি রাগে-

চ্ছাদি বিদ্যমান থাকে তবে বন্ধা ও মুক্ত এতগ্ৰু রের কিছুমাত্র বৈলক্ষণ্য থাকে না। যদি বল রাগেচ্ছাদি আরা ধর্ম হইলেও যেপ্রকার সূর্য্যকান্তের অগ্নিজন-কত্র গুণ স্বাভাবিক হইয়াও স্থর্যারশ্মির সংযোগ ভিন্ন উদয় হয় না তদ্ধপ আত্মাতে মনঃসংযোগ ব্যতিরেকে তাহা প্রকাশ পায় না। অতএব মুক্তব্যক্তির মনের সমাধানহেতু তদবস্থায় রাগাদির উদয় না হওয়া ও বদ্ধ ব্যক্তির হওয়া ইহাই বন্ধ মুক্তের প্রভেদক। উত্তর, ইহাও অযোগ্য কেননাযদ্যপি আত্মার রাগেচ্জ্য সুখ ছঃখপ্রভৃতি আত্মাতে মনঃসংযোগ ব্যতিরেকে উদয় না হয় তবে মুক্তব্যক্তির মনঃ সমাহিত হইলে তাহার সুখেরও উদয় হইতে পারে না, অথচ বেদে তে মুক্তব্যক্তিকে যে প্রমন্থী বলিয়াছেন ত। हः বিরুদ্ধ হয়। বিশেষতঃ মুক্তিতে যদাপি সুখ সম্বন্ধ ন থাকে তবে মনুষ্যগণ কি হেতু তাহাতে প্ৰহৃত্ত হ ইবে। অপর যদি বল, মক্তদিগের তাৎকালিক স্থ ছংখাভাবই দুখ তাহা হইলে অচেতন লোক খণ্ড কেও সুখী বলা যাইতে পারে। অতএব রাগেচ্ছাদি কদাপি আত্মার গুণ নহে॥ ২২॥

প্রকাশে হর্কস্য তোরস্য শৈত্যমগ্রের্যথোক্ষতা।
সভাবঃ সচ্চিদানন্দনিতানির্মালতাত্মনঃ ॥ ২৩ ॥

[আত্মার স্বভাব নির্বাচন দারা প্রতিপাদিতার্থই
স্থির করিতেছেন]। যেপ্রকার স্থর্য্যের স্বভাব প্রকাশ এবং জলের স্বভাব শীতলতা ও অগ্নির স্বভাব

উষ্ণতা, দেইৰূপ আত্মার সন্তা ওজ্ঞান ও আনন্দ ও নিত্যনিৰ্ক্মলতা এইৰূপ স্বভাব হুইয়াছে। [যথাৰ্থতঃ যেৰূপ স্থ্যাদির স্বীয়ং স্বভাব কদাপি অন্যথা হয় না-সেইৰূপ আত্মারও স্বকীয় স্বভাবের কথনই অন্য থাত্ব নাই। এনিমিত্ত তাহাতে রাগ দ্বেষ স্থ্য ছংখাদি নানাবিক্লদ্ধ ধর্ম সম্ভাবিত হুইতে পারে না ১২৩॥

আলনঃ সজিদংশ*চ বুদ্ধের্ব তিরিভিদ্বরং॥ সংযোজ্য চাবিবেকেন জানামীতি প্রবর্ত্ততে॥২৪॥

্যদি বল আত্মার সন্তাজ্ঞানাদি ভিন্ন অন্য স্বভাব না থা িলে, আমি জানি এই বাক্যে জ্ঞানের "আমি " এইৰপ অভিমানাবগাহিতা কি হেতু প্রতীতি হইয়া থাকে তাহাতে কহিতেছেন]। জীব, আত্মার সচিদং শ অর্থাৎ সন্তাত্মক জ্ঞানাংশ এবং বুদ্ধির রন্তিৰূপ অভি-মান এই তুই পদার্থকে অবিবেকহেতু সংযোগ করত আমি জানি এই বাক্য কহিতে প্রবৃত্ত হয়॥ ২৪॥

জাত্মনোবিকিয়া নান্তি বুদ্ধেবেণিধোনজান্থিতি। জ্বীবঃ সর্ব্বমলংজাত্বা জ্ঞাতা দ্রষ্টেতি মুহাতি॥ ২৫॥

অপিচ আত্মার বিক্রিয়া নাই ও বুদ্ধির জ্ঞান নাই কিন্তু জীব ঐ সমস্তকে মিলিত জানিয়া জ্ঞাতা ও দ্বফা এইৰূপে মুগ্ধ হুর॥ ২৫॥

রজ্জু সর্পবদায়ানং জীবোজারা ভয়ং বছেং। নাহং জীবঃ পরাত্মেতি জ্ঞানঞ্চেমির্ভয়োভবেং॥২৬।

[যদি বল জীবের কর্তৃত্ব ভোক্তৃত্বাদি সমুদায় অ-বিদ্যাধ্যস্ত হইলে সংসারাদির ভয় কি, অতএব কহি-তেছেন]। যেপ্রকার অনিবিড় অন্ধকারস্থিত র-জ্জুখণ্ডে পুরুষ বিশেষের হঠাৎ দর্প ভ্রম হইলে বিবৈচনাদার৷ যাবৎ তাহার যথার্থ তত্ত্ব অবগম না হয় তাবৎ মানসিক ভয়োদয় হইয়া থাকে। সেই প্রকার অভয়স্বৰূপ আত্মাতে জীবত্ব আরোপিত কুরি-য়া সেই জীব ভয়প্রাপ্ত হয়, পশ্চাৎ যদ্যপি আমি জীব নহি কিন্তু পরমাত্মা এইৰূপ জ্ঞান করে তবে সেই পরমাত্মতত্ত্ব জ্ঞানহেতু কম্পিত জীবত্বের বিনাশ হইলে স্থুতরাং নির্ভয় হয়। [এবিষয়ে কেহ২ বিত-ক করেন যে রজ্জুখণ্ডে যে সর্পভ্রান্তি হইয়া থাকে নেই দর্প অবাস্তবিক বটে, ফলতঃ পূর্ব্বদৃষ্ট দর্পের বান্তবিকতা না হইলে তাহা রজ্জুখণ্ডে আরোপিত হইতে পারে না। কারণ যে ব্যক্তি বাস্তবিক সর্প কথনই দর্শন করে নাই তাহার কি তাদৃশ ভ্রম হই-বার সম্ভাবনা থাকে, কেননা দধিতে আকাশপুষ্পের ভ্রম হওয়া কাহারো দৃষ্ট ও সম্ভাবিত হয় নাই। অত-এব যদিও তোমাদিগের মতে এতৎ সংসার ভ্রম-কম্পিত হউক তথাপি এবন্বিধ বাস্তবিক কোন সংসার অবশ্যই থাকিবে নচেৎ ভ্রমসিদ্ধি কেন হইবে। এজন্য যদ্যপি ভ্রমসিদ্ধির নিমিত্ত অন্য সংসারের সত্যতার অপেক্ষা হইল তবে এতৎ সংসারকে সত্য বলিলে হানি কি। যদ্যপি ইহাতে অধৈত হানি বিবেচনা কর তবে তাহাতেও অদৈতহানি কিহেতু না হইবে। উত্তর, অমরা ভ্রমসিদ্ধির নিমিন্ত
আরোপ্য পদার্থের স্থানান্তরীয় সত্যতা স্বীকার
করি না কেবল তদ্বিষয়ক মানসিক পূর্ব্বসংস্কারকে
ভ্রমসিদ্ধির কারণ বলি। অতএব অনাদি প্রবাহপতিত পূর্ব্বই সংসারের সংস্কার উত্তরোত্তর সংসার
ভ্রমের কারণ হয়, উক্ত সংস্কারও মায়িক এনিমিন্ত
আমাদিগের অদৈত হানিও হয় না]॥২৬॥

আত্মাবভাসয়ত্যেকোবুদ্ধ্যাদীনীব্রিয়ানি হি । দীপোষটাদিবৎ স্বাত্মা জটড়ৈটস্তর্মাবভাস্যতে ॥ ২৭॥

যিদি বল আত্মার বুদ্ধীন্দ্রিয়াদি অবভাসকতা স্থী-কার না করিয়া বুদ্ধীন্দ্রিয়াদির আত্মাবভাসকতা স্থী-কার কেন না করি, তাহাতে কহিতেছেন]। যে প্রকার প্রজ্বলিত প্রদীপ ঘটাদি সমুদায়কে প্রকাশ করে ও উক্ত সমুদায় বস্তু তাহাকে প্রকাশ করিতে পারে না। সেই প্রকার আত্মা, বুদ্ধি ও ইন্দ্রিয়সক-লকে প্রকাশ করেন কিন্তু জড়স্বভাব উক্ত বুদ্ধীন্দ্রি-য়াদিদ্বারা তিনি প্রকাশিত হয়েন না॥ ২৭॥

স্বোধে নান্যবোধেচ্ছা বোধৰূপতয়াত্মনাঃ। নদীপস্যান্যদীপেচ্ছা যথা স্বাত্মপ্রকাশনে॥ ২৮॥

অপিচ যে প্রকার প্রজ্জালিত প্রদীপের স্বাবয<u>়র প্রকাশের নিমিত্ত অন্য দীপের অপেক্ষা করে না</u>
 সেই প্রকার অ্যন্থার স্বীয় জ্ঞানের প্রতি জ্ঞানান্তরের

অপেক্ষা নাই। যেহেতু আত্মার স্বন্ধ জ্ঞানস্বৰূপতা নিশ্চিতা আছে॥ ২৮॥

নিষিধ্য নিখিলোপাধীলেতি নেতীতি বাক্যতঃ ! বিদ্যাদৈক্যং মহাবাকৈয়জীবাত্মপর্মান্মনোঃ॥ ২৯॥

[অধুনা আত্মতত্ত্ব জ্ঞানের প্রকার কহিতেছেন]।
ইহা আত্মা নহে, ইহা আত্মা নহে এইপ্রকারে আত্মার
পূর্ব্বোক্ত দেহেন্দ্রিয়াদি সমন্ত উপাধিকে নিষেধ করিয়া তত্ত্বমসি অর্থাৎ সেই পরমাত্মা " তুমি " এই
মহাবাক্যদারা সমস্ত নিষেধের অবধিভূত জীবাত্মা
পরমাত্মার ঐক্যকে জ্ঞাত হইবে ॥ ২৯॥

আবিদ্যকং শরীরাদিদৃশ্যংবৃদুদ্বং ক্ষরং। এতদ্বিলক্ষনং বিদ্যাদহং ব্রফোতি নির্মালং॥৩০॥

অবিদ্যা নির্মিত শরীরাদি দৃশ্য অর্থাৎ জ্রের পদার্থ সকল জলবুদ্বুদ তুলা নশ্বর, ইহা হইতে বিরুদ্ধ ল ক্ষণাক্রান্ত নির্মাল ব্রহ্মপদার্থ " আমি" এইরূপ জ্ঞান-ক্রিবে॥ ৩০॥

দেহান্যবাসমে জন্ম জবাকার্শ্যলয়ালয়ঃ।
শব্দাদিবিষ্ট্যঃ সঙ্গোনিরিক্রিয়ত্যা ন চ॥ ৩১॥

যেহেতু আমি দেহহইতে ভিন্ন অতএব জরা বা ক্লশতা কিয়া লয়প্রভৃতি আমার নাই এবং আমার ট্রন্দ্রিয়শুন্যতা হেতু শব্দ স্পর্শ রূপ রূম গন্ধ এই সকল বিষয়ের সহিত সম্বন্ধ নাই॥ ৩১॥ অমনস্থার মে ছংখরাগদ্বেষভয়াদরঃ॥
অপ্রাণোহ্বমনাঃ শুভ ইত্যাদি শ্রুতিশাদনাৎ॥ ৩২॥
আমার মনঃশূন্যতাপ্রযুক্ত রাগ ও দ্বেষ ও ভরপ্রভৃতির সদ্ভাব নাই যেহেতু শ্রুতিতে আত্মা অপ্রাণ ও অমনা ও স্বচ্ছ এই প্রকার শাসন দৃষ্ট হয়॥ ৩২।

নিগুনিষ্ক্রিয়োনিতানির্বিকল্লোনিরঞ্জনঃ।
ু নির্ব্বিকারোনিরাকারোনিতামুজোহন্মি নির্মালঃ।৩৩।
আমি নিগুণ ও নিষ্ক্রিয় এবং নিতা ও বিকম্পনর্হিত ও নিরঞ্জন অর্থাৎ অবিদ্যামালিন্য বজ্জিত ও বিকারহীন ও আকারশূন্য এবং নিতামুক্ত ও নির্মালস্বরূপ হইয়াছি॥ ৩৩॥

অহমাকাশবং সর্ববহিরস্তর্গতোহচ্যুতঃ।
সদা সর্বসমঃ শুদ্ধোনিঃসঙ্গোনির্মলোইচলঃ॥৩৪॥
এবং আমি আকাশের ন্যায় সকল বস্তুর বাহাও
অন্তর্গত এবং চ্যুতিরহিত ও সর্বকালে সর্ব্ব বস্তুতে
সম অথচ শুদ্ধ ও নিঃসঙ্গ অতএব মালিন্যরহিত
ও অচল অর্থাৎ স্বৰূপ বা স্বভাবহুইতে চলিত
নহি॥ ৩৪॥

নিত্যশুদ্ধ বিমুক্তৈকমখণ্ডানন্দমদ্বরং।
পত্যং জ্ঞানমনন্তং যং পরং ব্রহ্মাহমেব তং॥ ৩৫॥
অপর আমি এক নিত্যশৃদ্ধ মুক্তস্থৰূপ ও অদ্বিতীয় অথণ্ডানন্দ স্বৰূপ অথ্চ সত্য ও জ্ঞান ও জ্ঞান নম্ভৰূপি যে পরব্রহ্ম উক্ত আছে সেও আমি॥ ৩৫॥ এবং নিরন্তরং কুদ্বা ত্রক্রৈবাশীতি বাসনা।
হরত্যবিদ্যাবিক্ষেপান্ রোগানিব রসায়নং॥৩৬॥
[আত্মজ্ঞান প্রকারকে উপসংহরণ করিতেছেন]।
এইৰূপ নিরন্তর চিন্তা করিলে আমি ত্রন্ধ এই প্রকার সংস্কার জাত হইয়া অবিদ্যাবিক্ষেপরাপ সংসার
কার্য্যসমূহকে হরণ করে। যেৰূপ রসায়ণনামক
উষ্ধি রোগনিচয়কে হরণ করিয়া থাকে॥ ৩৬॥

বিবিক্তদেশআসীনোবিরাগোবিজিতেক্রিয়ঃ। ভাবয়েদেকমান্মানং তমনন্তমনন্যধীঃ।। ৩৭॥

[অধুনা তদ্বিষয়ক উপযোগ কহিতেছেন]। নিজ্জন স্থানে উপবেশনপূর্বক বিরাগ অর্থাৎ বিষয়
ভোগাদিতে রাগশূন্য ও জিতেন্দ্রিয় হইয়া অন্য বৃদ্ধি
পরিত্যাগ পুরঃসর সেই অন্তর্রহিত এক আত্মাকে ভাবনা করিবে। [বিষয় ভোগাদিতে অভিলাব সত্ত্বে
জিতেন্দ্রিয় বা তত্ত্বজানাধিকারী হইতে পারে না যেহেতু তদাভিলাববশতঃ চিত্তর্হির ইতস্ততঃ বিক্ষেপ
হইয়া থাকে এনিমিন্ত কদাপি অনন্যবৃদ্ধি হয় না
অতএব আপনাকে সম্যক বিষয়ভোগে বিরক্ত জানিয়া আত্মতত্ত্ব অনুসন্ধান করা আবশ্যক, নতুবা
উভয় পথহইতে ভ্রম্ট হইতে হয়। এতজ্ঞনাই
নচিকেতার প্রতি তত্ত্বজ্ঞান কথনের পূর্বের ধর্মারাজ
ত।হার অধিকারিত্ব পরীক্ষার নিমিন্ত নানা বিষয়ভোগের প্রলোভ দশাইলে তিনি তদভিলাবশূন্য-

হেতু তাহাঁতৈ অস্বীকৃত হইবায় তাঁহাকে প্রাপ্তাধিকার জানিয়া তত্ত্বোপদেশ করেন, ইহা কঠোপনিষ-দের প্রথমেই অধিকারি নিদি টি করণনিমিত্ত আখ্যা-য়িকারূপে উক্ত হইয়াছে] ॥ ৩৭ ॥

আত্মনোবাখিলং দৃশ্যং প্রবিলাপ্য ধিয়া স্থবীঃ। ভাবয়েদেকমাত্মানং নির্ম্মলাকাশবং সদা॥ ৩৮॥

সুধী ব্যক্তি স্বকীয় বুদ্ধির দারা দৃশ্যমান অর্থাৎ জ্ঞায়মান সমস্ত বস্তুকে লয় করিয়া নির্ম্মল আকাশের ন্যায় একমাত্র আত্মাকে সর্ব্বদা ভাবনা করিবে। [উক্তৰূপ লয় করণের প্রকার মানবশাস্ত্রে উক্ত আছে। যথা " খং সন্নিবেশয়েৎ থেষু চেইনস্প-র্শনেহনিলং। পঁক্তিদৃষ্ট্যোঃ পরং তেজঃ স্লেহেই-পোগাং চ মূর্ত্তিষু। মনসীনদুং দিশং শ্রোত্রে ক্রান্তে বিষ্ণং বলে হরং। বাচাগ্লিং মিত্রমুৎসর্কে প্রজ-নে চ প্রজাপতিং ''॥ অর্থাৎ বাহুস্থিত মহাকাশকে শরীরাকাশে লর করিবে এবং বাছ বায়ুকে দৈ-হিক বায়ুতে লয় করিবে এই প্রকার স্থর্যা ও অগ্নির তেজকে চক্ষুতে ও জঠরাগ্নিতে এবং জলকে দৈহিক জলে ও পৃথিবীকে শারীরিক পার্থিবাংশেও চন্দ্রকে খনেতে দিকসকলকে শ্রোতেতে ও বিষণুকে গতি-শক্তিতে হরকে বলেতে অগ্নিকে বার্গিন্দ্রিয়েতে মিত্রকে পার্যিক্রিয়েতে প্রজাপতিকে উপত্থে লয় ক রিবে॥ ৩৮॥

ৰূপবৰ্ণাদিকং সর্ব্বং বিহায় পরমার্থবিং। পরিপূর্ণচিদানন্দস্বৰূপেণাবতিষ্ঠতি॥৩৯॥

[অধুনা নির্ব্ধিকণ্প সমাধি কহিতেছেন]। পর-মার্থজ্ঞ ব্যক্তি ৰূপবর্ণাদি সমুদায় পরিত্যাগপূর্ব্ধক পরিপূর্ণ জ্ঞানানন্দস্বৰূপে অবস্থান করিবে। ৩৯।

জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়ভেদঃ পরান্মনি ন বিদ্যুতে। চিদানন্দস্বৰূপত্বাদ্দীপ্যতে স্বয়ুমেব হি॥ ৪০॥

পরমাত্মাতে জ্ঞাতা ও জ্ঞান এবং জ্ঞেয় এতদ্ধপ প্রভেদ নাই কিন্তু তিনি জ্ঞানানন্দস্বৰূপহেতু আ্বা-পনি প্রকাশমান হয়েন॥ ৪০॥

এবমাস্থারণৌ ধ্যানমথনে সততং কৃতে। উদিতাবগতিজ্জালা সর্বাজ্ঞানেক্ষনং দহেৎ॥৪১॥

[উপসংহরণ করিতেছেন]। এইপ্রকার আত্মা-ৰূপ অরুণীতে সতত ধ্যানৰূপ মথনক্বত হইলে জ্ঞানৰূপ ত্মালা উদিতা হইয়া সমস্ত অজ্ঞানৰূপ কাষ্ঠকে দগ্ধ করে॥ ৪১॥

আৰুণেটনৰ বোধেন পূৰ্ব্বস্তুৎ তিমিরে হতে। ততআবিৰ্ভবেদাত্মা স্বয়মেবাংশুমানিব॥ ৪২ ॥ ১

স্থা যেপ্রকার উদয়ের পূর্ব্বে স্বকীয় রশ্মির অরুণতাদ্বারা তমোনফ করিয়া পশ্চাৎ উদয় হয়েন সেইপ্রাকার জ্ঞানচ্ছটাদ্বারা অজ্ঞান তিমির বিনাশন পূর্ব্বক তদনস্তর স্বয়ং আত্মা আবিস্তৃতি হয়েন॥ ৪২॥ আসা তু সততং প্রাপ্তোপ্যপ্রাপ্তবদবিদ্যয়া। তন্নাশে প্রাপ্তবদ্ধতি স্বকণ্ঠাভরণং যথা॥ ৪৩॥

প্রাপ্ত আত্মার পুনঃ প্রাপ্তি কিপ্রকারে সঞ্চতা হয় তাহা কহিতেছেন]। আত্মতত্ত্ব সদাপ্রাপ্ত হইয়াও অবিদ্যাহেতু অপ্রাপ্তের ন্যায় হয়েন, অবিদ্যার
নাশ হইলে তিনি পুনঃ প্রাপ্তবৎ ভাসমান হইয়া থাকেন। তাহাতে দৃষ্টান্ত, যেপ্রকার কোন ব্যক্তির
স্থানীর কণ্ঠস্থিত আভরণ বিশ্ব্তি হইলে তাহা তৎসমম্যে অপ্রাপ্তবৎ বোধ হয় পশ্চাৎ ভ্রমান্তে স্মরণ
করিয়া প্রাপ্ত বস্তর পুনঃ প্রাপ্তি বিবেচনা করে সেইকপ॥ ১৩॥

স্থাণী পুরুষবদ্ধান্ত্যা কৃতা ব্রহ্মণি জীবতা।
জীবস্য তাহিকে কপে তুমিন্ দৃষ্টে নিবর্ত্ত। ৪৪॥
যেপ্রকার সামান্য ব্যক্তি জান্তিঘারা স্থাণুতে পুরুষ বৃদ্ধি করে সেইপ্রকার অবিদ্যাদ্ধারা ব্রহ্মতে জীবত্ব কৃত হয়, কিন্তু জীবের যাথার্থিকস্বরূপ সেই ব্রহ্মতত্ত্ব সাফাৎকৃত হইলে উক্ত জীবস্বজান্তি নির্ত্তা হইয়া থাকে॥ ৪৪॥

তর্পবাপাতভবাত্ৎপরং জ্ঞানমঞ্চা।
. অহং মনেতি চাভানং বাধতে দিগ্ত্রমাদিবং ॥ ৪৫॥
তর্মকাপ অনুভবজন্য যে জ্ঞান তাহা অচিরাৎ
" আমি ওআমার" এইৰূপ অজ্ঞান বিনাশ করে যেপ্রকার দিক্তব্লাদি জ্ঞান হইবামাত্র দিগ্তুমাদি বিন্ফী
হয় সেইকৃপ ॥ ৪৫॥

সম্যক্ বিজ্ঞানবান্ যোগী স্বাল্লন্যেবাথিলং জগং॥ একঞ্চ সর্বমাল্লানমীক্ষতে জ্ঞানচক্ষুষা॥ ৪৬॥

[অধুনা ,সবিকণ্প সমাধি কহিতেছেন]। সম্যক্ অনুভববিশিষ্ট যে যোগী তিনি স্বকীয় আত্মাতে অ-থিল সংসারকে এবং সমস্ত সংসারে এক আত্মাকে জ্ঞানচক্ষুদ্বরা দুর্শন করেন॥ ৪৬॥

আঁত্যৈবেদং জগৎ সর্ব্বং আক্রনোহন্যন্ন কিঞ্চন। । মূদোযদ্বৎ ঘটাদীনি স্বাত্মানং সর্ব্বমীক্ষতে ॥ ৪৭॥

আত্মাই এতৎ সমস্ত জগৎ অ; ক্লাহইতে ভিন্ন অপর কিছুই নাই, যেৰূপ মৃত্তিকাই ঘটাদিসমূহ বস্তু সেই-ৰূপ স্বকীয় আত্মাই সমস্ত বস্তুস্বৰূপ হইয়াছেন এই-ৰূপ সৰ্ব্ব দৃটি করেন॥ ৪৭॥

জীবন্মু ক্তন্ত তি বিবান্ পূর্ব্বোপাধিগুণাং স্ত্যজেৎ। সচ্চিদানন্দ্রপত্তং ভজেৎভ্রমরকীটবং॥ ৪৮॥

[অধুনা জীবন্মুক্তলক্ষণ কহিতেছেন]। জীবন্মুক্ত তত্ত্বজ্ঞব্যক্তি পূর্ব্ব দেহেন্দ্রিয়াদি উপাধির গুণ সন্থ্হ ত্যাগ করেন এবং তৈলপায়ী যেপ্রকার প্রগাঢ় চি-ন্তাদারা ভ্রমরকীটত্ব প্রাপ্ত হয় সেই প্রকার তিনি সর্ব্বদা অনুশীলন বশতঃ সচ্চিদানন্দস্বৰূপতা প্রাপ্ত-হয়েন॥ ৪৮॥

তীর্বা মোহার্গবং হরা রাগদ্বোদিরাক্ষসান্। বিশোস সর্বসমাযুক্ত আত্মারামোবিরাঙ্গতে॥ ৪৯॥

🗕 ভগবান্ 🕮রাম যেপ্রকার সমুদ্র উল্পেনপূর্বক

রাক্ষসমূহকে বিনাশ করত স্থক্সদ অমাত্য সমাযুক্ত হইয়া বিরাজমান ছিলেন সেইপ্রকার মোহসমুদ্র
উত্তীর্ণ হইয়া রাগদেষাদি রাক্ষসনিবহকে সংহরণ
পুরংসর যোগিব্যক্তি জ্ঞান বৈরাগ্যাদি সমাযুক্ত আমারাম হইয়া বিরাজিত হয়েন ॥ ৪৯ ॥

বাহানিত্যস্থাসক্তিং হিত্তাল্লস্থনির্তঃ। ঘটস্থাপবং শশ্বদন্তরের প্রকাশতে॥৫০॥

বাহ্য অনিত্য-সুথ-বিষয়ে আসক্তি ত্যাগ পূর্ব্বক আত্মস্তর্থে নির্বৃত হইয়া ঘটস্থ দীপপ্রভার ন্যায় অ-ন্তরেই প্রকাশমীন থাকেন॥ ৫০॥

উপাধিস্থোপি তদ্ধদৈর্মার্নলিপ্রোধেব্যামবন্মুনিঃ। সর্ক্ষবিন্মূ চুবন্তিঠেদসক্রোবায়ুবচ্চরেৎ॥ ৫১॥

মননশীল ব্যক্তি উপাধিস্থিত হইয়াও উপাধি ধর্ম দ্বারা লিপ্ত হইবে না এবং সর্ব্বক্ত হইয়াও মূচ্বৎ থাকিবে ও বায়ুবৎ অসঙ্গৰূপে বিচরণ করিবে॥ ৫১॥

উপাধিবিলয়াদ্বিষ্ণৌ নির্বিশেষং বিশেমু নিঃ।

-জলে জলং বিয়দ্যোমি তেজস্তেজনি বা যথা॥ ৫২॥

প্রমেশ্বরে উপাধি বিলয় হইলে মননশীল ব্যক্তি নির্ব্বিশেষ ব্রহ্মে প্রবেশ করেন। যেপ্রকার জলে জল'আকাশে আকাশ তেজে তেজ প্রবিষ্ট হয়।৫২।

যলাভানাপুরোলাভো ষৎস্থখানাপরংস্কথং।

যজ্জানানাপরং জানং তভু ক্ষেত্যবধাররেও। ৫৩॥

[যদিবল ব্রুক্ষেতে তাদৃশ লয় হইতে লোকের প্র-

রুত্তি হইবে কেন, কারণ যাহাতে কোন লাভ বা কোন সুপ থাকে তাহাতেই লোক সকল প্রবৃত্ত হয়, এবিষয়ে কহিতেছেন]। যে লাভ হইতে অপর কোন লাভ নাই ও যে ৃসুখহইতে অপর কোন সুখু নাই এবং যে জ্ঞান হইতে অপর কোন জ্ঞান নীই তা-হাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে অর্থাৎ ব্রহ্ম লাভ হইতে অপর কোন লাভাদিই গরিষ্ঠ নহে, এতাবতা তাহাতে অবশ্বই লোকপ্রবৃত্তি হইবে। [বস্তুতঃ সাংসারিক লাভাদিজনা যে কোন প্রকার স্থ হইনা থাকে তাহা সমস্তই আলম্বরূপের প্রতি-চ্ছবি যেহেত্ আত্মাভিন্ন অপর কোন বস্তই সুথ প-দার্থ নহে যে তাহা বিষয়োপভোগকালে চন্দনাদি-বৎ শরীরে আগত হইয়া লিও হয়। এই পরম স্থস্বৰূপ আত্মা অবিদ্যা বিক্ষেপ বশতঃ জীবোপা-ধি প্রাপ্ত হইলে তাঁহার তত্ত্পাধিভূত অন্তঃকরণ আ বহুমান কালাবধি নানা কামনাকলুবদারা আর্ভ হেত সমস্ত কামনা পূরণের অভাবে সর্বাদ। ছুঃখান্বি তপ্রার বোধ হইয়া থাকে। কিন্তু কোন সময়ে তাঁ হার উক্ত কামনা সমূহের কোন অংশ পূরণ হইলে সম্ভোষালুৰপ কিঞ্ছি সুধানুভব হয়। ইহাতে দৃষ্টান্ত, যেপ্রকার মহা প্রভাবিশিক্ট আদিত্যমগুল 撓বিড় মেঘাবলিদ্বারা আরত হইলে তাহার আলো কময় জ্যোতিঃসমূহ সম্যক্ৰপে প্ৰাণিনিচয়ের দৃষ্টি গোচর হয় না পরে মন্দ্র বায়ুর ছারা যৎপরিমাণে

সেই মেঘরনদ চালিত হয় তৎ পরিমাণেই তাহার নির্মাল জ্যোতিঃ প্রকাশ হইয়া থাকে সেইপ্রকার বিধি বাসনাবাদিত অন্তঃকরণদ্বারা আরুও আত্মতত্ত্ব স্বয়ং সুথস্বরূপ হইয়াও প্রাণিসমূহকে সম্যক্ সুখী করিতে পারেন না, কিন্তু বখন তাহাদিগের অন্তঃকরণন্থা কোনং বাসনা পূর্ণা হইয়া যে পরিমিত স্থোষ জলা সেই পরিমাণেই কামনামালিন্যের কিঞ্চিৎ স্বচ্ছতা উদয় হইলে তাহাতে পর্ম সুখরূপ আত্মার প্রতিচ্ছবি প্রকাশ পায়, এইহেতু তৎকালে আমি সুখী বলিয়া জীবসকল অভিমান করে। বদ্যাপ সুখন্বরূপ আত্মপদার্থ অন্তঃকরণের সন্তোষ রভিতে এতদ্ধপে প্রকাশ হইয়া থাকেন তবে সমস্ত কামনাত্যাগরূপ মহাসন্তোবে যে মহাস্থখের উদয় হয় ইহাতে সংশয় কি॥ ৫৩॥

যদ্ है । নাপরং দৃশুং যন্ত ত্বা ন পুনর্ভবঃ। যজ্জাহা নাপরং জেয়ং তদু ক্ষেত্যবধারয়েৎ।৫৪॥

অপিচ যাহাকে দর্শন করিলে অপর কিছু দ্রুফ্টব্য থাকে না ও যাহাহইলে পুনর্বার হইতে হয় না এবং যাঁহাকে জানিলে অপর কোন জ্ঞানের আবশ্যক নাই ভাঁহাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে॥ ৫৪॥

তির্ব্যপূর্দ্ধমধঃ পূর্ণং সচ্চিদানন্দমদ্বয়ং। অনস্তং নিতানেকং যৎ ত**দ্বন্ধেত্যব**ধারয়েং॥ ৫৫॥ এবং যিনি তির্যাক ও উর্দ্ধ অধঃ সর্বাত্র সন্তা ও জ্ঞান এবং আনন্দদারা পূর্ণ অধচ অদ্বিতীয় অর্থাৎ তদ্ভিন্ন অপর পদার্থ রহিত ও অনন্ত এবং নিত্য ও এক অর্থাৎ সঞ্জাতীয় দ্বিতীয়বস্তু বজ্জিত তাঁহাকে ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে॥ ৫৫॥

অভদ্যাবৃত্তিৰূপেণ বেদাক্তৈৰ্লক্যতেইদ্বয়ং। অখণ্ডানন্দমেকং যৎ তদু ক্ষোত্যবধারয়েৎ॥ ৫৬॥১

কিঞ্চ যিনি বেদান্তবাক্যদ্বারা অতদ্যারন্তি অর্থাৎ এতন্ন২ এই রূপে সমগ্র প্রপঞ্চ পদার্থ নিষেধ ক-রিয়া স্বয়ং যাহা নিষিদ্ধ না হয় তক্ত্রপে লক্ষিত হয়েন এবং যাঁহাহইতে ভিন্ন দ্বিতীয়বস্তু নাই ও যিনি নিরব-ছিন্ন আনন্দস্বরূপ এবং এক অর্থাৎ সজাতীয় ভেদ-শূন্য তাঁহাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে॥ ৫৬॥

অখণ্ডানন্দকপদ্য তদ্যানন্দলবাশ্রিতাঃ। ব্রহ্মাদ্যাস্থারতম্যেন ভবস্ত্যানন্দিনোভবাঃ।। ৫৭॥ সেই অথণ্ডানন্দৰূপ পরব্রব্দের আনন্দলবকে আ-শ্রুয় করিয়া ব্রহ্মাদি দেহিগণ স্ব স্থ উপাধি তার্তম্য-হেতু তরতমকপে আনন্দিত হয়েন॥ ৫৭॥

তদ্যুক্তমখিলং বস্তু ব্যবহারস্থদন্তিই।
তথ্যাৎ সর্ব্বগতং ব্রহ্মক্ষীরে সপিরিবাধিলে॥ ৫৮॥
বৈহেতু সেই ত্রন্ধের সহিত অখিল বস্তুগণ যুক্ত
আছে এবং যাবতীয় ব্যবহার তদ্ধারাই অন্বিত হই-

স্থ্রহন্তর এীযুক্ত বারু অনঙ্গমোহন মিত্র, মহাশরেষ।

দ্বিন্যু নিবেদ্ন্যিদং



নচন্দ্রের জীবনবৃত্তাস্ত আনি আ পনার নামে প্রতিষ্ঠিত করিতেছি বহুদিন আপনার সহিত সৌহার্দ্র-স্থাত্রে বন্ধ থাকিয়া, এক ধর্ম্মের

আশ্রয় লইয়া, অনেক বিষয়ে ঐক্যত্য হইয়া, আফি কোন কোন মহত্তর ব্যক্তি সত্ত্বেও মহাশয়ের নাম দারা স্থকীয় পুস্তককে সুশোভিত করিতে মানস করিয়াছি। পরমেশ্বর আপনার মনকে বে সকল মহদ্ওণের আধার করিয়াছেন, তাহা আপনার মিত্রমগুলীর মধ্যে বিশেষ পরিজ্ঞাত আছে। স্বদেশের পুরাবৃত্তচর্চায় আপনার অনুরাগ-সামান্য নহে; অসাধারণ বুদ্ধিকোশল প্রকাশ করিয়া আপনি মহাভারতের যে যথার্থ তত্ত্ব প্রকাশ করিয়াছেন, তাহা প্রচারিত হইলে সকলে অবশ্য

চমৎকৃত ইইবেন, এবং আপনাকে ধন্যবাদ করিবেন। পরমেশ্বরের নিকটে আমার একান্ত প্রার্থনা এই বে তিনি আপনাকে দীর্ঘজীবী করুন, তাহা ইইলে দেশের অনেক উপকার ইইতে পারিবে।

অতিবাধ্য

প্রীরাখালদান হালদার।

খিদিরপুর ১লা ভাক্ত, ১৭৭৬'।

বিজ্ঞাপন ৷

তাহারই অন্তর্মন্তী ছিল। রামচন্দ্র সেই সকল মহাত্যাদিগের মধ্যে এক জন, বাঁহারদের জীবনচরিত বচনা
করা পণ্ডিতেরা প্লাঘার বিষয় বোধ করেন—বাঁহারদের
দত্পদেশপূর্ণচরিত্র পাঠ করিয়া সারপ্রাহি লোকেরা
কৃতার্থন্মন্য হয়েন। জীরামের জীবনবৃত্ত বিষয়ে
নানাভাষায় নানা গ্রন্থ প্রচলিত আছে। ভারতবর্ধ
মধ্যে যে যে ব্যক্তির কবিত্ব বিষয়ে অভিমান ছিল,
প্রায় সকলেই কোন না কোন প্রকারে রামচন্দ্রের কার্তি
বর্ণন করিয়া আপনারদের লেখনীর সার্থকতা সম্পাদন
করিয়াছেন। তাঁহার এত জীবনবৃত্তান্ত সত্তে যে আমি

* অনেক কর্দো ব্যাপৃত থাকা প্রযুক্ত উক্ত প্রস্তাব শেষ করা হয় নাই। এই ক্ষুদ্র পুস্তক প্রকাশ করিতে অগ্রসর হইয়াছি, ইহার কতিপয় কারণ পাঠকবৃদ্দকে অবগত করা কর্ত্তরা। প্রথমভঃ। দৃষ্টাস্ত দ্বারা দেখিতেছি যে ইউরোপে প্রাচীন কালে যে সকল ব্যক্তি কীর্ত্তি লাভ করেন, তাঁহারদের শত শত জীবনচরিত সঙ্গেও এক্ষণে অনেকে লিখিতেছেন।

দ্বিতীয়তঃ। রামচন্দ্রের বত জীবনবৃত্তান্ত আছে, সমস্তই কাব্যের ন্যায় রচিত; যথার্থন্ধপে কেহই লেখেন নাই; এই অভাবকে দুর করা কর্ত্তব্য বোধ করিয়াছি।

ভূতীয়তঃ। শুভাভিপ্রায় করিয়া আমি ইহা রচন। করিয়াছি।

বদিও রামের প্রত্যেক কার্য্য এই পুস্তকে সন্ধানিত হয় নাই বটে, কিন্তু, বোধ করি, কোন সত্য এবং উপদেশজনক বিষয়কে ইচ্ছাপুর্বক পরিত্যাগ করঃ যায় নাই। যদিস্যাৎ কোন কোন পাঠক এই পুস্তক পাঠ করিয়া অভিসামান্য পরিমাণেও উপকার বোধ করেন, তবে আমার বত্বকে সফল বোধ করিব।

রা, দা, ই:

থিদিরপুর, ১ লা ভাদ্র, ১৭৭৬ শক্।

প্রীরামচরিত।

~<0>>>

ক্রুল্লের রামচন্দ্রের মাধুর্য্যসম্পন্ন নাম এতদ্দেশীর 🔊 🎚 আবালবৃদ্ধবনিতা সকলেরই মনে প্রগাঢ়-🖏 🕷 ৰূপে মুদ্ৰিত আছে; তদীয় পবিত্ৰ চরিত্ৰ কীর্ত্তনপুর্ব্বক কত শত কবি অমরকীর্ত্তি লাভ করিয়া-ছেন। কি এক দেবোচিত অসাধারণকার্য্যদারা তিনি আমারদের উপকার করিয়া গিয়াছেন, যে তাঁহার নাম ও চরিত্রকে ভুলিতে পারা যায় না। কোন স্বর্গোপযুক্ত-পদার্থপূর্ণ অক্ষয়শীল ভাগুাগার সহ তাঁহার চরিত্রের তুলনা দেওয়া অত্যুক্তি নহে। ক্রমাগত চারি দহস্র বৎসর লোকে ভাঁহার নামোচ্চারণ করিয়াছে—ভাঁহার চরিত্রের বারম্বার পর্য্যালোচনা করিয়াছে; তথাপি এখন ও তাহা আনন্দকর ত্তন বলিয়া প্রতীত হইতেছে। রাণচন্দ্র যথার্থতই এক সর্ববোকপ্রিয় রাজত্রেষ্ঠ মহাত্মা পুরুষ ছিলেন, তাহাতে সন্দেহ নাই। পৃথিবীর সহিত «আততায়িৰূপে যুদ্ধ করিয়া যবননূপতি দিক**ন্দ**র যদি এক জ্বন প্রশংস্য বোদ্ধা হয়েন; নেপোলিওনের দিথি-জয় সময়ে ইউরোপীয় লোকদিগকে যথাকথঞ্চিদ্রপে সাহায্য করিয়া মস্কোবিপতি আলেকজাগুর যদি "ইউ-্রোপের পরিত্রাতা" উপাধির যোগ্য হয়েন; তবে আ-

নারদের রামচন্দ্র, যিনি স্বদেশের—এই বৃহত্তম ভারত রাজ্যের—অতীব অধমাবস্থায় জন্ম গ্রহণ করিয়া তাহার সৌভাগ্যসুখ সমানয়ন করেন, যিনি নিম্কলক চরিত্রের এক আৃশ্চর্য্য অতুন্য প্রায় দৃষ্টাস্ত প্রদর্শন করিয়া গিয়াছেন; তাঁহাকৈ এতদ্দেশের স্বভাবতঃ অত্যক্তি-প্রিয় পণ্ডিতেরা যে ঈশ্বর বলিয়া বর্ণনা করিয়াছেন, ইহা কোন মতেই বিচিত্র নহে। বস্তুতঃ অলক্ষারশাস্ত্রে মনুষ্যকে ঈশ্বর বলিবার যদি কুত্রাপি কোন প্রকারে বিধি থাকে, তবে রামচন্দ্র অবশ্যই সেই উপাধির উপ-যুক্ত। তাঁহার গুণের তুলনাস্থল কি চুর্লভ! তিনি গৃহ মধ্যে থাকিয়া স্বকীয় অপার উদার্য্যন্তণ এবং বদান্য স্বভাব বশতঃ যদ্রপ পিতা, মাতা, ভাতা, ভার্য্যা, সুক্ৎ, এবং দীন দরিদ্র জনগণের পরম প্রীতি পাত্র হইয়াছি-লেন, সিংহাসনস্থ ইইয়া অপক্ষপাতসম্পন্ন সুবিচারদারা প্রস্থাবর্গহইতে তদ্রপ ধন্যবাদ উপার্জন করিতেন, এবং অমিততেজ্বঃপ্রভাবে সংগ্রামস্থলে আততায়ি শক্রদল নিপাত পূৰ্ব্বক দেই ৰূপ যশোভাজন হইতেন। দিক-ক্ষর, বোনাপার্ত্তি, এবং সুইদেনের ছাদশ চার্ন্সের ন্যায় তিমি যদি দেশ জয় মাত্রকে আপনার অভিসন্ধি করি-তেন, তবে এক্ষণে তাঁহার নামোচ্চারণ মাত্রে আমারদের অন্তঃকরণে যে এক অপ্রব্ব ভাবের আবির্ভাব হইতেছে, ভাহা কদাপি হইত না। বস্তুতঃ যে সকল ব্যক্তি জ্বন-সমাজে সৌজন্যমূল্যে ব্যর্থ গৌরব মাত্র ক্রয় করিবার শালদায় যুদ্ধ বিগ্রহাদি উৎপাত স্থন্ধন করেন, ভাঁহারা কদাপি আমারদের শুভকারী নহেন; তাঁহারা মনুষ্যের উপদেশ পথের কন্টক স্বৰূপ; তাঁহারদের চরিত্র সর্ব্বধা দুষ্ণীয়। কিন্তু প্রত্যুত আততায়ি নিবারণার্থে—আত্মরকার্থে—স্বদশের মঙ্গল সম্পাদনার্থে—যাঁহারা যুদ্ধত্রতে ব্রতী হয়েন, তাঁহারদের কার্যকে দূষ্য বলিয়া বিবেচনা করা উচিত নহে। শ্রীরাসচন্দ্র এই শেষোক্ত শ্রেনি মধ্যে গণনীয়, তাহাতে সন্দেহ নাই। পশ্চাল্লিখিত প্রস্তাবদ্রারা ইহা সপ্রমাণ হইবে।

--00--

প্রথমতঃ রামচন্দ্রের জন্মকানীন ভারতবর্ষের কীদুশী অবস্থা ছিল, তাহা অবগত হওয়া আবশ্যক। অতএব এস্থলে তদিময়ের উল্লেখ করা যাইতেছে।

রামচন্দ্রের পিতা রাজা দশরথ পৃথিবীপুজ্য স্থর্যাকুলে উৎপন্ন হইয়াছিলেন; তিনি শর্যুতীরস্থা লোকবিশ্রুতা অযোধ্যা নগরীতে রাজত্ব করিতেন। তৎকালে ভারত বর্ষে অপর বহু নৃপতি সত্বেও বংশমর্য্যাদা হেতু তাঁহার বংশপ্র সম্প্রম ছিল। কিন্তু তিনি এক জন কামভোগপ্রিয় ব্যসনাসক্ত পুরুষ ছিলেন; কোন মতেই রাজ সিংহাসনের উপযুক্ত ছিলেন না। তিনি কৌশল্যা, কেক্য়ী, এবং সুমিত্রা নায়ী রাজকুমারীক্রয়ের পানিগ্রহণ করেন, এবং অন্যান পঞ্চাশদধিক সপ্তাশত র্মনীকে উপপ্রত্নী রাখিয়াছিলেন; ইহারদিগকে লইয়াই তিনি নিরস্তর অন্তঃপুর মধ্যে কাল যাপন করিতেন, রাজ কার্য্যের প্রতি দ্কুপাত্রও করিতেন না। যদিও এ বিষয়ে ইদানীস্তন কোন কোন হেলু নৃপতির নিকট দশরণের পরান

জয় স্বীকার আছে,* তথাপি সাত শত পঞ্চাশ স্ত্রীকে গ্রহণ করাও যে জগদীখরের নিয়মবিরুদ্ধ বিগর্হিত কর্ম্ম, তাহাতে সন্দেহ কি ? যাহা হউক, যৎকালে তিনি অভিহিতপ্রকারে কামিনীগণ সঙ্গে ক্রীড়াকুতুহলে কাল হরণ করিভেছিলেন, তখন ভারতবর্ষ মধ্যে মহা মহা রাজবিপুর দকল উপস্থিত হইতেছিল। কেবল আন্তরিককলহের দ্বারা এ সমস্ত ব্যাপারের স্থত্রপাত হয় নাই; কিন্তু বিদেশীয় কোন পরাক্রাস্ত রাজার প্রভাব ও ভারত রাজ্য মধ্যে পরিব্যাপ্ত হইবার উপক্রম হইতে-ছিল। বিপদের সময় চুর্গতি চতুর্দ্দিক্ হইতে উপস্থিত হয়। তৎকালে যে সকল ব্যক্তি ভারতবর্ষের আর আর অংশে রাজসিংহাসনাক্ত ছিলেন, সময় দোষে তাঁহারাও দশরথের ন্যায় অন্যায্যসুখাসক্ত হইয়াছিলেন। তৎ সময়ে এই বুহদ্দেশ কি তুর্দ্দশায় পতিত হয়! বোধ হইতেছে, যখন মাহমুদশাহ ভারতবর্ষের ধনাপহরণ করেন, প্রস্তাবিত সময়ের উপমা তাহারই সহিত উপযুক্ত। আর্য্য লোকেরা আপনারদের চুর্ভাগ্য আ-পনারাই স্তম্বন করিয়াছিলেন। তাঁহারা আপনারদের মধ্যে—ব্রাহ্মণ ক্ষত্রিয় পরস্পর—তুমূল বিবাদ আরন্ধ

^{*} যথা, রাজা মানিলিংহের ১৫০০ উপপত্নী ছিল।
† কৃত্তিবাদ লিখিয়াছেন, বে একদা রাজ্য মধ্যে অনাবৃষ্টি হইলে দশরথ শনির নিকট গমন করেন, এবং
শনির দৃষ্টি প্রযুক্ত আকাশহইতে পতংমান্ হইয়াছিলেন; মধ্যপথে জটায়ু পক্ষী তাঁহাকে আশ্রুয় দেয়।
এই ৰূপকের তাৎপর্য্য পশ্চাৎ ক্রমে প্রকাশিত হইতেছে।

করিলেন; ইহাতে দেশের অমঙ্গল হইবার অসম্ভাবনা কি? তাঁহারদের বিবাদের কারণ স্পষ্টই প্রতীত হই-তেছে; --ব্রাহ্মণেরা বহুকালাবধি ধর্ম্ম বিষয়ে লোক-দিগের উপর আধিপত্য প্রাপ্ত হইয়াছিলেন; কিল্ড অতিরিক্ত ক্ষমতা মনুম্যের নিকট অপব্যবহৃত হঁয়, ইহা প্রদিদ্ধ আছে; তদনুসারে ব্রাহ্মণেরা কালক্রমে বিলক্ষণ অত্যাচাররত হইয়া উচিলেন। সমস্ত লোক তাঁহারদের নিকট নতমস্তক থাকুক, শ্রমমাত্রোপজীবী লোকেরা সর্ব্বস্থ দান করিয়া তাঁহারদের লোভানলকে চরিতার্থ করুক, এরূপ অভিলাষ তাঁহারদের এক প্রকার সংস্কার দিদ্ধ হইয়া উঠিল। কিন্তু ক্ষত্রিয়েরা অন্যান্য লোকের পুর্বেই এই অভিদন্ধির মর্ম্মোদ্ভেদ করিতে দমর্থ হইলেন। ব্রাহ্মণদের প্রাধান্য হেতু ক্ষত্রিয়দিগের টর্ম্যা পরতন্ত্র হওয়াও কিছু আশ্চর্য্য নহে; কলভঃ যে কোন অভিপ্রায়ে হউক, ক্ষত্রিয়েরা মহাবিবাদের স্থত্রপাত করিলেন। ব্রাহ্মণেরাও তখন চুর্বল ছিলেন না; তাঁহারা বশিষ্ঠ, পরস্তরাম প্রভৃতি সংগ্রামপ্রিয় ব্রাহ্মণের অধীনে ক্ষত্রিয়দের বিরুদ্ধে যুদ্ধ করিয়া কখন জয়ী কখন বা পরাজিত হইয়াছিলেন। এবস্পুকারে এতদ্দেশে আ-স্তরিকবিরোধের সৃষ্টি হয়। পুরাণে এতদ্ব্যাপারকে তুৰহ ৰূপকে পরিবৃত করিয়া রাখিয়াছেন*।

^{*} পুরাণে লিখিত আছে, যে একদা ইংহয় দেশের অধিপতি যদ্ধবংশীয় কার্ত্তবীর্যার্জ্বন, জনদয়ি নানক ব্রান্ধণের গৃহহুইতে গোবৎস অপহরণ করাতে জনদয়ি

এক দিকে এই সকল আন্তরিককলহের দ্বারা এত-দ্রান্ত্যের ভূমনী অনিপ্রসংঘটনা হইতেছিল; অন্য দিকে এক বিদেশীয় রাজা ক্ষমতাসম্পন্ন হইয়া ভারত-বর্ষকে অধিকার করিতে চেপ্তা করিতেছিলেন। রাবণের শোর্যবার্য্য এতদ্দেশীয় প্রায় সমস্ত লোকেই প্রভ আছেন। তিনি সমুদ্রপরিবেষ্টিত সেই অপূর্ব্ব প্রদেশে রাজত্ব করিতেন, যাহা 'আদি কবি' কর্জ্ক "স্বর্ণময়ী লক্ষা" বলিয়া উক্ত হইয়াছে। বস্তুতঃ দুপ্রসারিত শস্য

তনয় পরশুরাম তাহার প্রাণ সংহার করেন; কার্ন্তবীর্য্যের পুলেরা বৈরনিষাতনার্থ জমদগ্রিকে বিনষ্ট করিলেন; অপিচ পরশুরাম ক্ষত্রিয় বংশ ধ্বংস করণার্থ প্রতিজ্ঞা-ৰাঢ়হইয়া বহুভাগে দিদ্ধাভীষ্ট হইলেন। কিন্তু গাভী বত্দাপহরণ মাত্র যে এই মহারাজবিপ্লবের হেডু; ইহা কৌন মতেই যুক্তি সিদ্ধ বোধ হয় না। পোরানিক মতে ইহার কোন বিশেষ তাৎপর্য্য থাকাই সম্ভব। ব্রাহ্মণ ক্ষত্রিয়দিগের বিবাদ বিষয়ে আর এক আখ্যান প্রচলিত আছে, বে জনদগির মাতুল বিশামিত্র স্থাবংশপুরো-হিত বশিষ্ঠের কামধেন্ত্র হরণ করিতে চেপ্তা করিয়া-ছিলেন। এবং তজ্জন্য তাঁহারদের মধ্যে মহাবিবাদ উপস্থিত হয়। এখানে জিজ্ঞান্য, ক্ষত্রিয়ের দারা ব্রান্ধ-ণের গাভী হরণ মাত্রই কেন এই সমস্ত কলহের কারণ হইতেছে? আমারদের বোধ হয় যে ব্রাহ্মণদের জ্ঞান চৰ্চ্চা এবং ধৰ্ম্ম বিষয়ে আধিপত্য গাভী বৎদ শব্দদারা প্রতিপাদিত হইয়াছে। এতদমুদারে প্রর্বোক্ত দিদ্ধাস্ত সম্পূৰ্ণ যুক্তিসম্মত হইতেছে।

ক্ষেত্র, শ্যামলবর্ণসমন্থিত বৃক্ষত্রেণি, বহুপশুসমাকীর্ণ. গহন কানন, সমুচ্চভক্তমুকুটিভ পর্বত নিঁচয়, নির্মাণ জনতরঙ্গিণী প্রভৃতি দারা সুশোভিত—সুবর্ণ, পদ্মরাগ, গোমেদক প্রভৃতি প্রচুর বহুমূল্য রক্মারা পরিপ্ররিত, লকা দ্বীপ তাদুশী উপাধিরই উপযুক্ত বটে*; রাবণ এই বিচিত্র সর্থধামের অধীশ্বর ছিলেন। তাঁহার শারীরিক तरनत महिक मानमिक तरनत मोमामृश्य हिन। निकन्नत, হানিবল্য নেপোলিওন্ প্রভৃতি বীরদিগের সহিত তাঁহার বীরত্ব তুলনা করিলে অসমত হয় না। তিনি বর্ত্তমান্ ইংরেজদের ন্যায় রাজকোশল প্রকাশ করিতেন। যেমন পঞ্চনদেশ্বর রণজিত সিংহের প্রাফুর্ভাবকালে ইংরেজেরা তাঁহার যথেষ্ট সম্মান করিতেন; কিন্তু তাঁহার অবিদ্য-যানতায় শিখ্দিগের গৃহ মধ্যে কলহ উপস্থিত হুইলে উাহারা মধ্যহইতে পঞ্জাবের স্বাধীনতা গ্রাহণ করিয়াছেনঃ তেমন, ষর্থন ব্রাহ্মণ ক্ষত্রিয়দের ইতরেতর সংগ্রাম দ্বারা ভারতবর্ষের অতীব ছূরবস্থা উপস্থিত হইল, তখন রাবণ রাজা এই দায়াজ্যকে আক্রমণ করিতে আরম্ভ করি-লেন। তিনি ইহার অনেক অংশকেই এক প্রকার निर्सिवारम कत्रजनम् कतिराज ममर्थ हरेरमन।

^{*} বোধ করি, লক্ষা ও সিংহল (শীলন) নাম যে এক দীপেত্রই প্রতিপাদক, ইহা এক্ষণে প্রদর্শন করা বাহুল্য। ইহা গ্রীক্দের প্রন্থে টাপুরাবণ ও আরবদের প্রন্থে সরন্দীব নামে আখ্যাত হইয়াছে। প্রমাণ আছে যে এই ক্ষণকার অপেক্ষা লক্ষার আয়ত্রন পুর্বের অধিক ছিল।

ি কিন্তু ভারতবর্ষীয় লোকেরা সময় ক্রমে আপনারদের অবিবেচনার ফল প্রতীত হইলেন। স্বন্ধাতির মধ্যে বিবাদ প্রযুক্ত দেশের স্বাধীনতা পর্যান্ত লুপ্ত হইবার উপক্রম হইল, ইহা দেখিয়া ঐকপরামর্শের আবশ্যকতা সহজেই উপলব্ধ হইতে পারে। যদিও তাঁহারা তখন সমস্ত বিবাদ বিসন্ধাদ বিসর্জন দিলেন, তথাপি সর্ব্বোপরি সেনাপতি হইয়া রাবণের সমকক্ষতা করিতে পারেন এমত কোন নূপতি ভারতবর্ষে বর্ত্তমান ছিলেন না; তাঁহারা ইন্দ্রিয়সুখে অভিভূত হইয়া পৌরুষহীন হইয়া ছিলেন। পরস্তু, বিপতিস্থানন পরমেশ্বরের এমনি মঙ্গলন্মর নিয়ম ষে সেই বিষম সঙ্কট সময়ে মহাআ রামচন্দ্র আবির্ভূত হওত জন্মভূমির ছৃংখ মোচন করিয়া আর্য্য নামের গৌরব রক্ষা করিলেন।

-00-

দশরথের জ্যেষ্ঠা পত্নী কৌশল্যাগর্ভে শ্রীরামচন্দ্রের জন্ম হয়*; তাঁহার জন্মকালীন বিবরণ বঙ্গদেশীয় প্রাচীন কবি কর্ম্কুক বিচিত্রভাবে বর্ণিত হইয়াছে; যথা—

> " অবোধ্যায় জন্ম যদি নিল নারায়ণ। লক্ষায় অমঙ্গল দেখে লক্ষার রাবণ॥ আচন্ধিতে রাবণের সিংহাসন দোলে। দশ মুকুট খনে তার পড়ে ভূমি তলে॥

^{*} চৈত্র মাদের নবমী তিথিতে তাঁহার জন্ম হইয়াছিল।

দশ মুখে হায় হায় করে দশানন । আচম্বিতে মুকুট খদিল কি কারণ ?" কৃত্তিবাদ।

রামচন্দ্র যথোপযুক্ত বয়সে বিদ্যাভ্যাদে ওপ্রত্ত হয়েন। বোধ হইতেছে যে তিনি ধর্মনীতি, রাজনীতি, বেদ, এবং অস্ত্রবিদ্যা প্রভৃতি শিক্ষা করিয়াছিলেন। ভবিষ্যতে যে এক জন মহৎ মনুষ্য হইবেন, রামচন্দ্র বাল্যাবস্থাতেই তাহার লক্ষণ প্রকাশ করিয়াছিলেন। যৌবনে প্রবেশ করিতে না করিতে তাঁহার বীর্ষ্য প্রদর্শননের বিলক্ষণ অবকাশ সমাগত হইল।

একদা নৈথিল রাজ্যে বিশ্বামিত্র প্রভৃতি শ্ববিগণ ব্জ্ঞান করিতেছিলেন; কিন্তু অবৈদিক অসভ্য লোক সকল, বাহারা বাল্লীকি কর্তৃক 'রাক্ষস†'বলিয়া আখ্যাত হইয়াছে, তাহারদের দৌরাত্যো অভিহিত শুভকার্য্য সমাধা করা সুকঠিন হইয়া উঠে। মুনিরা ইহার প্রতি-

 কবিরা রাবণকে দশানন নাম দিয়াছেন; মন্তুষ্যের দশমুগু হওয়া সম্ভব নহে, ইহা বলা বাস্তল্য মাত্র। বস্তুতঃ উক্ত নাম প্রদান দারা রাবণকে বস্তু নপতি এবং বীরের সমান বলা অভিপ্রায়।

† অ্দ্যাপি যাঁহারদের রাক্ষনদিগকে মন্থ্যারিক্ত প্রাণি বলিয়া বিশ্বাস আছে, তাঁহারা ৫৬ সংখ্যা তত্ত্বোধিনী ়পত্রিকা দেখিবেন। বিধানার্থ দশর্থ বাজার সাহায্য প্রার্থনা করিতে যনস্থ করিলেন; তদসুসারে বিশ্বামিত্র মুনি ধন্তর্কেদবিশারদ গ্রীরামচন্দ্রকে আনয়ন জন্য অযোধ্যা পুরীতে গমন করিলেন। দশর্থ প্রথমতঃ সম্মত হইলেন না; কিন্তু বিশ্বামিত্রের পৌনঃপুনঃ অনুরোধে রাম এবং তদীয় বৈমাত্রেয় ভ্রাত। লক্ষণকে ষাইতে দিলেন। বাল্মীকি লেখেন বে জ্রীরাম পথি মধ্যে তাড়কা নামী রাক্ষসীকে নিপাত করেন। কিন্তু তাড়কা রাক্ষমীর তাৎপর্য্য কি? অবোধ্যা এবং মিথিলার নধ্যে এক ক্ষমতাশালিনী অবৈ-**षिका उपनीत अवस्थि किबार मस्रव? এই मकन** প্রমের উত্তর প্রদানে আমরা সমর্থ নহি। কণ্পনারাক্ষীর অধিকারের ইয়ন্তা নাই; ভাঁহার সুবিস্তৃত রাজ্যে মানব-দৈত্য, সঙ্গীতনিপুণ বানর, উড্ডীয়মান্ পর্বত, বাথি-দ্যাবিশারদ বৃক্ষ প্রভৃতি কত প্রকার অন্তুত ব্যাপার প্রত্যক্ষ হয়; অতএব কম্পনাধিকৃত জগতের অন্তর্ভুত পদার্থকে সর্ব্বথা এই পরিদৃশ্যমান্ বিশ্বস্থিত বস্তুর সহিত ঐক্য করা সুদুরপরাহত, সন্দেহ নাই। যাহা হউক, ভাড়কা বিষয়ে আমরা এক্ষণে কিছুই অবধারণ করিতে পারিলাম না। তাড়কাবধানস্তর রামচন্দ্র বথাকালে मुनिमिर्शंत ज्लावरन जैलनीज हरेलन; धवर जना-য়ানে অসভ্য লোকদিগকে পরাজয় করিলেন। তথন শ্বিদিগের যক্ত সম্পন্ন হইবার কিছু মাত্র ন্যাঘাত अभिन मा। अत्रोगहस धरे कार्ण क्छकार्या इरेल তাঁহার ষশঃ সৌরত সমস্ত মিথিলা রাজ্যে পরি-বাাপ্ত হইল।

তৎকালে শিরোধ্যক্ত নামক রান্ধর্মি মিথিলার অধিপতি ছিলেন; তিনি ইক্ষাকুপুত্র নিমি ইংতে অধাধংক্রমে ত্রয়োবিংশতিতম পুরুষ। শিরোধ্যক্তের সীতা নামী এক বরাঙ্গন্ধপোপেতা ছহিতা ছিল। তিনি তাৎকালিক রাজাদের বিশেষ প্রথানুসারে এক ধন্থ রক্ষা করিয়া প্রতিক্তা প্রচার করিয়া দিয়াছিলেন যে যে ব্যক্তি সেই শরাসনকে টক্কার দিয়া ভগ্য করিতে সমর্থ হইবে, সে ব্যক্তি তাঁহার কন্যার পাণিগ্রহণ করিবেক। অনেক যুদ্ধসমর্থ রাজা এই ছুন্ধহ কার্য্য সম্পান্ন করিতে সক্ষম হয়েন নাই; তথন বিখামিত্র রামচম্রকে ভ্রিয়ে উচ্যুক্ত হইতে পরামর্শ দিলেন। জ্রীরাম সভাবতঃ যেন্ত্রপ বলবীর্য্যসম্পন্ন ছিলেন, তাহাতে তাঁহার পক্ষে এই কার্য্য অসাধ্য ছিল না। তিনি বিশ্বা-

^{*} কথিত আছে বে নিমিরান্ধার মৃত শরীর সুগন্ধি তৈল ও সম্জ্রসদ্বারা অভিরক্ষিত হইমাছিল; অতপ্রব বোধ হইতেছে বে আর্ব্যেরা মিসরদেশ প্রেনিন্ধ পুতিনিরসন-ক্রিয়া অনবগত ছিলেন না। ক্ষন্দ পুরাণীয় কালীখণ্ডে এক ব্রাহ্মণের বিবরণ আছে, বিনি স্বকীয় জননীর মৃত শরীরকে সেতুবজ্বরামেশ্বরহইতে কাশীধামে নয়ন করেন। এই উদ্দেশ্য সাধনার্বে তিনি প্রথমতঃ সেই মৃত্শরীরকে পঞ্গব্যে ধৌত করেন্, পরে যক্ষকর্দম দ্বারা অনু-লেপিত করিয়া উপর্য্যুগরি নেত্রবন্ধ, পট্টাম্বর, সুরস বন্ধ, মৃঞ্জিষ্ঠা, এবং নৈপাল কম্বলদ্বারা পরিবৃত করিয়া এক তামুসম্পুট মধ্যে রক্ষা করেন। Wilson's Vishnu Puran,

মিত্রের পরামর্শে সন্মত হইয়া শিরোধ্বন্ধ নিকেতনে গমন করিলেন, এবং বাহুবলে সেই তুর্ভেদ্য সুদুদুকোদগুকে ধণ্ড ২ করিয়া সমস্ত মিথিলাকে চমৎকৃত করিলেন। শিরোধ্বন্ধের কন্যা সম্পুদানের কিছুমাত্র আপত্তি রহিল মা; কেবল অবোধ্যা হইতে দশরথকে আনমনের অপেক্ষা থাকিল। দশরথ দূত প্রমুখাৎ পুক্রের অতুল কীর্ত্তিবার্ত্তা অবন করিয়া অতীব হর্ষ প্রাপ্ত হইলেন, এবং অনতিচিরকাল মধ্যে মিথিলা রাজ্বধানীতে উপনীত হইলেন। তদনস্তর অতি সমারোহ পুর্বাক্ষ বৈদিক বিধানে উদ্বাহ সংস্কার সম্পন্ন হইল; তদনস্তর দশরথ স্বীয় রাজ্ব-পাটে প্রভাবর্ত্তন করিলেন। পথি মধ্যে পরশুরামের সহিত সাক্ষাৎ হইবার যে প্রশক্ষ প্রসিদ্ধ আছে, শ্রীরামের যশং প্রচারদ্বারা পরশুরামের কীর্ত্তি ম্লান হওয়াই তাহার তাৎপর্য্য হইতে পারে।

---00---

কিয়ংকালানন্তর, দশরথ রাজ্যশাসনে আপনার অক্ষনতা বিলক্ষণৰূপে প্রতীত হইলেন; এবং উপযুক্তপুত্র রামের হস্তে রাজ্যভার সমর্পণ করিয়া নিশ্চিন্ত হইতে মানস করিলেন। উদ্ধ প্রস্তাব প্রজাবর্গের পক্ষে মহানক্ষকর হইল। তাহারা দশরথের রাজত্বকালে নিরুপদ্ধের নিরবচ্ছিয় শান্তির সহিত কদাপি কাল্যাপন করিতে পায় নাই; কেবল দেশের সুক্টিন নিয়ম প্রযুক্ত অত্যাচার সহ্থ করিতেছিল। পরে এখন, বর্ধন দশরথ স্বয়ং রাজ্পদ পরিত্যাগ করিয়া তাহা গ্রীরানচন্দ্রকে

ঞাদান করিবার ইচ্ছা প্রকাশ করিলেন, তখন ভাহারদের অধিকতর আনব্দের বিষয় আর কি হইতে পারে? বস্তুতঃ দশরথ আপনার অভিপ্রায় প্রকাশ করিবা মাত্রেই রামের রাজ্যাভিষেকের আয়োজন হইল, অধােধ্যাবাদি লোকসকল হর্ষমদে মত্ত হইল, এবং মৃতন রাজাহইতে স্বদেশের গৌভাগ্যোম্বতির প্রতীক। করিতে লাগিল। কিন্তু দৈবের কি বিচিত্রা গতি! প্রজাদকল ষদ্রপ সহ্রচিত্ত ছিল, অত্যাপ্সকালমধ্যে তদপেকা চতুর্ত্তণ গভীর বিষাদ সমুদ্রে নিমগ্ন হইল। যিনি এক পৃথিবীপুজ্য রাজনিংহাদনে অধিকঢ় হইতে যাইতেছিলেন, ভাঁহাকে নিবিড নির্জন কানন মধ্যে নির্যাত হইতে হইল! এই মহাপরিবর্ত্তনের কারণ ব্যক্ত করিতে শরীর রোগাঞ্চিত হয়। রা**জা দশরধ** বার্দ্ধক্যপ্রযুক্ত স্বকীয় দ্বিতীয়া মহিনী পাপীয়দী কেকয়ীর অতিশয় বাধ্য ছিলেন। কেকয়ীর কদাপি ইচ্চা ছিলনা যে তাহার আপনার পুত্র ভরত সত্ত্বে রাগচন্দ্র রাজ্যাভিষিক্ত হন। এই হেডুক রামের অভি-खरकत श्र्वमितरम म शैनतूषि इक् ताकारक म**ा**तक করিয়া আত্মঅভিনাষ প্রকাশ করিন*। দশরং তাহা

^{*} কথিত আছে, দশরথ কোন যুদ্ধে আঘাত প্রাপ্ত হুইনে কেন্দ্রী নেই কতশোষণ করিয়া তাঁহার প্রিয়পাত্রী হয়; এইরূপ ইঙ্গুলণ্ডের রাজা প্রথম এড্বার্ডর শরীর মুসলগান্দের সহিত যুদ্ধে ক্ষত বিক্ষত হুইলে উাহার পত্নী ইনিঅনোরা উপরোক্ত প্রকারে তাঁহার প্রাণ রক্ষ্য করেন! এসকল কেবল গম্প যাত্র।

আবণ করিয়া বজুাঘাতপ্রাপ্তবং মুচ্চাপন্ন হইয়া পড়ি-লেন। জ্রীরাম এই সংবাদ অবণ করিয়া পিতৃসন্নিধানে আগ্রান করিলেন; এবং পিতাকে নেই আনন্দকর-দিবদে সাতিশয় বিষাদান্তিত দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন। কেৰ্ম্মী ভাঁহাকে স্পষ্টৰূপে কহিল যে তিনি ভরতকে রাজ্য দিয়া বনে গমন করিলেই সকল বিষয় সৃস্থির হয়। বিমাতার হৃদয় এমত কঠিন—ভাঁহার বাক্য এমত নিষ্ঠুর হওয়া কোনগতে আশ্চর্য্য নহে; কিন্তু রামচফ্র তাহাতে কিছুমাত্র থিন্ন হইলেন না। প্রত্যুত, অরণ্য-গমনে প্রতিজ্ঞান্ হইয়া তিনি রাজপরিচ্ছদের পরি-বর্ত্তে বনোপযোগিবস্ত্র পরিধান করিলেন, এবং শুরুতর ব্যক্তিবর্গের নিকট বিদায় লইয়া অরণ্যে প্রয়াণ করি-লেন। তাঁহার পতিপ্রাণাভার্য্যা ও সর্কাদানুগত অনুজ লক্ষণকে কেহই ক্ষান্ত রাখিতে পারিলেক না; তাঁহারা রামচন্দ্রের পশ্চাদ্যামী হইলেন। ধৈর্য্য ও পিতৃভক্তির কি অসাধারণ উদাহরণত্তল! বিশেষ বিশেষ কার্য্যার্থে অনেকে প্রাণ পর্যান্ত পরিত্যাগ করিয়াছেন, কিন্ত তন্মধ্যে অনেকে নিরুপায় হইয়া ভাহা সন্থ করিয়াছেন; রামচন্দ্রের বিষয় তাদুশ নহেঃ রাজ্য লাভে তাঁহার সম্পূর্ণ অধিকার—সম্পূর্ণ ক্ষমতা—সম্পূর্ণ উপায় ছিল; রাজ্যের সমস্ত প্রজা তাঁহার অনুকুল ছিল ; কিন্ত, তথাপি পিত্রাজ্ঞাপালন তিনি এক্রপ কর্ত্তব্য জানিতেন, যে তমিমিত্ত এক অতুলবিভবসম্পন্ন রাজ্যকেও তৃণজ্ঞানে পরিভার করিতে সমর্থ হইলেন। তৎকালে অযোধ্যা-নগরীতে মহাবিভাট্ উপস্থিত হইল; পুর্বকার আনন্দ

কোলাহল ক্রন্দনে পরিণত হইল; সমস্ততঃ হাহাকার ধুনিমাত্র শ্রুত হইতে লাগিল। রাজাদশরথ এই সমস্ত বিভাটের মধ্যেই মৃত্যুর গ্রোসে পতিত হইলেন।

य९काटन অर्यााधाीय এইनकन भरहा९भाज उपिञ्च হয়, তখন ভরত পঞ্চনদাস্তর্গত কৈকয়দেশে মাতৃ-লালয়ে বাস করিতেছিলেন; তিনি উপরোক্ত বিষয়ের বিন্দুবিদর্গ ও জানিতেন না। তৎপরে অবোধ্যাহইতে প্রেস্থাপিত দূত প্রেমুখাৎ তিনি দমস্ত বৃত্তান্ত প্রবন করিলেন, এবং প্রবর্ণ করিয়া যে প্রকার কাতর হইলেন, তাহা কথনাতীত। তিনি পাষাণহৃদয়া কেকয়ীর গর্ভ-জাত পুত্র ছিলেন বটে, কিন্তু তাঁহার চরিত্র তদ্রুপ ছিল না; এই সকল শোক জনক বৃত্তান্ত তাঁহার হৃদয়ে শেলবৎ প্রবিষ্ট হইল। তিনি সম্বরে অযোধ্যায় আগ-মন করিলেন; এবং দশরখের অভিরক্ষিত মৃতশরীরের সংকার পূর্ব্বক আত্মাদি ক্রিয়া সম্পন্ন করিলেন। রাজ্য ভোগে ভাঁহার স্পৃহামাত্র জন্মিল না; তিনি ধর্মানু-রোধে স্বীয় গর্ভধারিণীর বাক্য ভুচ্চীকৃত করিয়া রামচন্দ্রকে প্রত্যানয়নার্থ সপরিবারে অরণ্যমধ্যে যাত্রা করিলেন।

বন্দেলখণ্ডস্থ চিত্রকুট পর্বতে রামচন্দ্রের সহিত ভরতের সাক্ষাৎ হইল। ভরত শ্রীরামকে অবোধ্যায় প্রভ্যানরনার্থ বহুবিধ অনুনয় করিলেন; কিছুতেই তিনি সম্মত হইলেন না। এ প্রযুক্ত ভরতকে অগত্যা সদেশে প্রতিগমন করিতে হইল; কিন্তু রাজ্যভাগে স্পৃহাধূন্যতা হেতু রাজদিংহাসনে রামচন্দ্রের পাচুকা

স্থাপন করিয়া আপনি মন্ত্রিবৎ ব্যবহারে নক্ষিগ্রাগ নাগক। স্থানে অবস্থিতি করিতে লাগিলেন।

এদিকে, রামচন্দ্র কিয়ৎকাল পরেই দগুকারণ্যে প্রবেশ করিলেন। এই বিস্তারিত দেশ তথন অতিশয় অসভ্য ছিল; মধ্যে মধ্যে কেবল আর্ব্যঋষিদিগের এক একটি আশ্রম দৃষ্ট হইত। অরণ্য মধ্যে রামের নানা ঘটনার দহিত দাকাৎ হয়; তনাধ্যে অগস্তা দকর্শনই প্রয়োজনীয় বোধ হইতেছে। অগস্তামূনি আর্য্যাবর্ত্ত হইতে দাক্ষিণাত্যে আসিয়াছিলেন, এবং তথায়ু সভ্যতা প্রচারের চেষ্টা করিভেছিলেন। ব্যাকরণ, এবং চিকিৎ-সাদি শাস্ত্র বিষয়ে তাঁহার যেৰূপ মত ছিল, তাহা অদ্যাপি দ্রবিড় দেশীয় বিবিধ গ্রন্থমধ্যে নিবন্ধ আছে।* কিন্তু রামায়ণে প্রাপ্ত হইতেছে যে গোদাবরী নদীর দ্বাদশযোজন উত্তরে তাঁহার আশ্রম স্থিত ছিল। এমতও হইতে পারে যে তিনি দ্রবিডদেশ পরিত্যাগ করিয়া রামচন্দ্রের সময়ে বাল্মীকোক্ত স্থানেই বসতি করিতে-ছিলেন। রাম অগস্ত্যাশ্রমে কিয়ংকাল অবস্থিতি করি-লেন; কিন্তু তাঁহার নিবিড় জনপূন্য অরণ্যে প্রবেশের रेक्टा रहेवांटा खगस्य गामावती जीतस পक्षवणवदन বাস করিবার পরামর্শ দিলেন। পঞ্চবটী অতি রম্পীয় স্থান বলিয়া বাল্মীকি কৰ্ম্ভক বৰ্ণিত হইয়াছে; তথায় রাম-চম্বের স্বভাবতঃ অধিবাস করিবার প্রবৃত্তি জন্মিল।

[•] তাবাধিনী ৫৬ সংখ্যা এবং Transactions of the Royal Asiatic Society, Vol. I. p. 299.

তিনি রাজ্যভোগের আড়ম্বর পরিত্যাগ করিয়াছিলেন বটে, কিন্তু এখানে নিরস্তর স্বভাবের সুচারুশোভা বিলোকন পূর্ব্বক বিশ্বকর্ত্তা পরমদয়ায়য় পরমেশ্বরকে নমস্কার করিয়া পরমভৃপ্তি লাভ করিতে লাগিলেন। বিশ্বের চিত্তাকর্ষকন্ত্রণ অনিবার্য্য; মনুষ্যের কায্যের প্রতি কিয়ৎকাল নিরীক্ষণ করিলে যেমন সকল কোশল এক কালে প্রতীত হয়, জগদীশরের কার্য্যের ভাব তদ্রপ নহে; তাহা যত দেখা যায়, ততই ত্তন ত্তন কোশল, ত্তন ত্তন সৌদর্য্য প্রকাশ করে। ইহাতে রামচন্দ্রের ন্যায় মহদুদ্ধিশালী ব্যক্তি এই মনোহর স্বভাবোদ্যান মধ্যে অবস্থিতি করিয়া যে সাংসারিকচুঃখ বিস্মৃত হইবেন, তাহা বিচিত্র নহে। বস্ততঃ তিনি এখানে বহুকাল অধিবাস করিলেন। কিন্তু এক মহতী ঘটনা নিকটবর্ত্তিনী হইয়া আসিল।

পুর্ব্বোক্ত লক্ষ্ ধিপতি রাবন নৃপতির পূর্গনিখা নামী তিনিনী দাকিনাত্যে অবস্থান করিত। রাজার সহাদরা হইয়া তাহার অরণ্যবাদের তাৎপর্য্য কি, তাহা আমর। বিশেষক্রপে জ্ঞাত নহি। এরপ বর্ণনা আছে যে রাবন দাকিনাত্যমধ্যে খর ও দুষ্ণ নামক দেনাধ্যক্ষ দ্বরের অধীনে কতক গুলীন দৈন্য সংস্থাপন করিয়াছিলেন; পূর্পনিখা তাহারদের সহিত বাস করিত। বাহা হউক, একদা দেই চুষ্টাচারিনী চুষ্টাতিপ্রায়ে রামচন্দ্রের আশ্রনে জ্ঞাগমন পূর্বক আপনার অভিপ্রায় বিজ্ঞাপন করিল; রাম তাহাতে অত্যস্ত অসমতি প্রকাশ করিলেন। তৎপরে সে লক্ষ্ণনের কুটীরে গমন করিল; একে

নন্দ্রণ সভাবতঃ অতীব উগ্র ছিলেন, তাহাতে যধন শূর্পণখার আগমন তাৎপর্য্য অবগত হইলেন, তখন ক্রোধে এককালে অধৈর্য হইয়া তাহার নাসিকা কর্ণ-চ্ছেদ ক'রিলেন। নিতান্ত অপ্রতিভা অবমানিতা হইয়া শূর্পণখা পলায়ন করিল, এবং সাধ্যানুসারে আত্মাপরাধ গোপন পূর্বকে রামচন্দ্র ও লক্ষণের দোষ দিয়া খর দুষণকে অবশিষ্ঠ সমস্তব্যাপার অবগত করিল। খর ও দুষণ, রামের সহিত যুদ্ধ করিয়া পরাজিত হয়। তথন শূর্পণখা নিভাস্ত নিরুপায় প্রযুক্ত লন্ধায় গমন করিয়া অভিমানভরে সমস্ত বৃতাস্ত রাবণের গোচর করিল। কিজানি, এক অরণ্যবাসি জটাবল্কলধারি ব্যক্তির বিরুদ্ধে ब्रोकांत উৎमार ना रय, धरे कना म विस्मय करन সীতার ৰূপবর্ণন করিয়া কহিলেক যে তাহাকে অনায়াদে আনয়ন করা যাইতে পারে। রাবণ অত্যস্ত কাগাসক্ত ছিল; দীতার ৰূপযোগবনের পরিচয় পাইবাতে তাহার কামাগিশিখা উদ্দীপিত হইয়া উচিল। রমণীগণ দারা রাবণের অন্তঃপুর পূর্ণ থাকিলেও তাহার কামবৃতি চরি-ভার্থ হয় নাই; সে পুরাতনে বিরক্ত হইয়া নিরম্ভর মূতন বিষয়োপভোগে যত্নশীল থাকিত। দেই ছুরাআ সীতাকে হরণ করিতে মনস্থ করিয়া অন্যের প্রতি ভারার্প্ণ করিতে সাহসী হইল না; নিজেই জনকতিপয় "অনুচর সমভিব্যাহারে দাক্ষিণাত্যে আগমন করিল। এक मगरत त्रामहस्य अवः बन्धन मृत्रश्रानुमद्रशक्राम কুটীরে জুনুপস্থিত ছিলেন; রাবণ সেই অবকাশে দীতাকে इत्रवश्रकीक नद्भाग्र नग्रन कतिन, এवः छाँशांक अत्माक

বনিকানামক আরামে রক্ষা করিল। রাবণের ভূমনী চেপ্তান্বারাও দেই পতিপ্রাণারমণী বিপথগামিনী হইলেন নাঃ তিনি মৃতপায় হইয়া অশোকবনিকাতে অবস্থিতি করিলেন।

[এস্থলে একটি অতি প্রয়োজনীয় বিষয় বিবেচনা করা কর্ত্তব্য; কারণ, রামচন্দ্র ভারতবর্ষকে যে পরহস্ত হইতে মুক্ত করেন, এই দময়েই তাহার স্থ্রপাত হয়। লক্ষণ, শূর্পণখার বিৰাপীকরণ করিলেন, রামচন্দ্র সেই কার্য্যের দ্যোধাপহারের চেষ্টামাত্র করিলেন না; ইহাতেই অনুমান হইতেছে যে রামের অনুমতি ব্যতীত তাহা সম্পন্ন হইলেও তিনি বিরক্ত হয়েন নাই। তজ্জন্য তিনি কি আততায়িরূপে গণ্য হইবেন? কদাপি নহে। দাক্ষিণাত্যে রাবণের অধিকার হেতু প্রজাদের কিছুমাত্র মঙ্গল ছিলনা; বরঞ্চ তাহারা পূর্ব্বোল্লিখিত রাবণের বৈদ্যাগণ দ্বারা সম্যক্ প্রকারে সর্ব্বদাই অত্যাচরিত হইত; বাল্লীকি লেখেন,

" বনমধ্যে বনচর গণসহ বাস।

মায়াৰূপে রক্ষোগণ দেখাইল ত্রাস॥

আসিলেন ঋষিগণ শ্রীরাম সদনে।

সকলে শরণাপম সরোজলোচনে॥"

এতদ্বারা এককালে প্রতীত হইতেছে বে প্রশ্নারা রাবণের প্রতি বেমত অসম্ভই ছিল, রামের উদারস্বভাব ও ধূরত্ব নিমিত্তে তাঁহার প্রতি তদ্রপ প্রীতি করিত; এই কারণেই রামর্চক্র কোনস্থত্যে রাবণের সহিত বিরোধ সংঘটন আহ্লাদ বলিয়া মানিতেন। ইহা সত্য বটে বে শূর্পণিধার নাসিকাকর্ণচ্ছেদ ব্যতীত যুদ্ধের স্থ্রপাত
করিবার আর ও ব্যপদেশ অপ্রাণ্য ছিল না; কিন্তু লক্ষণ যখন পাপীয়নী শূর্পণিধার নাসিকাচ্ছেদ করিয়া ফেলিয়াছেন, তখন আর উপায়ান্তর কি? রামচন্দ্র তৎকালে দাক্ষিণাত্য লোকদের সম্পূর্ণ প্রিয় হইয়া উচিয়াছিলেন; খর ও দূষণের সহিত যুদ্ধ সময়ে প্রজারা যে তাঁহার যথেষ্ঠ সাহায্য করে, তাহা সহজ্বেই বোধ হইতে পারে। এই সকল কথার তখন আরুও দৃত্তর প্রতীতি হয়, যখন সমরণ করা যায় বে রাবণ সীতাহরণ কালে প্রকাশ্য ক্রেপ আদিতে পারে নাই; রামচন্দ্র তখন অত্যন্ত ত্র্বল থাকিলে রাবণের নিতান্তর অসরল উপায় অবলম্বন করিবার কি প্রয়োজন ছিল ?]

এখানে, রাগচন্দ্র মৃগয়াহইতে প্রত্যাবর্ত্তন প্রঃলর
প্রিয়তমাভার্যার নিদ্ধলক্ষ মুখচন্দ্র দেখিতে না পাইয়া
বাদুশ ব্যাকুলচিত্ত হইলেন, তাহা বর্ণনাপেক্ষা অনায়াদে
অনুভূত হইতে পারে। যে স্ত্রী সোভাগ্যকালে স্থানির
চিত্তমোদনার্থ সম্যক্প্রযম্ভে সর্বদা চেপ্তা করিয়াছে, যে
স্ত্রী পতির বনবাস কালে অনুগমন করিতে কিছুমাত্র
দ্বিধা প্রকাশ করে নাই; যে স্ত্রী অরণ্যের কন্টক্ষয়
পথ, পর্যাটনের ছঃসহ শ্রম, স্থর্ব্যর প্রচণ্ড রোদ্র
প্রভৃতি বিষম ক্লেশ সহ্য করিয়াও পতির মুখপদ্ম বিলোকন প্র্বাক হর্ষোৎকুল থাকিত;—তাহার সহিত বিচেচ্ন
এক জ্বন অপহারি কর্জুক বলের সহিত তাহার অপহৃত
হওয়া;—ইহার অপেক্ষা ছঃসহ ছঃখ আর কি হইতে

পারে? বস্তুতঃ কবিরা যখন বর্ণনা করেন যে রামচন্দ্র এই সময়ে চন্দ্রকে ভূষ্য বলিয়া বোধ করিয়াছিলেন, তখন তাঁহারা একপ্রকার যথার্থ বর্ণনাই করিয়াছেন। শ্রীরাম, লক্ষণসহ কাতরান্থিত হইয়া ইতস্ততঃ অমন করিতে লাগিলেন; কি উপায়ে দীতার উদ্ধার করা যাইবে, এই চিস্তা তাঁহার মনে নিরস্তর জ্ঞাগন্ধক রহিন।

-00-

এই ৰূপে ভ্ৰমণ করিতে করিতে তাঁহারা ঋষ্যমুক পর্বতে উপনীত হইলেন। তথায় সৌভাগ্যক্রমে তাঁহারদের সুগ্রীবের সহিত সাক্ষাৎ হইল। সুগ্রীব কিঙ্কিন্ধ্যাধিপতি বালি নূপতির কনিষ্ঠসহোদর ছিলেন; কিন্ত বালিরাজা উাঁহাকে কোন কারণ বশতঃ রাজ্য হইতে বহিষ্কৃত করাতে তিনি কতিপয় অনুগত ব্যক্তি সমভিব্যাহারে ঋষ্যমুকে অবস্থিতি করিতৈছিলেন। রামচস্দ্র ও সুগ্রীবের পরস্পর সাক্ষাৎ লাভ বংগষ্ট মঞ্চলের হেতু ইইল; কারণ প্রত্যেকেরই অন্যভরের শাহায্য আবশ্যক ছিল; রামচন্দ্র দেই অবস্থায় রাবণের নিকট হইতে দীতার উদ্ধার করিতে পারিতেন না, এবং সূগ্রীব ও জনকতিপয় অসভ্য লোক সহকারে রাজ্যাংশ গ্রহণে সমর্থ ছিলেন না। বিশেষতঃ সূত্রীব. যুদ্ধবিদ্যায় রামচন্দ্র ও লক্ষণের নিপুণতার পরিচয় পাইয়া সাতিশয় স্থখী হইলেন। এই সময়ে দাক্ষিণাত্যদেশ অতিশয় অসভ্য ছিল; লোকসকল সমরকার্য্যাদির পারিপাট্য কিছুই জানিত না; সূতরাং ইহাতে সংগ্রামকুশন জ্রীরামচন্দ্রের সাহাত্য প্রত্যাশায়

পুত্রীব যে আহ্লাদিত হইবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। বাহা হউক, স্ক্রীবের আশা শীদ্রই সফলা হইল; বেহেতু রামচন্দ্র বালিকে বিনাশ পুর্ব্বক তাঁহাকে রাজপদ প্রদান করিলেন। আক্রেপের বিষয় এই যে রাম অতি অন্যায় রূপে বালির প্রাণবধ করেন; তিনি বালির অজ্ঞাতসারে নিভূত স্থল হইতে তাহাকে শরবিদ্ধ করেন। এই একটি কুকর্ম্যের দ্বারা তাঁহার চরিত্র কলব্ধিত হইয়াছে।

দুগ্রীব যথাকালে কিম্বিন্ধ্যার রাজমুকুট গ্রহণ করি-লেন; এবং আপনার প্রক্তিজ্ঞানুসারে দীতার অন্তে-ষণার্থ ভ্রাতৃষ্পুত্র অঙ্গদ, হনুমান, এবং অপরাপর ব্যক্তিকে প্রস্থাপন করিলেন।

বোধ হয়, উত্তরকালের ন্যায় তৎসময়েও লক্ষাদীপে
দাক্ষিণাত্যলোকের গতিবিধি ছিল; কারণ হনুমান্
অনায়াদে লক্ষায় গমন পুর্বাক দীতার অনুদক্ষান করিয়া
আদিলেন, এরূপ আখ্যান আছে। হনুমান্ দীতার
চরিত্রকে বিলক্ষণ রূপে নিরীক্ষণ করিয়া তাহার দৃত্তর
পতিভক্তির পরিচয় পাইলেন; এবং লক্ষা হইতে
প্রত্যাগমন পুর্বাক রামচন্দ্রের নিকট দমস্ত বিষয়
বিজ্ঞাপন করিলেন। ভার্যার পতিনিষ্ঠার দহাদ পাইয়া তাহার উদ্ধার জন্য জ্ঞারামের উৎদাহ চতুর্ত্তণ
উদ্দীপিত হইয়া উচিল; তিনি দৈন্য সংগ্রহ পুর্বাক
স্থরায় লক্ষাভিমুখে যাত্রা করিলেন। বাল্মীকি লিখিয়াছেন যে সমুদ্রোপরি এক সেতু্বন্ধন পুর্বাক রাগ

সদৈন্যে লক্ষায় উত্তীর্ণ হয়েন ; একথার যুক্তি দিছত। পাঠকবর্গেই বিবেচনা করিবেন । যে প্রকারে হউক, তিনি লক্ষায় উপস্থিত হইলৈন, এবং দীতার উদ্ধানরের চেষ্টা দেখিতে লাগিলেন।

এই সময়ে রাবণ স্বকীয় কনিষ্ঠজাতা বিভীষণের অত্যন্ত অবমান করিল। বিভীষণ ধর্মপরারণ ছিলেন ;† রাবণ, রামচন্দ্রের পত্নীকে অপহরণ করে, ইহাতে তাঁহার মত ছিল না। তিনি রাবণকে সীতাপ্রদানের নিমিত্ত ভূয়োভূয়ঃ অত্যোধ করেন; বিশেষতঃ এক্ষণে কহিলন লক্ষাদ্বীপ আক্রান্ত হইয়াছে; এই সময় সীতাকে প্রদান করিলে উত্তম হয়। কিল্ক রাবণ ঈদৃশ জ্রান্ত হইয়াছিল, যে সে পদাঘাত পূর্ব্বক নিরপরাধি বিভীষণের অপমান করিল। বিভীষণ রাবণের সভাবিভীষণের অপমান করিল। বিভীষণ রাবণের সভাবিভীষণের অপমান করিল। বিভীষণ রাবণের সভাবিভাষণের অপমান করিল।

^{*} লক্ষাদ্বীপ এক্ষণে কন্যাকুমারী হইতে প্রায় ৩০ ক্রোশ অস্তর। কিন্তু এমত প্রমাণ আছে যে পুর্বেদ্ধ লক্ষাদ্বীপ অধিক প্রসারিত ছিল (Knighton's History of Ceylon); সূতরাং প্রবেদ্ধ তাহার অপেক্ষাকৃত ভারতবর্ষের নিকটে থাকা অসম্ভব নহে। যদি জ্ব্লেশের হেলেপ্পেন্ট সাগরে সেতৃবন্ধন ও সিকন্দরের টায়রনগর আক্রমণ করিবার সময় সাগরবন্ধনের কথা সত্য হয়, তবে দ্বাসচন্দ্রের বিষয়ে তাহা সত্য না হইবে কেন?

[†] কীর্ত্তিমান্ ব্যক্তিদিগকে কবিরা অমর বলিয়া বর্ণন করিয়াছেন ; বিভীষণ তাঁহাদের মধ্যে এক জন। এতদ্দেশ শীরেরা ভ্রান্তির সহিত বিবেচনা করেন যে তাঁহারদের প্রাকৃতিক মৃত্যু নাই।

পরিত্যাগ করিয়া শ্রীরামচন্দ্রের শরণাপদ্ম হইলেন।
রাম তথনই তাঁহাকে লক্ষারাজ্যে অভিমিক্ত করিলেন।
রাবণ সবংশে ধ্বংস হইবে,—লক্ষাপুরী উচ্চিন্ন যাইবে—
দীতার উদ্ধার হইবে—রামের ইহাতে দুঢ় বিশ্বাস জন্মিয়াছিল। কে দুগ্রীবের সহিত মিলন করাইল? কে সৈন্য
সংগ্রহ করাইল? কে তাহারদিগকে এক বানপ্রছের
পক্ষে যুদ্ধ করিতে প্রবৃত্তি দিল? রামচন্দ্র দেখিলেন,
সমস্তই সোভাগ্য দারা প্রেরিত হইয়াছে।

রাবণ চরদারা রামচন্দ্রের দৈন্যের সংখ্যাদি জানিয়া যুদ্ধারস্ত করিল। দে একাদি ক্রমে ধুমাক্ষ, অকম্পন, প্রহন্ত, কুস্তকর্ণ, নরাস্তক, দেবাস্তক, মহোদর, ত্রিনির মহাপার্থ, এবং অভিকায় প্রভৃতি সেনাপতিদিগকে প্রেরণ করিল; কিন্তু রণস্থল হইতে কাহাকেও গৃহে প্রতিগমন করিতে হইল মা। তদনস্তর রাবণের প্রভ্রু মেঘনাদ রামচন্দ্রের সহিত তুমুল যুদ্ধ করিল; তাহাতে রামের সৈন্যেরা অভিতৃত হয়। অনতিবিলম্বে সেই আঘাত হইতে মুক্ত হইয়া দেনারা দ্বিপ্তণ উৎ সাহের সহিত রাবণের প্রেরিত কুন্তু, নিকুন্ত, মকরাক্ষ, মেঘনাদ, বিরূপাক্ষ, প্রভৃতি দৈনাধাক্ষদিগকে নিপাত করিল। অতঃপর রাবণ স্বয়ং রণক্ষেত্রে আগমনপ্রক্ষি ঘারতর যুদ্ধ আরম্ভ করাতে লক্ষণ অস্ত্রাঘাতপ্রাপ্ত হুইয়া যুতকল্ল হইয়াছিলেন; নিতান্ত গৌভাগ্যবলে প্রনর্কার স্বাস্থ্য লাভ করিলেন।

^{*} এই সকল প্রকৃত কিম্বা বাল্মীকির রচিত নাম, তাহা নিশ্চয় বলা যায় না।

তখন, লঙ্কায় আর সেনাপতি ছিল না; একগাত্র রাবণ অবশিষ্ট ছিল। এস্থলে রোমরাজ্যের পুরাবৃত্ত স্বভাবতঃ স্মরণ হইতেছে। রোমানদিগের শ্যেনপক্ষী বহুদুর উভ্ডীয়গান্ ছিল; কিন্তু পতনের সর্গীয় তাঁহারা কতিপয় অসভ্য জাতির দ্বারা পরাজিত হয়েন। লঙ্কাধি-বাদিদের পক্ষেও অধিকল এইরূপ ঘটিল; যেহেতৃক অসভ্য দাক্ষিণাত্য লোকের সহিত তাহারদের অবস্থা তুলনা করিলে ভাষা গরীয়সীই বোধ হইবে। এমত জনত্রুতি আছে, এবং রামায়ণপাঠেও প্রতীত হয় যে শিল্পবিদা বিষয়ে লঙ্কাদ্বীপ সমধিক উন্নতাবস্থা প্রাপ্ত হয়; স্বয়ং রাবণ ইদানীস্তন ইউরোপীয় কোন লেখক কর্ত্তক "লঙ্কীর আর্কিমেডিস্" বলিয়া উক্ত হইয়াছে। কিন্তু জাতিধর্ম্ম রক্ষার প্রতি শিল্পবিদ্যা অতি অল্লই আনুকুল্য করে; মানবসমাজ নীতিচ্যুত ও পরিভ্রপ্ত इरेटनरे निनष्टे रग्न। नकाषीट्य यदाय निज्ञविष्तात প্রাচ্র্য ছিল, লোকসকল ততোধিক ভোগাযক্ত ইন্দ্রিপরায়ণ হয়। ইহার ফলও তাহারা অচিরাৎ व्याख रहेन।

রাবণ স্বরাজ্য শীরশূন্য দেখিরা পরিশেষ স্বয়ং যুদ্য বাত্রা করিল। এই বাত্রা হইতে তাঁহাকে আর গৃহে প্রভ্যাবর্ত্তন করিতে হয় নাই। সংগ্রাম ঘোরভরন্ত্রণে সম্পাদিত হয়; কিন্তু চরমে রাবণ রামশরে সমর-শব্যাশারী হইল। বিধাতার ফি আন্চর্য্য নির্বাজ্য রাবণ দৈন্য বলাদিবিষয়ে রামচন্দ্র হইতে শ্রেষ্ঠহইনাও পাপ-দোষে কালের গ্রাসে পতিত হইল। ভারতবর্ষীয় লোকেরা পারতন্ত্র্যন্ধপ তৃর্ব্বিষহক্লেশ হইতে এত দিনে মুক্ত হইলেন। লঙ্কার ইতিহাদানুদারে বিক্রমাদিত্য দম্বতের ২৩৩০ বংসর পূর্বের রাবনের মৃত্যু হয়।

এখন, জ্বীরামচন্দ্র অভিপ্রোতার্থ সম্পাদন পূর্ব্বক বিভীষণকে লক্ষার রাজসিংহাসন প্রদান করিলেন। এবং সীতাকে অশোকবনিকা হইতে আনমন করিলেন। সীতা প্রায় দশমাস কাল লক্ষায় অবস্থিতিদ্বারা এবং পতিবিরহ বেদনায় যাতনাগ্রস্তা হইয়া বিবর্ণা বিশীণা হইয়াছিলেন; রামচন্দ্র নানাবিধ পরীক্ষা* পূর্ব্বক তাঁহাকে গ্রহণ করিলেন।

এই বাপে, খ্রীরাম চতুর্দ্দশবর্ষকাল পর্য্যস্ত অরণ্যে বামপুর্ব্বক হাতপত্মীর এবং হাতস্বাধীনতার পুনরুদ্ধার করিয়া
পিত্রাজ্ঞা পালন করিলেন; এখন দেশে প্রতিগমনবাসনাপরবশ হইয়া অবোধ্যাভিমুখে বাত্রা করিলেন।
নন্দিগ্রামে ভরতের সহিত সাক্ষাৎ হইল; ভরত রাজ্যসহ
অকপট আফ্রাদসহকারে রামচক্রকে গ্রহণ করিলেন।
পরে সকলেই অবোধ্যাপুরীতে গমন করিলেন।

রামচন্দ্র বথাসময়ে সমারোহের সহিত অ্যোধ্যার রাজ্বিংহাসনে উত্থিত হইলেন; এবং ভরতকে যৌব-রাজ্য প্রদান করিলেন। লক্ষ্মণ রামসহ অরণ্য মধ্যে বিস্তর ক্লেশ সহ্য করিয়াছিলেন বটে, কিন্তু ভরতকে যৌবরাজ্য প্রদান করাতে রামের সমধিক বিজ্ঞতা প্রকাশ

অগ্নিপরীক্ষার অর্থ কঠিন পরীক্ষা

পাইয়াছে। এক্ষণে ভারতবর্ষ এক প্রকার নিঃশক্র হইয়াছিল।

এই সময়ে অঙ্গরাজ্যে রোমপাদ, মিথিলায় জনক, কালী প্রেদেশে কুশধ্যজ, এবং বৈশালী পুরীতে সুমতি নূপতি রাজত্ব করিতেন। তৎকালে আরত অনেক রাজা বিদ্যমান ছিলেন; কিন্তু সকলেই রামচন্দ্রের সম্মান করিতেন।

আর্য্য লোকেরা তখন সভ্যতার এক উচ্চ সোপানে আরোহণ করিয়াছিলেন। বর্ণবিভাগ, ব্রাহ্মণ ক্ষত্রিয়াদির কৰ্ত্তব্য নিৰূপণ, এবং বৰ্ণসঙ্করোৎপত্তি প্ৰৰ্ক্ষেই হইয়া-ছিল। শ্রীরামের প্রর্বের বেদসংহিতার অধিক ভাগ রচিত হয়, এবং তাঁহার সময়ে কাব্য রচনার ও স্থত্রপাত হয়। বিদ্যালয় সকল স্থাপিত হইয়াছিল কি না, বলা যায় না ; কিল্কু বাণিজ্যের অনুরোধে লোকে নানা দেশীয় ভাষা শিক্ষা করিত। তথন অনেক লোক শিপ্পকার্য্যে নিযুক্ত থাকিত। বনিকদের বিদুরদেশে যাতায়াত প্রযুক্ত আর্য্যেরা প্রর্কে চীন, উত্তরে তাতার, ও পশ্চিমে পারনীকাদি দেশের বিষয় অবগত ছিলেন। রাজ্য মধ্যে ভদ্রলোকদের সুরম্য অক্টালকে নিবাস, উপাদেয় भिट्टी-মাদি অভ্যবহার, সুচারু পট্টজ ও উর্ণজবস্ত্র পরিধান, দুখালয় আরাম মধ্যে অবস্থান, এবং নানা যান বাহনে গতিবিধি ছিল। নগরে ও নানা প্রদেশে রাজবর্জ ও সেতু সকল প্রস্তুত ছিল। শাস্তিরক্ষা ও বিচার নিমিত্ত ভিন্ন ভিন্ন স্থানে কর্মাচারী সকল নিযুক্ত ছিল। নগর সকল লোকের কলরব দ্বারা পূর্ণ থাকিত। এই সমস্থ

সভ্যতার বিলক্ষণ চিহ্ন বটে*। স্বয়ং রামচন্দ্র যে রাজ্যের সৌষ্ঠব বৃদ্ধি বিষয়ে যত্নবান্ ছিলেন, তাহা সম্যক্ সন্তা-বিত বোধ হইতেছে†।

ইহা অত্যন্ত পরিতাপের বিষয় যে রামচন্দ্র বহুকাল নিরুদ্বেশ রাজত্ব করিতে পারেন নাই। কিছু দিন যাইতে না ষাইতেই লোকে তাঁহার অপবাদ উত্থাপন করিল:—সীতা দশমাস কাল রাবণগৃহে বাস করেন, কি বিচারে তিনি গ্রহণযোগ্যা হইতে পারেন? এরপ বাক্য রামের কর্ণ গোচর হইল। আর তিনি নির্দ্মল দম্পতিপ্রেমজনিত সুখসস্কোগে পরিতৃপ্ত হইতে পারিলেন না; উপরোক্ত বাক্য সর্পবৎ তাঁহাকে দংশন করিল। তিনি সীতাকে বিবাদিতা করিতে প্রতিজ্ঞারছ হইলেন, এবং বাস্তবিকও তাহা সম্পাদন করিলেন। সীতা দেবী ত্যসাতীরস্থ বাল্লীকি মুনির আশ্রমে প্রেরিতা হইলেন। সীতা তৎকালে গর্ভবতী ছিলেন, এজন; অত্যন্ত ফুংখ সহু করিতে হইল। তিনি কিছু কাল বাল্লীকাশ্রমে অবস্থিতি করিয়া কুশী ও লব নামক ব্যজ্প দুয় প্রস্থাব করিলেন।

সীতাকে নির্বাসিতা করিয়া কিয়ৎকাল পরে রামচন্দ্র অশ্বমেধ বজ্জানুষ্ঠান করিতে ইচ্ছা করিলেন। এই

দাক্ষিণাত্যে রাম্টক্ষ নামক কতকগুলীন টাক। প্র-চলিত আছে; দেশীয়েরা তাহা শ্রীরামের মুদ্রিত বলিয়া থাকে; ফলতঃ সেই বাক্য সত্য নহে।

⁺ Heeren's Historical Researches; Indians.

মহাদত্র তাঁহার পূর্ব্বপুরুষদিগের ব্যবহারসিদ্ধ ছিল।
যক্ত সম্পন্ন করণার্থ ভারতবর্ষের আর আর নূপতি
আহূত হইলেন; তাঁহারা উপহার দ্রব্য সহিত অ্যোধ্যায়
আগমন করিলেন। ঋষিদিগেরও সমাগম হইল।

যজ্ঞাহত ঋষিদের মধ্যে কুশী ও লব সমভিব্যাহারে মহাত্মা বাল্মীকিও আগমন করিয়াছিলেন। বজ্ঞ সমা-প্তির পর কুশীলব বাল্মীকিকৃত রামায়ণের গান করিলেন; তৎশ্রবণে লোক দকল গোহিত হইল, অনেকের বক্ষদেশ অঞ্ধারা দারা দিক্ত হইল, সকলেই সাধুবাদ করিতে লাগিল। সমাপ্ত হইলে রামচন্দ্র, কুশী ও লবের পরিচয় গ্রহণ পূর্ব্বক তাহারদিগকে আত্মজ জানিয়া দ্থী হই-লেন। তথন সীতাকে পুনরানয়নের মানদ হইল। তদভিপ্রায়ে বাল্মীকি মুনি কতিপর লোকদহ স্বকীয় আশ্রমে প্রস্থাপিত হইলেন, এবং যথাকালে দীতাকে নইয়া অবোধ্যায় পুনরাগত হইলেন। রাম তখন দনস্ত লোককে কহিলেন, তোমরা যথেচ্ছা জানকীর প্রীক্ষা কর, তোগাদের বিবেচনানিদ্ধ হইলে আমি গ্রহণ করিন। কিন্ত জানকী পুনঃ পুনঃ পরীক্ষার কথা গুনিয়া লজ্জা ও চুঃখে নিতাস্ত কাতরান্বিতা হইলেন; তাঁহার আজা পরলোকসঞ্চিতদিব্যসুখ লাভার্থে ব্যগ্র হইয়া উচিল; এবং তিনি আত্মঘাত পুৰ্ব্বক এক কালে ইহলোকজনিত প্রভূত চুঃখরাশির শেষ করিলেন। হা! তিনি কেবল ত্বংখভার বহনার্থ মর্ত্তালোকে প্রেরিত। হইয়াছিলেন। হাহার চরিত্রে তি্**তিক্ষা**র কি পরমাদ্ধুত দৃষ্টাস্ত প্রতীভ **১ইতেছে! তিনি পরিশেষে আত্মঘাত করিলেন** বটে

কিন্তু জীবৎমানে যাদৃশ কেশ সহু করেন, তাহা বাক্পথাতীত। রাজার নন্দিনী—রাজার সহধর্মিনী হইয়া তিনি কোন্ ছঃখ অপরাজিতচিত্তে বহন না করিয়াছেন? চতুর্দ্দশ বর্ষকাল অরণ্যের বিজাতীয় ছুর্ব্বিষহ কেশ সহু করা, পর শুক্তবকর্ত্ত্ব বলের সহিত পরিগৃহীত হইয়া আপনার সতীত্ব রক্ষা করা, কিয়ৎকাল ইহলোক সূলত স্থাস্বাদন করিতে না করিতেই বিনাপরাধে আবার প্রিয়তম স্থানি কর্ত্ত্ব বিবাসিতা হওয়া, পতিবিরহানণে প্রভ্রত্তিত হইয়া মুনিগণের আগ্রামে ব্রক্ষচারিনী বৎ আচরণ করিয়া কাল যাগন করা, বহুলোক সমাকীর্ণ সভাতে সতীত্ব বিষয়ে পরীক্ষণীয় হওয়া; কোন সুনীলা রাজকুমারীর প্রেক্ষ অবশ্য ছঃমহ ছঃখকর—অবশ্য অতীর লজ্জার বিষয়। তদীয় ছঃখরাশী স্মরণ করিলে হৃদয়ের শোনিত শুস্ক হয়—নয়ননীরে শরীর পরিপ্রাবিত হয়।

তাঁহার মৃত্যুর পর রাষচন্দ্র ক্ষণ কালের নিসিত্তেও আর শান্তি রসাস্থাদন করিতে সমর্থ হইলেন না। তাঁহা কেও আর দীর্ঘকাল জীবিত থাকিতে হইল না। নানাবিধ মনঃপীড়া দ্বারা তাঁহার দৈহিক প্রকৃতি সম্যক্ তুর্মল হইয়াছিল, এপ্রযুক্ত কিয়ৎকাল পরেই তিনি লোকান্ত-রিত হইলেন। রাজ্যের সমস্ত লোক তাঁহার মৃত্যু হেতু বিলাপ করিতে লাগিল।

-00-

জ্ঞীরামচনদ্র দীর্ঘকায়, পুর্গাবয়ব, ঈ্ষৎশ্যামবর্ণবিশিষ্ট, এবং যৌব্নাবস্থায় সম্পূর্ণ দ্রুড়িষ্ঠ বলিষ্ঠ ছিলেন। বাল্য- कारल यांतजीय कार्र्या देनहिकमामर्था ध्वेकाम करत्रन, তাহা কবিগণ দারা সুন্দরৰূপে বর্ণিত হইয়াছে। তদীয় মুখন্ত্রী সামান্য প্রশংসনীয়া ছিল না; কিন্তু রমণীয় যানদিকগুণগ্রামাধিকারিতা প্রযুক্ত তাঁহার চরিত্র সমধিক উজ্জ্বলব্বপে প্রতীত হয়। এক প্রকার অসা-ধারণ বুদ্ধিপ্রাথর্য্যদ্বারা তিনি অপরের স্বভাব এবং চরিত্র পরিজ্ঞাত হইতে পারিতেন, এবং আঅদোষগুণ দুর্শনেও অক্ষম ছিলেন না। স্বভাবতঃ সরনচিত্ত, সুশীন, ও প্রিয়ভাষী হইয়া বাধিত না করিতে পারিতেন, এমত মন্থ্য ছিলনা। তাঁহার ভক্তিবৃত্তি সম্পূর্ণ তেজ্বস্বিনী ছিলঃ জীবনের প্রায় চতুর্থভাগ পিত্রাজ্ঞা পালনে ক্ষেপ করিয়া তিনি তাহার প্রচুর প্রমাণ প্রদর্শন করিয়াছেন। গুহ চণ্ডালের মহ তাঁহার মিত্রতা বিষয়ে যে প্রশঙ্গ আছে, তদ্ধারা প্রতীত হয় যে তিনি বংশমর্য্যাদা গ্রাছ করিতেন না, প্রভ্যুত গুণানুসারে লোকের সমাদর করিতেন। বে কোন অবস্থায় তাঁহাকে দেখা বায়, কি গৃহ, কি অরণ্য, কি রণক্ষেত্র, কি রাজিদিংহাদন, দর্ববত্রে দর্বা-বস্থায় সমভাবে তিনি আপনার উদার্য্যগুণ প্রকাশ করি-য়াছেন। তিনি একটি "কুলপাবন সৎপুক্তা," প্রাণ প্রতিমপতি, ভাতৃবৎনল সহোদর, সুখবর্দ্ধনকারি মিত্র, ন্নেহ্ময়পিতা, অতুলবলযোদ্ধা, অপক্ষপাতি ন্যায়বান্ রাজা, এবং দীনজন সমূহের অদ্বিতীয় প্রতিপালক ছিলেন। তিনি কোন কোন কার্য্যে ভ্রমে পড়িয়াছেন, কিন্দু সে কেবল মনুষ্য বলিয়াই পড়িয়াছেন। তিনি এক রাজাকে রাজ্যচাত করেন, কিন্তু চুই জনকে রাজ্পদ

পুদান করিয়াছেন। তাঁহার আর আর অনেক মহদ্ত্তণ ছিল; এবং সমস্ত তথা অচলা ঈশ্বরনিষ্ঠারূপ অত্যুৎকৃষ্ট অলস্কারদ্বারা বিভূষিত ছিল। কিন্তু কোন মনঃকিপ্পিত দেবচরিত্র তাঁহাতে পুত্যাশা করা আমাদের উচিত নহে।

-00-

त्रामहत्स्वत ब्हीतनवृजास मगाश्व रहेन। धक्रा তাহাহইতে কি কি স্তুপদেশ সন্ধণিত হইতে পারে, তাহার মৎকিঞ্চিৎ বিবরণ করা কর্ত্তব্য বোধ করিতেছি। আমরা রামচন্দ্রের পিতৃভক্তির উত্তম দৃষ্টান্ত প্রাপ্ত হইয়াছি। রাম ইহা জানিতেন, যে বৃদ্ধাবস্থা দুলভ হত-বুদ্ধিতা প্রযুক্ত দশর্থ এক ছ্টা রমণীর কথানুসারে তাঁহাকে রাজ্যাধিকারচ্যুত করেন। কিন্তু কোন আত্ম-দুখ লাভের বিবেচনা অপেক্ষা তাঁহার পিতৃভক্তির আদেশ গুরুতর জ্ঞান ছিল। চতুর্দ্দেশবর্ধ বনবান স্বীকার করা তাঁহার পক্ষে কতদূর কর্ত্তব্য ছিল, তাহা ভিন্ন ভিন্ন নীতিশাস্ত্রবেক্তা ভিন্ন ভিন্নৰূপে বিবেচনা করিতে পারেন। পিতা गাতা যে প্রকার কন্তে আমারদিগকে লালিত পালিত করেন, তাহাতে আমারদের আত্মস্থ বিষয়ে কিছু ক্ষতি স্বীকার করিলেও যদি তাঁহাদৈর সম্ভোষ জ্বমে, তবে তাহাও কর্ত্তব্য। পিতা যাত। প্রকৃতিস্থ থাকিয়া কদাপি সম্ভানের অগঙ্গল প্রার্থনা করেন না। কিন্তু দৎপুত্র যেমন চুর্লভ, জ্ঞানালোকসম্পন্ন পিতা মাতাও তদ্রপ। অনেক পুত্রের ন্যায় অনেক পিতা মাতা জ্ঞানান্ধকারে আবৃত থাকেন, তাঁহারা সামা- ন্যতঃ সন্তানের মঙ্গল উদ্দেশ করিয়া ও মন্দ উপায়ের প্রার্থনা করেন। চৌর্যুবৃত্তিদ্বারাও সন্তান যদি প্রচুর ধনোপার্জন করে, তথাপি কোন কোন পিতা মাতার বিরাগের বিষয় হয় নাঃ প্রত্যুত কোন শুভকার্য্য সাধনে উদ্যুক্ত হইলেও তাঁহারা বিপক্ষতাচরণ করিয়া থাকেন। এমত স্থলে বিনি সাত্তিক পুরুষ হয়েন, তিনি ধর্ম্মেরই গৌরব রক্ষা করেন; কারণ

নামুত্রহি সহায়ার্থং পিতা মাতাচ তিষ্ঠতঃ।
 ন পুত্র দারং ন জ্ঞাতির্ধর্ম স্কিষ্ঠতি কেবলঃ॥

"পরলোকে সহায়ের নিগিত্তে পিতা, মাতা, প্রুল্র, দারা, জ্ঞাতি কেহই থাকে না; কেবল ধর্মাই থাকেন।" রামচন্দ্র পিতার অনুরোধে আপনার ধর্মা হানি করেন নাই; কিন্তু অতিরিক্তরূপে জুঃখ সহ্য করিয়াছিলেন। যাহা হউক, তাঁহার কার্য্য সম্যক্রপে অনুকরণের অপেক্ষা বরং প্রশংসাযোগ্য বোধ হইতেছে।

জানকী আগারদিগকে স্বানিপরায়ণতার অত্যুৎকৃষ্ট দৃষ্টাস্ত প্রদর্শন করিয়াছেন। তিনি যথার্থই শ্রীরামের প্রীতিন্তুত্রে বন্ধ ছিলেন। দম্পতীপ্রীতি কি মধুর কল উৎপুন্ন করে! প্রীতি থাকিলে বৃক্ষমূল ও স্থরম্য গৃহ তুল্য বোধ হয়, এবং নিবিড় কানন ও স্থবিস্তৃত রাজ্যো-পম হইয়া উঠে। সীতার বস্তুতঃ এই ন্ধপই বোধ ছিল। তিনি সমকালীয়া স্ত্রীলোকদের অপেক্ষা এই এক লাভ করিয়া গিয়াছেন বে, যে সময় তাহারা কোন প্রশংসনীয় কার্যা না করিয়া কেবল অভিমানমদে কাল হরণ করি-য়াছে, তিনি সেই সময়ে অরণ্য মধ্যে পতি দেবা করিয়া

অবিনশ্বর খ্যাতি সংস্থাপন করিয়াছেন। যত কাল ধর্ম্মের গৌরব থাকিবে, ততকাল তাঁহার কীর্ত্তিকুস্থম সৌরভ বিলুপ্ত হইবে না। বুদ্ধিমতী রমণীরা চিরকাল তাঁহার চরিত্রহইতে সদুপদেশ সংকলন করিতে পারেন।

লক্ষণ ও ভরতের চরিত্রও সামান্য নহে। উভয়েই
ভাতার উপকারে জীবন সমর্পণ করিয়াছিলেন। লক্ষণ
অপ্পবয়ক্ষ হইয়াও বিষয়ভোগ লালসায় মুঝা হয়েন
নাই; তিনি চতুর্দ্দশবর্ষ ভাতার সহিত বনে বনে ভ্রমণ
স্বীকার করিয়াছিলেন। ভরতের ধর্মানিষ্ঠা অতি চমৎকারিনী। তিনি পিতা মাতার দ্বারা রাজ্য গ্রহণে আদিপ্ত
হইলেন; তথাপি ধর্মান্ত্রোধে তাহা গ্রহণ করিলেন
না। রামচন্দ্র তাঁহাকে পুনঃ পুনঃ অনুরোধ করিলেন
ভিনি কেবল রাজ্য রক্ষার ভার মাত্র গ্রহণ করিলেন,
রামের পাতুকাকে আপনার মন্তকে ধারণ করিলেন,
এবং অযোধ্যায় না গিয়া নিদ্যামে অবস্থিতি করিলেন।
ভাত্যেহের এতাদুশ দৃষ্ঠান্ত সর্বাত্র দৃষ্ঠ হয় না।

বেমন কতকগুলীন উৎকৃষ্ট উদাহরণ প্রাপ্ত হইতেছে, তেমন কোন কোন ব্যক্তি পাপের ফলও উত্যব্ধপে প্রদর্শন করিয়াছেন।

রাজা দশরথ অত্যস্ত দ্পৈণ ছিলেন। বৃদ্ধবয়দে যুবতী পতি হইলে অবশ্যই দ্ধৈণতা দোষে দূষিত হইতে হয়। স্ত্রীর প্রতি যথার্থ প্রীতি থাকিলে মনুষ্য দ্ধৈন হয় না; কিন্তু কামবৃত্তির প্রবলতা দ্ধৈণ হইবার কারণ। দশরথ পুল্রকে ম্বেহ করিতেন; তথাপি কামাগ্রিপ্রজ্বনিতকারিণী কৈক্ষীর মুখ দর্শন করিলে সকল ধিষয় বিস্মৃত হহ- তেন। কৈক্য়ীর অন্ধুরোধ অবহেলন করা তাঁহার
ঢুঃসাধ্য ছিল। রাম বনেই যাউক, ঢুঃখই পাউক,
কৈক্স্মীর কথা আকর্ণন করিলে সে বিবেচনা মনেতেই
স্থান প্রাপ্ত হইত না। ইহার কেমন উপযুক্ত ফল উৎপন্ন হইল! এক সময়ে পুক্রমেহ অতিশয় বলবৎ হইয়া
দশরথকে কালের গ্রাসে পাতিত করিলেক।

লক্ষাধিপতি রাবণ কামপরতন্ত্রতার অপর এক উদাহরণ স্থল। রাম, শূর্পণিখার অপমান করিয়াছিলেন;
রাবণ ভাঁহার পত্নী হরণ ব্যতীত বৈরনির্যাতনের আর
অন্য উপায় দেখিতে পাইলেক না। কাম, আমারদিগকে
এত বুদ্ধিহীন করিতে সমর্থ হয়!

রামচন্দ্রের ইতিহাদহইতে এইৰূপ **আ**রও হিতোপ-দেশ সংগৃহীত হইতে পারে।

রামচন্দ্র কতকাল পূর্বের প্রাত্তর্ভ হয়েন?

রাণিক মতে ৮৬৮৯৫৬ বংসরের ন্থান কেই; কিল্ক এক্ষণে এৰূপ কাল গণনার সময় উঠিয়াগিয়াছে; আটলক্ষ বংসর পূর্বের কি ছিল, তাহা স্মরণে রাখা দুরে থাকুক, তথন মন্থাবংশই স্ফুষ্ট হয় নাই। এ বিষয়ে ইদানীন্তন পুরাবৃত্তান্মসন্ধায়ী পণ্ডিতদের মত অবগত হওয়া কর্ত্তব্য। রামচন্দ্র স্যুত্ত ইলিয়্ম্ জোন্সের গণ-নান্মারে বিক্রমাদিত্য অব্দের ১৯৭৩ বর্ষ পুর্বের বর্ত্তমান্ ছিলেন; কিল্ক উইল্কোর্ড, বেণ্টলি, এবং টড্ পরস্পার বিরুদ্ধ হইয়া জোন্সের সহিত অনৈক্য

হইয়াছেন। উইল্কোর্ডের মতে বিক্রমাদিত্যের ১৩০৪ বংসর, বেন্টলির মতে ৮৯৪ বংসর, এবং টডের মতে ১০৪৪ বৎসর প্র্রের রামচন্দ্র বিদ্যমান ছিলেন। আমর। আপনার। এবিষয়ে কিছু যুক্তি প্রয়োগ করিতেছি। পুরাণে দৃষ্ট হইতেছে যে রামচন্দ্রের পর ঊন ত্রিংশ জন রাজা হইলে ভূর্য্যবংশে বুহদ্বল নূপতি উৎপুত্র হয়েন, তিনি চুর্ব্যোধনের সমকানীয় ছিলেন। অতএব রামচন্দ্র ও চুর্য্যোধনের মধ্যে কেবল স্টনত্রিংশ জন রাজার ব্যব-ধান থাকিতেছে; প্রত্যেক রাজত্বে গড়ে ২৫ বংসর ধরিলে ৭২৫ বৎসর হয়*; এতদনুসারে দুর্ফ্যোধনের ৭২৫ বংসর প্রর্কো রাসচন্দ্র প্রাত্তন্ত হইয়াছিলে। পুরাণের মত্তে তুর্য্যোধন বিক্রমাদিত্যের প্রায় ১৮৫৯ বৎসর পূর্বের বর্ত্তগান্ ছিলেন ; তাহার সহিত ৭২৫ বংসর যোগ করিলে ২৫৮৪ বৎসর হয়। সৈংহল গুরাবৃত্তা-মুদারে বিক্রমানিত্যের ২৩৩০ বংসর প্রবর্ধে রানণের ষ্টুঃ হয়। যাহা হউক, চুর্ব্যোধনের পূর্কো মহন্ত বংসরের মধ্যেই যে রামচন্দ্র প্রার্ভু ভূত হয়েন, তাহার প্রতি সংশয় হইতে পারে না।

^{*} ইউরোপীয় পণ্ডিতেরা ২২॥• বৎদর রাজত্বের মধ্যম সময় বনিয়া বৃত করেন।

রামচন্দ্রের জীবনরস্তান্ত বিষয়ক কতিপয় গ্রন্থের বিবরণ।

আকি প্রণীত রানায়ণ। রামচন্দ্রের জীবনচরিত বিষয়ে যাবতীয় গ্রন্থ প্রচলিত
আছে, বাল্মীকীয় রানায়ণই সর্বজ্যেষ্ঠ
ও প্রধান। রামের কীর্ত্তি বর্থার্থতঃ কিয়ৎপরিনাণে বাল্মীকি হইতেও প্রচারিত হইয়াছে। তিনি
বিদ তাঁহার জীবনবৃত্তান্ত রচনা না করিতেন, তবে
রাম নাম আমারদের এত পরিচিত হইত না। আমার
দর্মীপস্থ মূল রামায়ণে একটি পত্রের পার্ষে উৎ
ভাবার্থযুক্ত বক্ষ্যমাণ শ্লোকটি দৃষ্ট হইল:—

বাল্মীকিগিরিসস্ভূতা রামায়ণমহানদী। পুনাতি ভুবনং ধন্যা রামসাগরগামিনী॥

রামায়ণ চতুর্বিংশসহস্র শ্লোকাত্মক, ও সপ্তকাণ্ডে বিভক্ত। ইহা এক কাব্যগুণাশ্রয় গ্রন্থ; রচনা সর্বত্র সরল, ও স্থানে স্থানে বিলক্ষণ মাধুর্য্যঞ্জক। গ্রন্থকার আঅসময়ে ভারতবর্ষে কিন্ধপ লৌকিক ব্যবহারাদি প্রচলিত ছিল, তাহ। উত্যান্ত্রপে বিদিত করিয়াছেন; কিল্ক মধ্যে মধ্যে নানাবিধ অপ্রাসন্ধিক ব্যাপার উত্থাপন করিতে ক্রটি করেন নাই। তাহাতে তাঁহার জ্ঞানদীয়া প্রকাশ করা হইয়াছে বটে। সুগ্রীবের বানরদিগকে
দিখিজয় নির্দেশ প্রসঙ্গে বাল্লীকি আপনার ভূগোল-বিদ্যার পারদর্শিতা বিজ্ঞাপন করিয়াছেন। বাল্লীকি রামের সমকালবন্তী ছিলেন; এবং সর্বপ্রথমতঃ কাব্য রচনা করাতে 'আদিকবি 'বলিয়া বিশ্ব্যাত হইয়াছেন।

মহাভারতে রামের বৃত্তাস্ত সংক্ষেপে বর্ণিত হুই-য়াছে।

কালীদাসকৃত রঘুবংশ। বাল্লীকি নাহাকে নিশ্মাণ করিয়া সুচারু পরিচ্ছদ প্রদান করেন, কালীদাস স্বকীয় অলৌকিক হস্ত স্পর্শদ্বারা তাহাকে সঞ্জীব করিয়াছেন। বধুবংশ ঊনবিংশতি সর্গাত্মক মহাকার্য্য ভন্মধ্যে নন্মাবধি পঞ্চন পর্যান্ত সপ্তসর্গে দশর্থ এবং রামের জীবনবৃত্যান্ত বর্ণিত হইয়াছে। ইদানীন্তন এতদ্দেশীয় কোন স্থক্ষদর্শি পণ্ডিত কহিয়াছেন " রঘুবংশের আদি অবধি অন্ত পর্যান্ত দর্কাংশই দর্কাক্ত দুন্দর। যে অংশ পাঠ করা যায়, সেই অংশেই অদ্বিতীয় কবি কালিদাদের অলে)কিক কবিত্ব শক্তির সম্পূর্ণ লক্ষণ मुम्लक्षे निकित रस्।" देश श्रीमक बाहर, कानीनार বিক্রনাদিতোর সভার নবরত্বের মধ্যে এক জন ছিলেন; স্কুতবাং ঊনবিংশতি শতবর্ষ পূর্ব্বে প্রাদ্ধুত হইয়াকি লেন। বেন্টলি প্রভৃতি যে কতিপর বাক্তি ভাঁহাকে আধুনিকর্মপে প্রতিপন্ন করিবার চেষ্টা করেন, তাঁহারা কৃতকাৰ্য্য হয়েন নাই।

সহানাটক, এতংজশীয় পণ্ডিতদের মতে হন্ধান্ কুর্কুক বিরণি । যা কিন্তু সম্ভবতঃ বিক্রাদিত্যের প্রাঢ়ভার কালে কোন পণ্ডিত তাহা রচনা করেন। মহানাটক নয় অঙ্কে বিভক্ত ও ৬১২ শ্লোকাত্মক। ভাহার স্থানে হানে উৎকৃষ্ট রচনা আছে।

ভট্টিকান্য, ভট্টনামক পণ্ডিত রচনা করেন। গ্রন্থানি ২২ সর্গে বিভক্ত হইয়াছে। গ্রন্থকার রানচন্দ্রের চরি-ত্রের সহিত ব্যাকরণের নানাবিধ উদাহরণ প্রদর্শন করিয়াছেন।

নীরচরিত, ও উত্তরচরিত। এই দুই উৎকৃষ্ট নাটক কব ভুতি প্রাণীত। ভবভুতি কান্যকুজাধিপতি বশো-বর্মারসভাসদ ছিলেন, সুতরাং শকান্দার সপ্তমশতা-নীতে প্রাদ্রভ ত হয়েন।

অভ্তরামায়ণ নামে এক গ্রন্থ বাল্মীকির কৃত বলিয়া প্রিনিক আছে; বস্তুতঃ তাহা অতি আধুনিক গ্রন্থ। গ্রন্থ-কার দশানন রাবণের উপাধ্যান প্রবণে পরিতৃপ্ত না হুইয়া শতানন রাবণের গম্প লিখিয়াছেন। বাহা হুউক, তাহার রামায়ণের পুর্কের যে 'অভুত্ত' শক্ষের প্রয়োগ হুইয়াছে, তাহা সুসঙ্গত।

অধ্যাত্মরামার্থ। নীতিধর্ম্মাপদেশ দিবার জন্য কোন পণ্ডিত এই গ্রন্থ রচনা করেন; তাহা শিবপার্ম্বতীর প্রশোত্তরচ্চলে লিখিত হইয়াছে। অধ্যাত্মের শ্লোক সংখ্যা, ৪২০০।

নাশিষ্ঠরাগায়ণ। এই গ্রন্থে অতীব সংক্ষেপে রাম-চন্দ্রের এক কম্পিত অবস্থার নিষয় শিখিত হইয়াছে ; বেদাস্তদর্শনকে পাধারণের হৃদয়শ্বমকরাই গ্রন্থকারের উদ্দেশ্য ছিল। যদি তিনি এক উপযুক্ত নিষ্ধে রেখনীকে চালনা করিতেন, তবে সংকবিদের মধ্যে অবশ্য গণনীয় হইতেন।

বাঘব পাগুৰীয় নামক গ্ৰন্থ কবিরাজ্ব পণ্ডিত প্রনীত। ইহা এক অদ্ভুত গ্রন্থ; এক ভাবে ইহা গ্রীরামের চরিত্র, ভাবান্তর গ্রহণ করিলে পঞ্চ পাগুবের বৃত্তান্ত হইয়া উঠে।

তুলসীদাস ব্রজভাষায় এক রামায়ণ রচনা করেন। তিনি চিত্রকুট সমীপস্থ হাজপুর গ্রামে ব্রাহ্মণকুলে উৎ-পন্ন হইয়াছিলেন। যৌবনাবস্থায় কাশীনগরীপতির দেওয়ানব্রপে নিযুক্ত হয়েন। তিনি স্বকীয় ৩১ বর্ষ বয়ফে
[১৬৩১ সন্থতে] বারাণনীধামে রামায়ণের অনুবাদ
আরম্ভ করেন। রামগুণাবলী নামে এক গ্রন্থ উল্লার
দ্বারা রচিত হয়।

আমারদের দিশে কৃত্তিবাস পণ্ডিত চুইশত বর্ষ পূর্কের রামায়ণকে বাঙ্গলাপরিচ্ছদে প্রকাশ করিয়াছিলেন যদিও তাঁহার রচনা *উত্তম নহে, কিল্ক তিনি নিতাত্ত কবিত্বশক্তিপুন্য ছিলেন না। তাঁহার পুস্তক একণে পুনঃ পুনঃ মুদ্রিত হইয়া বিভ্নপ্ত ইয়া গিয়াছে। আক্ষে-পের বিষয় যে আমরা তাঁহার জীবনবৃত্যস্ত কিছুই অব-গত নহি।

রামের চরিত্র ভারতবর্ষমধ্যেই নিবন্ধ ছিল না। আরাকান্দেশে এক গ্রন্থ আছে, তাহার উপাধ্যান এই যে তোৎসকন নামক এক ব্যক্তি প্ররামের পত্নী নংসীদাকে হরণ করিয়াছিল; প্ররাম ও ভাঁহার ভাড়া প্রলাক্ তোং-দকনকে বিনাশপ্রক্তিক নংসীদার উদ্ধার করিয়াছিলেন!

শ্যামদেশে অবিকল এইৰূপ এক গ্ৰন্থ প্ৰাপ্ত হয়, ভাহার নাম রামকিউন্।

বলীদীপে কবিভাষায় রামায়ণ গ্রন্থ আছে: বাল্মীকি তাহার রচনাকন্তা বলিয়া উক্ত হয়েন। এখানকার রামায়ণের ন্যায় তাহা সপ্ত কাণ্ডাত্মক নহে; কিন্তু উত্তরকাণ্ড ব্যতীত অপর ছয় কাণ্ড একত্রীভূত হইয়া ২৫ সর্গে বিভক্ত হইয়াছে। উত্তরকাণ্ড এক খানি পৃধক্ গ্রন্থ; তাহাও বাল্মীকিকৃত বলিয়া প্রসিদ্ধ।


লক্ষাদ্বীপের ইতিহাসে রাম ও রাবণের প্রাসক আছে।

উপরোক্ত বিবরণ দারা প্রতীত হইতেছে যে রাম-চন্দ্রের জীবনবুত্তাস্ত বহুদুর দেশ পর্য্যস্ত ব্যাপ্ত হইয়াছে।

- শ্রীযুক্ত ঈশরচন্দ্র বিদ্যাদাগরকৃত সংস্কৃতভাষা ও সংস্কৃত দাহিত্য বিষয়ক প্রস্তাব ; তত্ত্বোধিনীপত্রিকা ; Asiatic Researches; Journal of the Indian Archipelago; Craufurd's Researches. &c. &c.
- * * * পূর্ণচন্দ্রোদয় সম্বাদপত্রে বাল্মীকির গদ্য অনুবাদ আরক্ হইয়াছে। এবং সম্পুতি মহারাজা মহাতাপচন্দ্র বাহাতুরের প্রতিপোষকতায় বাল্মীকীয় আদিকাণ্ডের রাঙ্গলাপদ্য অনুবাদ প্রচারিত হইয়াছে। এই শেষোক্ত গ্রন্থহইতে আমরা কতিপয় পাঁক্তি উদ্ধৃত করিয়াছি।

অভিধান ৷

অভ্যক্তি—(Hyperbole.) স্থ ৰূপ হইতে অভিবিক্ত বৰ্ণন। আৰ্য্য—হিন্দুজাভি। ভায়ুসম্পুট্—(Coffin.) ভায়ুনির্মিত বাক্স। নেত্রবস্ত্র—স্থান্যস্ত্র পুতিনিরসনক্রিয়া—(Embalming.) মৃতশ্রীরের পাতিত না হইবার উপায়। মঞ্জিষ্ঠা—(Rubia Manjith.) রক্তবর্ণ শভা বিশেষ। বক্ষকর্দম—ক্ষুম, অপ্তরু, কন্তুরী, কপুর, চন্দন, এবং ক্ষোল মিপ্রিভ পদার্থ।





অর্থাৎ নানাশাস্ত্রসম্মত শারনীর পূর্নিনারজনীতে
নিকুঞ্চবনে ব্রজদেবীগণসহিত
ভগবানের বিহারবর্ণন।

শ্রীদারিকানাথ রায় রচিত।

এইশানচক্র মুখোপাধ্যায় কর্তৃক প্রকাশিত।

কলিকাতা

ৰছৰাজারস্থ শ্রীপ্যারীমোহন বন্দ্যোপাধান্ত্রের বাঙ্গালস্থপিরিয়র যন্ত্রে মুদ্রিত।

সন>২৫৮। ২ আষাচ।



শ্রীক্রীরাধাকুফো জন্মতি

পার্ম ভাষ্থবীর প্রীগ্রন্ত বাবু ঈশানচন্ত্র মুখোপাধ্যায় মহাশয় বহুগুণমন্দিয়েয়।

সমুচিত সম্মান পুরঃসর-নিবেদন্মিদ°। মহাশর আমি বহু প্রেমত্ন পূর্দকে এট রাসরধানত পুস্তুক প্রস্তুত্র করিলাম। এক্ষণে আমার একান্ত বাসনা যে এ প্রস্থায় ভাষা সক্ষা প্রচার হয়। আগনি আমার পরমবন্ধ এবং বিজ্ঞ, রসজ্ঞ, বিদ্যান্তরাগীও বটেন! বিশে-যতঃ যৎকালে আমি এই কাৰা রচনা করিতাম, তৎকালেও আপনি ইহার নিগৃঢ রমাস্বাদনানন্তর যথেষ্ট পরিভুষ্ট হইয়া অত্যন্ত উৎসাহ প্রকাশ করিতেন। এই সকল ভর্সায় নিভুর করত আমি আপনাকে এগ্রন্থ সমর্পণ পূর্মক এই ভারার্পণ করিতেছি, যে আপনি ইহা মুদ্রা যরে প্রকাশ করিয়া আনার এই কাব্যছলেতে সেই ভুবনপতি ভক্তবৎসল ভগবানের প্রেমভক্তিরস বর্ণনের সার্থকতা করুন। কলতঃ আমার এমত অভিলাষ মহে যে কোন বিশেষ প্রত্যাশা কশতঃ এগ্রন্থে কোন ধনাঢোর নামান্ধিত করি; আপনি আমার বিশেষ প্রিয়প্পাত্র: আপনকার নাম সংযোজন করিলেই পরম পরিতোষ প্রাপ্ত হই।

मनऽ२७१ २० टेइक একান্ত সধীন স্বন্ধদ্ শ্রীদারিকানাথ রায়স্য।

গ্রন্থ প্রকাশকের ভূমিতা

গ্রন্থকারের অর্থ সামর্থ্যের অভার প্রান্তুত এই চুদ্র আচে বছণ্ডণসম্পন্ন কাবা প্রকাশ না হইবার সম্পূর্ণ সম্ভাবনা ছিল। কিন্তু বছীয় পাঠকর্নের উদ্রন পাঠা পুস্তকের অসদ্ভাব বিবেচনা করিলে এই কাবোর গুণ সমূহ ভাঁছাদিগকে বিদিত না করিলে আমরা সমূহ থাকিছে পারি না। অতএব গ্রেকারের আভ্রমতাম্সারে আমরা এই রাসরসামৃত নামক কাবা প্রকাশ করিতেছি। ইহা বিদ্যান্যগুলীকর্তৃক আদর পুন্তক গুলীত হইলে গ্রহ্ন কারের শ্রম সফল ও আমাদিগের অভাই সিদ্ধ হয়।

ষদিও রাধাকৃঞের রাদপ্রদক্ষ সর্মাত্র বিদিত আছে; তথাপি ইহা অদ্যাবিধ কাহার হার। স্থশুখুলা মতে ও উত্তম সন্দর্ভে গৌড়ীয় ভাষায় বর্ধিত হয় নাই। ক্রিন্ত তৎ প্রযুক্তই যে আনাদিগের গ্রন্থকার তাঁহার রাসবর্ধন নির্ম্বান্থক নিজ রচনাশক্তি দার। সম্পন্ন করিয়াছেন এমত মহে। তিনি অবশাই স্থাকার করিবেন যে এ রচনাতে অনেক সংকৃত গ্রন্থ হইতে সাহায্য প্রাপ্ত হইয়াছেন। যাহা হউক এই রাসরসামৃত পাঠ করিলে স্পষ্টই প্রতীতি হইবে, যে ইহা কোন গ্রন্থের অবিকল অত্নবাদ নহে; ইহাতে গ্রন্থকর্তার স্বর্গতি অনেক হতন ভাব ও বর্ধনা প্রভৃতি আছে, ও সে সমস্ত একপ স্থমালগ্র, কালোচিত ও প্রন্থিতিয়ের প্রমুদ্ধ বে তাহাতে আনাদিগের করির পাণ্ডিত্যের প্রমুদ্ধ প্রমাণ প্রাপ্ত হওয়া যাইতেছে।

গ্রীশ্রীরাধাকৃষ্ণো জন্মতি।

40>

রাসরসাম্ত।

মঙ্গলাচরণং।

তং নমামি নন্দস্তুমীশমিষ্ঠকারণং।
আদিভূতকারণঞ্চ কালভীতিবারণং॥
সর্বলোকনাথমঙ্গহীনবিশ্বতারণং।
ভক্তবৃদ্দকার্য্যজন্যযুগ্ম রূপধারণং॥
*

*অনেকের মনোমধ্যে এইপ্রকার প্রগাঢ় প্রতীতি জন্মিয়.ছে, যে অদিতীয় ও অশরীরি আত্মারাম, শুদ্ধ অস্তর বধার্থ
মন্থ্যা দেহাবলমন করিয়াছেন। স্থতরাং মৎ কৃত এই মঙ্গলাচরণেতে তাঁহাদিগের বিলক্ষণ সন্দেহ জন্মিতে পারে। কিন্তু
সর্ব্বশাস্ত্রের নিগৃঢ় তত্ত্বের দারা স্পাইই বোধ হইতেছে, যে
তিনি কেবল ভক্তগণের কারণ অপরূপ মুগলরূপ ধারণ করিয়াছেন। নচেৎ অস্তর্রনিধনাদি ব্যাপার তাঁহার কটাক্ষে সম্পন্ন
ইইতে পারে, সে ছল মাত্র। যথা

उक्ररवानीकि प्रमनाচ्त्र।

———— স্মরভূঁরে রাই বনয়ারী
কেবল নিরমল প্রেম কি নিবসতি যুগল মূর্ত্তি মনছারী।
কিবা দোতত্ব রসমাধুরী নিত্য পরম স্থুপ পারাবার।

স্থ্য সেক ভাবক সেবক জন মন মজতহি ততুপরি স্থানিবার

জয় জয় রাধা বংশীধারী।

নিরুপম কপধর, নারিকা রায়কেশ্বর,
প্রেমিক জনের মনোহারী।।

প্রেম বিনা কোন রস, করিতে না পারে বশ,
জানি প্রেমে মজে ব্রজনারী।

সদা প্রেম রসাবেশে, বিহরি যুগল বেশে,
ভাবিকানাথেরে বশকারী।।

विद्यासमादिजीसमा निकलमाभितीदिनः। कुर्भामकानाः कार्यगर्थः ब्रक्षश्वाक्रभक्ह्नना।। न्यार्जभ्ड यमन्द्रवस्तिनः।

অপর্থ।

গোপীনাং তৎপতীনাঞ্চ সর্পেষামের দেছিনাং। যোহস্কশ্চরতি সোহধাক এষকীড়নদেহ ভাক্।। অন্তগ্রহায় ভক্তানাং মান্ত্রয়ং দেহমাশ্রিডঃ।। ইত্যাদি। শ্রীভাগরতে দশশুদ্ধকে রাসকীড়া বর্গনে ৩৩ অধ্যায়ে।

রাসরসামূত।

রাগিণী বেহাগ।
তাল আড়া ঠেকা।

মর্টখরে হেরিতে চলেছ রাসেশ্বরি।
আমারে লইয়ে যেতে হবে সঙ্গে করি।।
ভারবাহী হয়ে আমি যাঁব গো স্থন্দরি।
দয়া করি প্রেমভার দেহ শিরোপরি॥

শ্রীকৃশাবন বর্ণন।
বিলোকের মধ্যেতে ধরণী হৈল ধন্য।
রাধাকৃষ্ণ লীলাস্থান যথা বৃন্দারণ্য ।
নন্দন নিন্দন তথা নিকৃঞ্চাদি বন।
নাহি শোক তাপ পাপ অকাল মরণ।।
তব্ধ নানা জাতি ফল লতায় শোভিত।
নানা পুষ্প প্রক্ষুটিত অতি স্থবাসিত।
ফুলে ফুলে মধুকরে মধু করে পান।
নানা বিধ বিহঙ্গে স্থরঙ্গে করে গান।।
সারি সারি শারীশুক প্রেমে মন্ত স্থ্থে।
ব্যাধাকৃষ্ণ শুণ গা্য পিক উর্ন্ন্ন্র্থে॥
একি অপরপ নিত্য পূর্ণ চল্লোদয়। *

*ইহার অভিপ্রায় এই যে বৃদ্দাবনে নিতাই রাধাক্ষ রূপ পূর্ণচন্দ্রের উদয় হইড; নচেৎ একমাত্র গগণচন্দ্র, বৃদ্দাবনে নিতা সম্পূর্ণ ভাবে উদয় হইলে সর্বাতই তদ্রপ হইবার সম্ভাবনঃ

মন্দ মন্দ স্থান্ধ মাকুত নিত্য বয়॥ নিত্য নিত্য হৃত্য করে যত শিখিগণ। নিতাই বসন্ত নিতাময়ের কারণ॥ . মদন চেষ্টিত হয়ে বেষ্টিত স্বগণে। রতি সহ রহিলেন সদা কুঞ্চ বনে ॥ যথায় যমুনা নদী রম্যা অভিশয় । আরো কত মনোমত আছে জলাশয়॥ বুঝি কাম রাধাশ্যাম ৰূপ নির্থিয়ে। হইল সলিল ময় ভাবেতে গলিয়ে # যে যার ভক্ষক তথা রক্ষক সে তার। ভুজঙ্গে বিহঙ্গে রঙ্গে একত্রে বিহার ॥ প্রীতি করি ভ্রমে করী কেশরির সঙ্গে। শার্দ্দুলের সঙ্গে ভ্রমে কুরঙ্গে স্থরঙ্গে ॥ মুখ ছুঃখ সম তথা নাহি অন্য তত্ত্ব। পশু পক্ষিজাদি রাধাকৃষ্ণ প্রেমে মন্ত।। কীট পতঙ্গাদি রাধাকৃষ্ণের প্রসাদে। সবে স্থার্থবে মগ্ন পর্ম আহ্লাদে॥ কিকব স্থাধের কথা সব স্থা ময়। যথার বিরাজে স্থেমরী স্থম।।

^{*} শ্রীবৃন্দাবনের যমুন। পুলিনে যে কেলিকদম বৃক্ষ, যাহার স্ফুলেডে উপবেশন ক্রিয়া শ্রীরাধাকান্ত জয় রাধেশ্রীরাধে ইত্যা-

শরৎকাল পাইরা সেই বৃন্দাবনচন্দ্রের সম্বোষ জন্য
গগণ মণ্ডলে পূর্ণচন্দ্রে হইল।
আহা আজি কিবা শোভা গগণ সভার।
বার দিরে বসেছেন পূর্ণচন্দ্র রায়।
সঙ্গেবে মহিষী নিশি কিবা শোভাপার।
সভ্য বারা তারা তারা বসিয়ে তথার।
চকোর চকোরী গণ নর্ত্তক তাহার।
প্রজা যত বুবক যুবতী গণ প্রার।।
রসরঙ্গ কর যারা সতত যোগায়।
তহসিল দার তার আপনি অকায়।

দি রবেতে বংশীবাদন করিতেন ; সেই বিটপিবর কলি যুগেও জীবিত থাকিবেক. এমত প্রমাণ পুরাণে প্রাপ্ত হওয়া যায়।

শ্রীবৃন্দানন হইতে যে যে মহাশরের। এ অঞ্জেল আগমন করেন, তাঁহারাও বর্ণন করিয়া থাকেন, যে সে বৃক্ষ অদ্যাপি আছে বটে; কিন্তু একণে তাহার নধীন অবস্থা নাই। অপর অকুরতীর্থভাগার নামক স্থানে অদ্যাপি নিশীথ সময়ে শ্রীকৃঞ্জের বংশীধ্বনি হয়; তত্ততা সাধু মহাশয়েরা শুনিতে পান। বৃদ্ধানে আরও অনেক প্রকার আশ্চর্যা ব্যাপার আছে।

় পুরাণে শ্রীবৃন্দাবনবর্ণনং যথা। সাত্বতাং স্থানমূর্দ্ধনাং বিফোরতান্ত বল্লভং। নিতাং বৃন্দাধনং নাম ব্রহ্মাণ্ডোপরি সংস্থিতং। পূর্ণব্রহ্ম স্থাথেখার্যানিতাসানন্দমব্যয়ং। বৈকুঠাদি তদংশাংশং স্বয়ং বৃন্দাবনং ভূবি।। বংশীপানি ৰূপা দূতী কর্ভৃক শ্রীকৃষ্ণের কুঞ্চ বনে আগমন সংবাদ শ্রবণে গোপীগণের ভাবোদায়। এ ৰূপ স্থাংশু হেরিয়ে হরি। মনে হল যত ব্রজ স্থানারী॥ নিকুঞ্জ কাননে গমন করি। বাজান বসিয়ে বস বাশবী।।

> লোকৈশ্বর্যাঞ্চ যংকিঞ্জিং গোকুলে ভং প্রকীর্তিতং। বৈকুণ্ঠাদি বৈভবং যং দারকায়াং প্রকাশয়েং। যদ্বক্ষ পরমৈশ্বর্যাং নিভাঃ বৃদ্দাবনাশ্রয়ং। তন্মাৎ বৈলোকামধ্যেত্ত পৃথী ধন্যেতি বিশ্রুতা॥ ইত্যাদি।

> > পাল্মে পাতালখণ্ডে ১ অধ্যায়ে।

বুন্দাবন শব্দস্য বাংপভিষ্থা।
যেন বুন্দাবনং নাম পুণ্যক্ষেত্রক ভারতে।
রাধাষোড়শ নামাক বুন্দা নাম শ্রুতে। শুভং।
তস্যাঃ ত্রীড়াবনং র্নাং তেন বুন্দাবনং স্মৃতং।
গোলোকে প্রীভয়ে তস্যাঃ ক্লেন নির্ম্মিতং পুরা।।
ক্রীড়ার্থং ভূবি ভ্রামা তেন বুন্দাবনং স্মৃতং।।
ব্রহ্মবৈবর্তে শ্রীকৃষ্ণ জন্মথণ্ডে বুন্দাবন প্রস্তাবে
১৭ অধ্যায়ে।

বৃদ্ধাবনেশ্বরী গ্রীরাধিকা মাহাত্মাং যথা।
ব্যভাক্সভা সাচ মাতা যস্যাঃ কলাবতী।
ক্ষসান্ধ ক্ষেম্ভ চা নাথস্য সদৃশী পতী।।
গোলোক বাসিনী সেয়মক কৃষ্ণাজ্যাধুনা।
অযোনিসম্ভবা দেবী মূল প্রকৃতিরীশ্বরী॥

তাহার স্বরের কি গুণ মরি।
জন্মিল দূতীর মূরতি ধরি।
হাসি আসি পশি নগরী
জানায় যেখানে যত নাগরী।।

শাতুর্গর্ভ্রং বায়ুপূর্ণং কুত্বাচ মায়য়া সভী।

বায়ুনিংসারনে কালে গুড়াচ শিশ্বিগ্রহং ॥
আবির্ত্ব সা সদ্যঃ পৃথ্যাং কুফোপদেশভঃ।
বদ্ধ তৈ সা ব্রজ রাধা শুক্লে চন্দ্রকলা যথা।।
শ্রীক্ষতেজসোদ্ধেন সাচ মূর্ত্তিমতী সতী।
একা মূর্ত্তির্দি ধাভূতাভেদে। বেদে নিরূপিতঃ ॥
ইয়ং স্ত্রী নপুমান্ কিন্তা সাবা কান্তা পুমানয়ং।
দে রূপে তেজসা ভূল্যে রূপেণ্চ গুণেনচ।।
পরাক্রমেণ বুদ্ধারা জ্ঞানেন সম্পদেনচ।
পুরতো গমনে নৈব কিন্তু সা বয়সাধিকা।। ইত্যাদি।
ক্রন্ত্রিবর্ত্তে শ্রিক্ষজন্ম থতে ১৩ অধ্যায়ে।।
ধা নামোজাব্রান্সবং ক্যু নামোজাব্র বিধির্থা।

রাধা নামোচ্চারণানভরং কৃষ্ণ নামোচ্চারণ বিধির্যথা। নারদউবাচ।

জানোরাধাং সমুক্রার্য্য পশ্চাৎ কৃষ্ণং বিছর্ক্সুধাঃ। নিমিত্তমস্যমাং ভক্তং বদ ভক্তজনপ্রিয় ।।

• শ্রীকৃষ্ণউবাচ।

নিমিত্তমদ্য ত্রিবিধং কথরামি নিশাময়। জগন্মাতাচ প্রকৃতিঃ পুরুষ*চ জগৎপিতা॥ গরীয়দীতি জগতাং মাতা শত গুণৈঃ পিতঃ।

^{*}এ কেবল রূপক অলস্কার দারা পদ বিন্যাস মাত্র, নচেৎ বংশীরব প্রকৃত দৃতীরূপ ধারণ করেন নাই।

ধরিরে মুরারি মোহন ক্প।
হয়েছেন কুঞ্জবনের ভূপ।।
যত কামিনীর কাছে ভ্রুভঙ্গে।
করিবেন কামে দমন রঙ্গে॥

রাধাকৃষ্ণেতি গৌরীশেতোবং শব্দঃ শ্রুতে শ্রুতঃ।। তবৈব ৫২ অধ্যায়ে।।

রাধা শব্দস্য ব্যুত্পন্তির্যথা। রেকোহি কোটি জন্মাখং কর্ম ভোগং শুভান্ডভং। আকারো গর্ত্তবাসঞ্চ সৃত্যুঞ্চ রোগসুৎস্তজ্জং।। ধকার আয়ুযোহানিনাকারো ভববন্ধনং। শ্রুবণ স্মরণোক্তিভাঃ প্রণশ্যতি নসং শন্তঃ।। প্রকারান্তরং।

রেফোছি নিশ্চলাং ভক্তিং দাস্য কুঞ্পদায়ুজে।
সংর্মপ্রিসভং সদানকং সর্বাসিদ্ধোঘনীক্ষরং।।
ধকারঃ সহনাসঞ্চ তউলাং কালমেবচ।
দদাতি সাফিং সারূপাং তত্ত্ব্বানং হরেঃস্বয়ং।।
আকারস্কেজসোরাশিং দান শক্তিং হরে যথা।
যোগ শক্তিং যোগমতিং সর্বাকাল হরি আ,তিং।।
শ্রুত্যুক্তি আর্গাদ্যোগমোহজালঞ্চ কিল্বিষং।
রোগশোক্ষৃত্যুময়া বেপত্তে নাত্র সংশয়ঃ।।
তিত্রৈর ১৩ অধ্যায়ে॥।

প্রকারান্তরং। রা শব্দদ মহদিকোর্বিশ্বানি যস্য লোমস্থ। বিশ্বপ্রাণিষু বিশেষু ধা থাত্রী মাতৃ বাচকঃ।। ধাত্রী মাড।হমেতেষ,ং মূলপ্রকৃতিরীশ্বরী। তাই বলি এস যত যুবতি।
দেখিতে জাঁখিতে কোন্তক অতি।।
তোমাদের অরি সে ছুরাচার।
আজি পাবে প্রতিফল তাহার।।
শুনিয়ে শীহরে সব স্থন্দরী।
বলে কি দূতীর গুণ আমরি॥

তেন রাধা সমাধ্যাত। হরিণাচ পুরা বুধিঃ।।
তবৈব ১১০ অধ্যান্তে।।

প্রকারান্তরং। রা শব্দোচ্চারণান্তকো রাতি মুক্তিং স্ম্পুল ভাং। খা শব্দোচ্চারণান্দু গেঁ ধাবতোব হরে: পদ্ধ।। রা ইত্যাদানবচনোধাচ নির্বাণবাচক:। যতোহ্বাপোতি মুক্তিক সাচ রাধা প্রকীর্তিতা। ইত্যাদি।

তকৈব প্রকৃতি খণ্ডে রাখোপাখ্যানে ৪৫ অখ্যায়ে।
কৃষ্ণ নাম ব্যুংপতির্যথা।
কৃষিভূবাচকঃ শন্দো ৭শ্চনির্কৃতি বাচকঃ।
তন্মোরৈকাং পরংব্রহ্ম কৃষ্ণ ইতাভিধীয়তে॥
শ্রীধরস্থানি বচনং।

ভগবান্ বেদব্যাসাদি ঋষিগণ, ও শিব বিরিঞ্যাদি বৃন্দারক বৃন্দ, বেদাদি শাস্ত্র সমূহ দারা এবং মুক্ত কণ্ঠে যে নির্মাল প্রেম স্বরূপ মূল প্রকৃতি পুরুষের গুন গণ বর্ণন করিয়া মনের তৃষ্ণা নিবৃত্তি করিতে পারেন নাই; তবে এ দীন হীনের দারা কি প্রকারে তাঁহার দিগের অপার গুন পারাবার প্রবিস্তার রূপে বর্ণিত হইতে পারে। জন্য দূতীস্বরে ধার প্রব্ন ।
ইহাতে ধার রে জীবন মন ।।
বে ধনী শুনে এ দূতীর ধানি ।
অমৃতেরে মৃত ভাবে অমনি ॥
হবেনা হবেনা কেন কি দুখে ।
জন্মছে জগত পতির মুখে ॥
নিগম ঘাঁহার বদনোদ্ভব ।
ইচ্ছার ঘাঁহার হইল ভব ।।
হেন জন মুখে জনন যার ।
এগুণ কি কভু আশ্চর্য্য তার ॥
বলিতে বলিতে সভার মনে ।
বে ভাব জন্মিল শুন স্থজনে ।।
সংস্গগ্রণ বর্ণন ।

কিহবে হে গুণধান, কে পূরাবে মনকাম,
কেমনে পাইব শ্যাম, তব অঙ্গ সঙ্গ হে।
গুনেছি শান্তেতে কয়, সঙ্গগুণে কিনা হয়,
সাক্ষী তার রসময়, মুরলীর রঙ্গ হে॥
চন্দন বনের কাছে, যত জন্য বন আছে,
চন্দনত্ব পাইয়াছে, গুনেছি ত্রিভঙ্গ হে।
তাই বলি শ্যামরায়, লয়ে যাও হে আমায়,
নহে নাশ হবে কায়, প্রাণ দেয় ভঙ্গ হে।।

রাসরসায়ত।

গোপীগণের গ্রীকৃষ্ণ নিকটে আগমনের ভাব বর্ণন।

এইকপে বংশীরবে. মোধিত হইয়ে সবে, হেরিবারে একেশবে, চলে ত্বরা করি রে। শিরীতের কি আবেশ, যে করিতেছিল বেশ, ব্যভিক্রন হল শেষ, আহা মরি মরি রে,॥ পদ ভূষা শিরে ধরে, শিরোভূষা পদে পরে, কটি ভূষা কণ্ঠোপরে, পরে সে নাগরী রে।* নাথের হৃদয়োপরি, স্থথেছিল যে স্থন্দরী, চলে কোন ছল করি, আহা মরি মরি রে 🕸 বুল্ধন ভোজন ধর্ম্মে, কি পরিবেশন কর্ম্মে, যে প্রবৃত্ত যেইমর্ম্মে, সব পরিহরি রে। লাজ ভর সব নাশি, খাঁশীর হইয়ে দাসী, বাহির হইল আমি, আহা মরি মরি রেঝ মনে ভাবে পরস্থার, বংশী বরে পরাৎপর, ডাকিছেন মনোহর, মোরনাম ধরি রে।

অলস্কার শাস্ত্রের নতে এই প্রকার ভাবের নাম রিজম। যথা বলত প্রাপ্তিবৈলায়াং মদনাবেশসংজ্ঞাৎ। বিজ্ঞাহার মাল্যানি ভূষাস্থানবিপর্যায়ঃ।। উত্তর্জন নীলমণ্টে। চন্দ্রাবর্ণী ভাবে সাধে, বাশরী জামারে সাধে, রাধা ভাবে বলে রাধে, আহা মরি মরি রে॥ কিন্তু দেখে সে সকলে, যত গোপী কুঞ্জে চলে, হাসিএ উহারে বলে, কোথা সহচরি রে। কহে যত রসেশ্বরী, আমারি নামটি ধরি, ডেকেছে গো সে বাশরী, আহা মরি মরি রে॥ শুনি যত গোপী গলে, আশ্চর্য্য মানিরে মনে, পরস্পর সর্বজনে, কহিছে শীহরি রে। কিবা মুরলীর গান, মরি কি মধুর তান, হরে লয় মনংপ্রাণ, আহা মরি মরি রে॥

* চন্দ্রাবলী, ঞ্জীরাধিকা ব্যতীত তাবৎ গোপিকা হইতে মুখ্যা, এবং ঞ্জিক্ষের নিতা প্রিয়তমা, ইনি ঞ্জিক্ষ তল্য নিতা সৌন্দর্য্য বিশিষ্টা, এবং বৈদঝ্যাদি গুণেতে আপ্রিতা। যথা রাধাচন্দ্রাবলী মুখ্যা প্রোক্তা নিতা প্রিয়াত্রকো। কৃষ্ণবন্ধিত্যসৌন্দর্য্যবৈদ্ধ্যাদিগুণাশ্রয় ।।

উজ্জ্বল নীলমনো।
ইনি শ্রীমতীর পিতৃব্য চক্রতার নাম গোপকন্যা, শ্রীরাধার
ন্যায় ইহাঁরো সমবয়কা সহচরী বহুতরা নবযুবতী; এবং কিশোরীর সঙ্গে ইহাঁর সর্কাদাই স্বপত্নী ভাব। ইহাঁর স্বরূপ যথা
হেমাভাং মধুরস্বরাং বিধ্যুখীং গান্ধ্বনিদ্যারভাং,
নানাভূষণভূষিতাঙ্গমধুরাং জাতী স্নমন্ত্রীপ্রজ্ঞং।
বীণাযন্ত্র স্বরাদিনীং বর্তস্থং চিত্রাশ্বরং বিভ্রতীং,
ধ্যায়ে কৃষ্ণপ্রায়ণাং স্থচিবুকাং চক্রাবলীং মঞ্জুলাং॥
পাল্মে উত্তর ধণ্ডে শিবনারদ স্বাদে শ্রীরাধা জন্মাইনীকথন
মাহাজ্যে ১৬১ অধ্যায়ে।

রাসরসামৃত 🛭

গোপীগণকর্ত্তৃক বংশীধ্বনির গুণ বর্ণন।

আলো ধনি, হেন ধানি, শুনি নাই শ্রাবণে।
একেবারে, সবাকারে, ডাকে বাঁশী কেননে।।
সেই স্বরে, মন সরে, ত্যজি দেহরতনে।
অনুক্ষণ, রাজা মন, দেহ প্রজা ভুবনে।।
দেহ তবে, আর রবে, কেমনে গো ভবনে।
যত দেহ, ত্যজি গেহ, চলিলেক গহনে।

এমন সময়ে পতিভয়ে ভীতা অথচ কৃষ্ণপ্রেমপ্রয়াসিনী কোন কামিনীর খেদোক্তি।

মনে মোর এই ভয়, পতি অতি ছুরাশয়, না জানি ফিরিছে কত মোরে তত্ত্ব করিতে। ফিরে ঘরে গেলে পরে, গঞ্জিবেক ঘরে পরে, তবু রৈতে নারি ঘরে বঁধুর বাশরীতে॥

শ্রীমতীকর্ত্তৃক উত্তর প্রদান।

লোকের গঞ্জনে ভয়, করিলে কি প্রেম হয়, বলনা বলনা বজললনা গো ললনা। তটিনীর তটোপরি, বাঁকাসাঁথি সাঁথি ভরি, হেরি গিয়ে মনোসাধে চলনা গো চলনা, নিত্যস্থ অসেমনে, ঋষিগণ রহে বনে, কি ভয় হিংসকগণে বলনা গো বলনা, যে জন জগত্সার, তাঁহারে ভজিতে আর, কেহ যেন কোন বাধা জলনা গো জলনা,

কোন গোপিকার দেহত্যাগানম্ভর ঞ্জিকৃষ্ণ প্রাপ্তি।

এইকপে কুঞ্চবনে হায় গোপীগণ।
এখানেতে প্রাম মধ্যে শুন বিবরণ।।
এক সতী পতিভরে আসিতে না পারি।
ছদিমাজে চিন্তা করে ত্রিভঙ্গমুরারি।।
ভাবিতে ভাবিতে শেষে ত্যাগ করি অঙ্গ।
সকলের আগে সেই পাইল ত্রিভঙ্গ॥
বিচ্ছেদবিকার তার হইল শরীরে।
কাষে কাষে তমুত্যাগ হইল অচিরে।
ফুক্ষময় হৈল প্রাণ ত্যাগ করি কায়।
স্থতরাং সবার আগে তার প্রাণ বায়॥
সব গোপিনীর চেয়ে তার ভাল ভাল।
শাপে হয়ে গেল বর মরি কি কপাল।।

কোন কোন গোপিকার স্ব স্ব গৃহেতেই একৃষ্ণপ্রাপ্তি।

আরো কতিপর গোপী স্বামির শক্ষার।
শ্যামদরশনে কুঞ্চে যাইতে না পার॥
সেই অপরূপ রূপ মদনমোহনে।
বিরলে বসিয়ে ধ্যান করে এক মনে।।
অতি অমুরাগে ধ্যান করিতে করিতে।
জ্ঞানচক্ষে ধ্যানধনে পাইল দেখিতে॥
ভাগ্যবতী গোপিকার মনঃপ্রাণ সঙ্গে।
বিহার হইল তাঁর মহা রক্ষে ভঙ্গে॥
যোগীক্র মুনীক্র যাঁর সন্ধান না পার।
মেয়ে হয়ে পেলে তাঁরে হায় হায় হায়॥
অতএব কিবা ভাগ্য

র্ণাপীগনের শ্রীকৃষ্ণনিকটে আগমন।

এখানে ঞ্রিক্ষে মন সঁপি গোপীকুলে ॥ ব্যাকুলা হইরে ধায় কালী দিয়ে কুলে ॥ প্রেম ভরে অবশাঙ্গ খসিছে তুকুল। টানিছে প্রেমের ডোরে কি করে তু কুল ক্রমে আসি প্রণমিল গ্রীহরির পায়।
কমলকাননে যেন ভৃঙ্গ শোভা পায়।
হেরিয়ে ঈষৎ হাসি মনঃপ্রাণ হরি।
ছলে গোপীগণে কিছু কহিছেন হরি।

000

ইতি গ্রীষারিকানাথ রায় বিরচিতে গ্রীরাসরসামৃতে মহা কাব্যে গ্রীপ্রেমছারবিমোচনোনাম প্রথমোরসং॥ শ্রীশ্রীরাধাকৃষ্ণো জয়তি।

ব্লাসরসাম্ত।

অধ দ্বিতীয় রস।

রাগিণী শোহিণীবাহার। তাল মধামান।

এতদিন পরে বিধি নিধি দিল করে রে।
পাইলাম প্রাণপ্রিয় শ্যাম গুণাকরে রে॥
গুন ওরে ব্রজভূমি, কি ভপ করেছ তমি,
নিরস্তর নটবর ভোমাতে বিহরে রে।
সদাই তোমার স্থা, নাদেখ বিরহমুধ,
মোরে কেন চত্তর্মুখ, কুলবতী করে রে॥

া গোপীগণের প্রতি একুফের উক্তি।

আমি সব জানি চরাচরে। আমি হে ত্রিলোকস্বামী, আমি হে অন্তর্যামী। আমি থাকি বাহিরে অন্তরে। শুন যত রসবতি, যে কামিনী নিজপতি, ভক্তি যোগে না করে সেবন। এলোকে অযশ তার, পরলোকে নাহি পার, এই সর্ব্ব শান্তের লিখন॥ *

পুনর্বার ঐক্ফের উক্তি।

যে ঘোর যামিনী, কুলের কামিনী, হইয়ে কামিনী, এলে হে বনে।

দেখিএ করম. কাঁপিছে মরম, ভয় কি সরম, নাহিক মনে॥

কেন গোপীকুল, তাজিয়ে ত্রি কুল, হইলে ঝাকুল, স্বৰূপ কবে।

পতি ত্যজি পরে, প্রাণ দিলে পরে, পাপ সিম্বৃপরে

ভাসিতে হবে ॥

তাই বলি সকলে ঘরে ফিরে যাও। ‡

^{*} এই কবিতাতে শ্রীকৃষ্ণ আপনাকে ভঙ্কনা করিতে গোণী গণকে নিষেধ করিলেন, এবং প্রবৃত্তিও দিলেন; এই ছুই জার্থই স্ফুর্তি হয়।

[‡] বিশেষতশ্চ। ভর্তুঃ স্তঞ্মুষণং স্ত্রীণাং পর্ধর্মোহ্যমায়য়া। তথ্যকুনাঞ্চকল্যাণ্যঃ প্রজানাঞ্চানুপোৰংং॥

শ্রীমতীকর্তৃক উত্তর প্রদান।

বেদের ভারতী, ত্রিজগত্পতি, ন্তমি হে ঞ্রীপতি, শুনোছ সব।

তোমারে ভজিয়ে, অধর্মে মজিয়ে, দরকে ডুবিয়ে,

রই হে রব॥

ক্লংশীলো ছর্ভগো বৃদ্ধো জড়ো রোগ্যধনোপিবা। পতিঃ স্ত্রীভির্বানো লোকেপ্সুভিরপাতকী।। অম্বর্গাময়শস্যঞ্চ কল্পকূছ্ৎ ভয়াবহং। জুওপি্সতঞ্চ সর্ব্বতহ্যোপপতাং কুলস্ত্রিয়ং।। জ্রীভাগবতে ১০ ক্ষন্ধে রাসক্রীড়াবর্গনে ২৯ অধ্যায়ে।

পুনশ্চ।
ন তীর্থসেবা নারীনাং নোপবাসাদিকাংক্রিয়াঃ।
নৈব ব্রতানাং নিয়মোভর্ত্; শুল্রু ষংংবিনা।।
ভর্ত্তিব যোষিতাং তীর্থং তপোদানব্রতং গুরুঃ।
'তক্ষাৎসর্কাল্যনা নারী পতিসেবাং সনাচরেং।।
পত্যুঃপ্রিয়ং সদা কুর্যাদিচসাপরিচর্যায়।
ভদাক্তামুচরীভূত্বা তোষয়েৎ পতিবাদ্ধবান্।।
নেক্ষেৎপতিং ক্রুরদ্টা। শ্রাবয়েরিব প্র্রচঃ।
নাপ্রিয়ং মনসা বাপি চরেৎ পত্যুঃ পতিব্রতা।।
কায়েন মনসা বাচা সর্কদা পিয়কর্মভিঃ।
যাপ্রীণয়্ডি ভর্তারং সৈব ব্রহ্মপদং লভেং।।
মহানির্কাণ্ডব্রে অপ্তমোল্লাসে।

ৰদি অগংপতি, হৈল পরপতি, কোন মুচমতি,

পতি কেশব।

মরি হার হার, জেনেছি তোমার, ভুলাবে কাহার কথাতে তব ৪

অন্যচ্চ। প্রতিরেকোগুরুস্ত্রীণাং চাণকাসংগৃহীত সারসংগ্রহে।

काशतका।

নগরন্থে বনস্থোবা পাপো বা যদি বা শুচিঃ। যাসাংস্ত্রীগাং প্রিয়ো ভর্তা তাসাং লোকা মহোদয়া॥ ভর্তা হি পরসং ন্যার্যা ভূষণং ভূষটার্ক্তিনা। এষা বিরহিতা তেন শোভনাপি ন শোভনা। বিষণুশর্মসংগৃহীত হিতোপদেশে বিগ্রহ্থতে।

কিঞ্চ

সা ভার্যা যা গৃহে দক্ষা সা ভার্যা যা প্রজাবতী।
সা ভার্যা যা পতিপ্রাণা সা ভার্যা যা পতিব্রতা॥
ন সা ভার্যাতি বক্তবা যসা ভর্তা ন ভ্রয়তি।
ভরেষ্ট ভর্তার নারীণাং সন্তুফীঃ সর্ব্বদেবতাঃ॥
ভর্তা যস্যা শুণান্ ব্রতে শীল ধর্ম সমন্বি তান্।
অগ্নিসান্দিক মধ্যাদেশ ভর্তা হি শরণং খ্রিয়ঃ॥

ইত্যাদি। ভুৱেব নিত্রলাভখণ্ডে।

গ্রীকৃষ্ণকর্ত্তৃক তছত্ত্রর প্রদান।

পুনর্ম্বার ছল করি কহেন জ্রীকাস্ত।
ভাল যেন আমি ব্রহ্ম চিনেছ একাস্ত।
ভাল যেন পাপ নাই ভজিলে এ কাস্ত।
কিন্তুলোকে বুঝিবেনা হলেও প্রাণাস্ত।
যরে পরে কলঙ্কিনী বলিবে নিতাস্ত।
ভাই বলি গোপীগণ প্রেমে হও ক্ষাস্ত।

পুনর্মার শ্রীমতীর উত্তর।

কলকের ভয় কি দেখাও রসময়।
তাই চাই শ্যামকলক্ষিনী নাম হর।।
বে রসেতে রসিক যে জন রসরার।
সেই কথা জল্পনায় কাল তার বার।
শারনে স্থপনে কিম্বা ভোজনে ভ্রমণে।
সেই ভাব ভাবয়ে সতত মনে মনে।
করে সে যে কোন কর্ম্ম রয় সে যেখানে।
মন কিন্তু থাকে তার সেই দিক্ পানে।
সে রসে রসিক তারে যদি কেহ বলে।
ভাবে গদগদ হয়ে আহ্লাদেতে গলে।

যদি লোকে কলস্কিনী বলে গোপিকায়।
সে কলস্ক ভূষণ হবে হে সর্ব্যকায়॥
যদি লোকে বলে গোপী হারাইল কুল।
আমরা বলিব বঁধু পাইলাম কুল॥
এভাব ভাবক বিনা বুঝে কোন জন।
শুনিয়ে হাসেন হরি মদনমোহন॥

শ্রীকৃষ্ণপ্রতি বৃন্দাদূতীর উক্তি।

কাছে আসি হাসি হাসি বৃন্দাদূতী কয়।
বুবেছি তোমার ভাব শুন গুণনয়।।
গোপিকার ভুক্যুগ ধন্মর সমান।
নয়নের তুণে আছে কটাক্ষের বাণ।।
সেই চাপে সেই বাণ করিয়ে যোজন।
প্রহার করিয়ে লয় হরিয়ে চেতন ॥
সেই ভয়ে বুঝি নাথ হইয়ে ভাবিত।
ফিরে যেতে গোপীগণে কহিলে ম্বিত ॥

শ্রীকৃষ্ণের প্রত্যুত্তর।

একি কথা প্রাণদূতি কহিলে কেমনে। ন্তমি অতি বৃদ্ধিমতী এই বৃদ্ধাবনে।। ষদি ও কটাক্ষবাবে হয় হে মরণ।
অধর সুধায় পুন পাইব জীবন।।
তাই বলি বল দেখি কি ভয় তাহায়।
বরং সে সুধায় ষম জয়ী হওয়া যায়।।
অগ্রে কিছু ক্লেশ পেয়ে শেষ এত সুখ।
হয় বার তারে সখি বিধাতা সুমুখ।

অতএব দূতি: আমি গোপীগণকে আর আর কারণে গৃহগমন করিতে অনুমতি প্রদান করিতেছি; নচেৎ এবি-ষয়ে আমার লাভ ব্যতীত কোন মতেই হানি নাই।

-000-

পুনর্কার এরাধার উক্তি।

গোপিকার দেহরথে, অতিশয় মনোরথে,
সারথি হইলা মন শুন মহামতি হে।
পদদ্বর হর তার, তারা বা কেমনে যার,
না করে সারথিবর যদি অত্মতি হে।
সারথির মনস্কাম, তোমারে তুলিবে শ্যাম,
গোপীর শ্রীররথে ত্বরাকরি অতি হে।
তবে ওহে শুণাগার, কেমনে ভবনে আর,
ফিরে যেতে পারে সব নব রসবতী হে।।

শ্রীকৃষ্ণের উত্তর।

বিধুমুখি বলনা তব সারথিরে

শ্রীনন্দনন্দন না বিহরে জীববপুর্থবাহিরে ॥

নিরস্তর অন্তরে বিহরে তিলেক অন্তর নাহিরে।

তবে কি মতে বাসনা পূর্ণ হইবে বলনা স্থিরে ॥

শ্রীরাধাকর্তৃক তছন্তর প্রদান।

শুন শুণসাগর রসময় নাগর স্থদীননাথ মুরারে। জীবশরীরে গোপনভাবে বিহরিছ আত্মাকারে॥ বাহির হইয়ে বিহার করিলে কি দোষ তাহে বলনা। তব ছল বচনে হে বংশীধর কভু ভুলিবে না ললনা॥*

সকল গোপিনীর উক্তি।

শুন ওহে রসরায়, বিশেষ যে দূতিকার, পাঠাইয়ে ছিলে হে নগরে। শুনিয়ে তাহার বাণী, অমৃতেরে মৃত মানি, শ্রোত্রেন্দ্রিয় মোহিত অন্তরে॥

^{*} এই ছন্দ:বয় মাত্রাবৃত্তি, অর্থাৎ লঘু গুরু উচ্চারণাধীন পাঠ্য

শ্রোত্রের দেখিয়ে গতি, নেত্রের হইল মতি, দর্শন করিতে তব মুখ। কর্ত্য় জানি ইহা, করে আলিঙ্গনে ঈহা, ভাবে তবে যায় মনোদ্রথ !! এ তত্ত্ জানিয়ে পদ, হয়ে ভাবে গদগদ, राल भारत हिन्छ। मृत कत । राक्टरन मवादत बरत, अथनि चा हेन लाख, যেখানেতে জগত ঈশ্বর।। ভ্নিনে ইন্দ্রিগতি, মনরার মহামতি, সকলে আখান দিয়ে বলে ! আমি আগে দেখে আসি, কেমন সে গুণুৱাশি, পরে লয়ে যাব হে সকলে ॥ এই বলি মন এল, আরু নাছি ফিরে গেল, রাজা বিনা প্রজা হত হয়। তাই করি প্রাণ পণ, এসেছি হে নারায়ণ, ফিরে নিতে মন গুণনর॥ তুনি প্রভু অনায়াদে, মনোভূপে নিজ পাশে লুকায়ে রাখিলে চুরি করি। যদি তারে দেহ ফিরে, ফিরে যাই ধীরে ধীরে, ওহে বঁধু মনোচোর হরি॥

চিরকাল নীলমণি, তুমি চোরচ্ছামণি,
ক্ষীর ননী করিতে হরণ।
রাজপথে আসিছুটে, গোপীর পসরা লুটে,
করপুটে করিতে ভোজন ॥
ভাতে কিছু বড় ক্ষতি, হতো না হে ব্রজপতি,
তুচ্ছ খাদ্য দ্রব্য বৈত নয়।
শরীরের সার ধন, চুরি করি নিলে মন,
কেমন বিচার রসময়॥
মনে বদি নিলে হরি, প্রাণে রাখ সঙ্গে করি,
মন ছাড়া প্রাণ নাহি রয়॥

শ্রীকৃষ্ণকর্ত্তৃক উত্তর প্রদান।

হার মোরে মনোচোর বলিলে কেমনে
তোমরাতো বড় সাধু এতিন ভুবনে।।
মরাল বারণ হতে হরেছ গমন।
দৈহতে মুখছাঁদ করেছ হরণ।।
সিংহ হতে কটি নিলে করিয়ে চাতুরী।
নিতম্বতে দীপের উচ্চতা কর চুরি॥
অতএব কত আর করিব হে নাম।

তবু মোরে চোর বল রাম রাম রাম।।
বিধিও তেমতি শাস্তি করেছে প্রদান।
সকলেরি বুকে কুচপাষাণ চাপান॥
মলকপ বেড়ি পায় তবু দপ সার।
চালনী বলেন স্থঁচে কি ছিদ্র ভোমার।।
সে বাহক কেহ কেহ এসেছ যে বেশে।
লক্ষায় উদ্মন্তগণ ভ্রমে দেশে দেশে।।
শুনি সে সবার মন হইল চেতন।
লাজ উপজিল অঙ্গে পড়িয়ে নয়ন॥
একেএকে সবে হরি জিজ্ঞাসে কারণ।
চতুরা গোপী কি বলে শুন স্বজিন॥

প্রশোত্তর প্রবন্ধ।

কৃষ্ণ কেন হে একপ বেশ কহনা স্বৰূপ ?
'গোপী তোমার বংশীর গুণ কি কব ঞ্রীরূপ ॥
কৃষ্ণ বসন ভূষণ কেন বিপরীত ভাব ?
গো ভাবে বুঝ প্রণয়ের এমতি প্রভাব ॥
কৃষ্ণ শিরোভূষা কি হেতু চরণে শোভা পায় ?
গো তোমারে দেখিবে বলি ধরিয়াছে পায় ॥
কৃষ্ণ অঞ্জন কি হেতু ভালে ধঞ্জননয়নে?

গো—অগ্রসর হইয়ে দেখিতে সাধ মনে।। কৃষ্ণ কঙ্কণ কি হেতু কর্ণে কছনা আমায়? গোলকালে ধরে টেনে আনে দেখাতে তোমায় কুফ নাসার বেশোর ধনি কি কারণ করে? গো সময় না পেয়ে কর এই ৰূপ করে।। ইফ্ট একি দায় ন'বীবে কথায় আঁটা ভার? গো এত নিখ্যা কথা নয় ভেব না অসার।। ক্ষ যাহা কহি বিপরীত ঘটাও তাহায়? গো—এমন ভাবিলে বঁধু ভবে বড় দায়।। द्रक्ष कुलवाला अवना मत्रना कच्च नग्न? গো ছাডিবনা প্রমাণ না দিলে রসময়।। ইফ শুন দে প্রমাণ তবে গোপাঞ্চনাগণ? গো কহ দেখি বাঁকাঅাঁখি শুনি সে কেমন।

ছলে 🎒 कृष्णकर्जुक नातीनिना।

অবলা সরলা নারী কোন মূঢে বলে।
তবে আর কেবা বলী থল ভূমণ্ডলে।।
শুনিয়াছি ভীম নাকি বড় ভীম বলী।
কিন্তু সে তাহার বল গদাতে কেবলি।।

নারীর বলের কথা বলে সাধা কার। অস্ত্র শস্ত্র গদাদিতে কি কাজ তাহার ॥ বারেক ভঙ্গিমা যারে করান্ দর্শন। তথনি সে প্রায় যায় শমন ভবন॥ অস্ত্র শস্ত্র গদাদি করেন যদি করে। তা হলে সংসার আর না জানি কি করে॥ সরলাও এই ৰূপ কি কহিব আর। " যেমন্ দেব ভূষণ বাহন তেম্নি তার '' সর্পেরে সকলে বলে খলের প্রধান। কিন্তু সে কখন নয় নারীর সমান।। কাছে আসি সর্প যদি করয়ে দংশন।। তবেত জীবের হয় তখন মরণ।। দূরে থাকি নেত্রে নারী হেরেন যাহারে। ছখনি অমনি প্রাণে বধেন তাহারে॥ স্থ ধীর স্থধীর উক্তি " বিষে বিষ ক্ষয়''* मर्लि यिन श्रूनः मः स्य वाँ एक स्मिक्य ॥ নারীগণ পুনংপুন দৃষ্টি দেন যত।

[•] শ অস্য কবিতেরং
দৃষ্টিং দেহি পুনর্কালে হরিণায়তলোচনে।
শুয়তে হি পুরা লোকে বিষদ্য বিষমৌষধং॥
শৃঙ্গার তিলকে।

ভতই করেন নরে ক্রমে ক্রমে হত॥ তাই বলি গোপীগণ বুঝনা বিচারে। খলতার ভুজঙ্গ কি জয়ী হতে পারে। কিন্ত এক গুণ আছে কামিনী সবার। তুঃখ পারাবারে তাই নরে হর পার।। সর্প দেখ কাছে এলে অংশ্য মর্ণ। কামিনী আইলে কাছে জীবের বাঁচন॥ দূরে থাকি কটাক্ষে বধেন প্রাণ যার। কাছে এলে করেন জীবন দান তার॥ বিশেষত জীমুখের স্থপা দেন যায়। কটাক্ষের যে ক্লেশ তথনি তার যায়॥ মহা স্থাই হয় যেন করে স্বর্গ পায়। এই হেতু নারীবশ পুরুষেতে প্রায়॥ ভাল ভাল এক কথা জিজ্ঞাসি সবায়। প্রেম যে করিবে তবে প্রেম কহে কায় ॥

চক্রাবলীকর্তৃক প্রেমবর্ণন।

ঙন রসময়, প্রেম পরিচয়, কপ তার অপকপ। নিন্দি ইন্দীবর, আঁথি মনোহর, বদন সরোজ কপ।

লাজেতে চপলা, হইল চপলা, হেরিয়ে তাহার হাসি। তাহার বচন, না শুনে যে জন, সে হয় স্থধা প্রয়াসী।। স্বভাব সরল, অতি নিরমল, তুলনা কি হবে চাঁদে। কলস্কী সে জন, বিখ্যাত ভুবন, মৃগহরণাপবাদে ॥ তার মন্ত্রিবর, পরম স্থন্দর, আবেশ আখ্যান যার। থেদে কাঁদে প্রাণ, হয়ে ৰূপবান, অল্ল দৃষ্টিশক্তি তার !! সে যারে দেখার, সে যারে চিনার, তারে প্রেম ভাল বাসে। শয়নে স্বপনে, ভোজনে ভ্রমণে, রাথে তারে চিদাকাশে॥ নিরন্তর স্থবে, থাকে মুখেমুখে, এই সাধ অনিবার। বিরহবদন, দেখিতে কখন, বাসনা নাহিক তার॥ মিলন সনয়ে, বিরহের ভয়ে, ভাবিয়ে ব্যাকুল মনে। বিরহ যথন, মিলন কারণ, সতত মগ্ন রোদনে॥ দোষ গুণ তার, না করে বিচার, বরং দোষে গুণ ভাবে: ষদি কটু কয়, তাহ। সয়ে রয়, বরং গদগদ ভাবে ॥ গুরুর গঞ্জনে, লোকের লাগুনে, কিছু নাহি ভয় হয়। হলে পরসঙ্গ, তাহারি প্রসঙ্গ, লাজ ভয়ে নাহি ভয়।। হলে সে কুৰূপ, না ভাবে বিৰূপ, ভাল বাসে নিশি দিবা। আহা মরি মরি, দেখ প্রাণহরি, আবেশের শক্তি কিব।॥ কাল ৰূপে তাই, মজিয়ে স্বাই, হয়েছি তোমার দাসী। শুনি দে ভারতী, মোহিত গ্রীপতি, অধরে বা ধরে হাসি॥

শ্রীরাধার উক্তি।

व्यादा अन देति, निर्वान कति, প্রেমে আর ব্রহ্মে প্রভেদ নাই। ষত মৃচমতি, এধনের প্রতি, প্রতিবাদী হয় কেন কানাই। ব্রক্ষের ভজনে, ভবনে স্বজনে, শয়নে ভোজনে, উদাসা জ্ঞান। মান অপমান, সকলি সমান. স্থান কুন্থান, বোধ সমান॥ লোক লাজ ভয়, কিছু নাহি রয়, নীচানীচ ভেদ নাহিক মনে। কি শুচি অশুচি, ছুরে সম রুচি, দ্যা মায়া সব সেএক জনে॥ প্রেমোপাসনার, তেমতি ব্যভার, দেখনা বিচার, করিয়ে মনে। তাই প্রেমধন, করি আরাধন, ব্ৰহ্ম সনাতন, ভাবি সে ধনে॥

শ্যাস হে তুমি সেই প্রেমমর মাত্র স্থতরাং তুমিই ব্রহ্ম, আমরা অবশ্যই তোমার প্রেমের দাসী হইব, কোন বাধা মানিব না, কোন মতে ভুলিব না; অতএব প্রার্থনা করি*

পক্ষজলোচনে, কৃপাবলোকনে, মমপ্রাণ মনে, রাখ হে হরি। তব স্থধা পান, করে মনঃ প্রাণ, হয়ে সাবধান, দিবা সর্বারী॥ মনঃ প্রাণ হয়, চঞ্চলাতিশয়, বিচ্ছেদের ভয়, তাইত কবি।

* আনার প্রেম্ময়ী রস্বতী রাধে; ধন্যা ধন্যা জগন্মান্যা রাজকন্যা সতী; আহা নরি তোমার কিবা বুদ্ধির প্রশ্বরতা, ভগবান্চন্দ্রেতে আর প্রেমেতে যে কিছুমাত প্রভেদ নাই, তাহার সংশয় কি। দেখ ভগবানের যেরূপ রূপ ও লক্ষণ প্রে-মেরো সেই প্রকার সর্বস্ব; আর প্রেমের অধিফাত্ দেবতা স্বরং শ্রীকৃষ্ণ যথা।

তিন্ত দ্বংশ্য়িভাবং প্রেমা শ্যামকলেবরং।

ক্রীকৃষ্ণ দৈবতঃ শুদ্ধ সভাব প্রকৃতির্বতঃ।।
ভোজদেবীয় রসকৌ মৃদ্য ২।
অতএব এই প্রেম পরিপক্ষ হইলেই সেই অতুল্য অমূল্য ধন
যে নিত্তা সূখ তাহা অবশ্য লাভ হয় যথা।
প্রেম পরিপক্ষ হৈলে হয় মহারাগ।
মহারাগ হয় যার সেই মহাভাগ।।
বন্যারি গোবিন্দ প্রকাশিত রসতর দ্বিনী গ্রন্থে।

ভা হলে আমার, কাম বিষে আর, নাহিক নিস্তার, কেমনে তরি॥ *

শ্রীকৃষ্ণের প্রসন্নতায় গোপীগণের অহন্ধার ও তদ্ধারা শ্রিকৃষ্ণের অন্তর্ধান।

তথন শ্যামে নিজ্তর দেখি যত গোপীগণ।
বুঝিল সম্মত হৈল মদনমোহন ॥ ‡
কেহ আসি হাসিহাসি পীত ধটি ধরে।
কেহ বা ভূভক্ষ করে রস রক্ষ ভরে ।
কেহ বনফুলে মালা গেঁথে দেয় গলে।
কেহ বা গ্রীপদমুগ মুছার অঞ্চলে ।
কেহ বা গ্রীপদমুগ মুছার অঞ্চল ।
কেহ তাঁর কর নিজ পরোধরে ধরে।
কেহ গুণগান গায় স্থমধুরস্বরে ।
কেহ পুষ্প গুচ্ছলয়ে চূড়ায় পরায়।
কেহ বলে কাম পূর্ণ কর শ্যামরায় ॥
কেহ চল্রমুখ পানে এক দৃষ্টে চায়।
বলে কেন পলক হইল হায় হায়॥

এই কবিতাতে তিন অর্থ ক্রিরিয়; প্রথমার্থ শ্রীক্ষের
 প্রতি শ্রীরাধার উক্তি; দিন্তীয়ার্থ শ্রীরাধিকার প্রতি শ্রীকৃষ্ণের
 উক্তি; তৃতীয়ার্থ শ্রীকৃষ্ণের প্রতি গ্রন্থকারের প্রার্থনা।

[‡] य रङ्कूक " योनर मगां जिक्क नहः"।

মনে মনে মহা দর্প হইল সবার। ত্রিলোকে এমন ভাগ্য কোথা আছে কার॥ मित्नभ गर्भ भाषा विधि काली काल। সন্ধান না পান যাঁর সাধি সর্ককাল। সে ধন এরিন্দারণ্যে গোপিকার ধন। ধন্য ধন্য বুন্দার্ণ্য ধন্য গোপীগ্রণ॥ এই ৰূপে ব্ৰজান্ধনা মহা গৰ্বে করে। অন্তর্যামি ভগবান্ জানিলা অন্তরে। গোপিকার অহঙ্কার করিবারে চূর্ণ। রাধা সঙ্গে একা শ্যাম অন্তর্হিত তুর্ণ। যদি বল দোঁহে একা সে আর কেমন। ভাৰক সেবক বিনা কে বুঝে কারণ ॥ এক ব্রহ্ম ত্রিলোকেশ ত্রিলোক তারণে। প্রকৃতি পুরুষ ৰূপে ভেদ বৃন্দাবনে॥*

শ্বথা। দক্ষিণাঙ্গশ্চ প্রীকৃষ্কো বামার্ক্লাঞ্চাচ রাধিকা।
বভূব গোপীসংঘশ্চ রাধায়া লোমকূপতঃ॥
রাধারামাংশভাগেন মহালক্ষ্মীর্বভূবসা।
চত্তভূজিসা যা পত্নী দেবী বৈক্পবাসিনী।। ''
জ্ঞীকৃষ্ণলোমকূপৈশ্চ বভূবুঃ সর্ব বল্লবাঃ॥
ক্রন্ধাবৈবর্তে প্রকৃতিখণ্ডে রাধোপাখ্যানে ৪৫ অধ্যায়ে।
ক্রম্ম দেবী হরেঃকোড়ে ছায়ারায়াবকামিনী॥
তক্তিব।

বনে বনে পদব্রজ্ঞে চলিতে চলিতে।
কমলিনী সতী অতি ব্যথা পান চিতে॥
কাতর হইয়ে কৃষ্ণে কহেন গ্রীমতী।
আমি আর চলিতে না পারি প্রাণপতি॥
আপনার প্রকৃতির বাড়াইতে মান।
রাধারে করেন ক্ষন্ধে স্বয়ং ভগবান্॥
বিধুমুখী অধােমুখী লজ্জা পেয়ে মনে।
জ্বং হাসিয়ে মুখ ঢাকেন বসনে॥ †

† অত্ৰ জ্ঞানেদ্ব্যাস গোষানী বৰ্ণন করেন্; যে যে গোপীকে
লইয়া জ্ঞাক্ষ অন্তৰ্হিত হন্, তঁ,হারও অর্থাৎ রাধারও মনোমধ্যে অহঙ্কার জ্ঞামাছিল। এ জন্য দর্পহারি রামেশ্র তাঁহাকেও বিরহ সাগরে বিসক্জন পূর্বাক অন্তর্হিত হইয়াছিলেন।

यथा।

সাচনেনে তদাত্মানং বরিউং সর্ব্ধ যোষিতাং।
হিত্বা গোপীঃ কাময়ানা মামসৌ ভজতে প্রিয়ঃ॥
ততো গত্বা বনোদেশং দৃটা কেশবমক্রবীং।
ন পার্য়েহঞ্লিতুং নয়মাং যত্র তে মনঃ॥
এবমুক্তঃ সতানাহ ক্ষন্ত্মমারুহাতামিতি।
ততশ্চন্দ্রিধে কৃষ্ণ সাবধূর্যতপাত ॥
ভাগাতে ১০ ক্ষাের রাসক্রীড়া বর্ণনে ৩০ অধ্যাারে।

ভাগবতে ১০ ক্ষরে রাসক্রাড়া বন্দে ৩০ অধ্যায়ে।
কিন্তু যিনি শুদ্ধ প্রেমনগ্রী মূলপ্রকৃতি; খাঁহার চরিত্র অহক্ষারের লেশ মাত্র শূন্য; যিনি কেবল স্থখনয় প্রেমের ব্যাপার
ভিন্ন আর কিছুই জানেন না; আমি ভঙ্গনহীন সাধারণ নর,
কি প্রকারে তাঁহার এ প্রকার অহক্ষাররূপ পাপ্রিকার বর্ণন

ষ্মত্র প্রীকৃষ্ণের এই প্রকার ব্যবহার দেখিয়া গ্রন্থকারের মনোমধ্যে এই ভাবোদয় হইল।

অপকপ জ্রীরাধার প্রেম।
তাই মন বলি সার, ঘরে কাজ নাহি আর,
সেই প্রেমে মজ হবে ক্ষেম।
যদি বল প্রাণ সম, ঘরে আছে নারী মম,
কত স্বর্ধ তার আলিদ্দনে।

করিতে পারি; যে হেতুক অহন্ধারের পর আর রিপু নাই; "নাহন্ধারাৎ পরোরিপু:" গোষামীজী সান্ধাৎ ভগবান "ব্যাসো নারায়ণঃশ্বয়ং" তাঁহার সকলি শোভা পায়। বিশেষতঃ প্রেম পক্ষে অহন্ধারাদি অতি গহিত, যাহাতে কোন কলন্ধ নাই, কেবল নির্দ্দাল আফ্রনীজলসদশ বিমল্টিন্ত ব্যক্তির শীলতা দারা যাঁহার অবয়ব নির্দ্দিত হইয়াছে। অতএব যিনি এই জগতকে এমন পরম পদার্থ প্রেম নিধির শিক্ষা প্রদান করিতেছেন, এবং যিনি প্রেমের মাহাত্মা বিস্তার করিতে অব নীতে অবতার। হইয়াছেন, তিনি কি এই প্রকার তাহাতে কলন্ধ যোজন করিতে পারেন। অপর শ্রীক্ষচন্দ্র যে শ্রীমন্তী-কেকন্ধে করিয়াছিলেন, তাহার প্রমাণ। যথা।

সৌভাগ্যেন ব্রজকুলবধূ সার্থ সীমন্তরত্বং, যা কংসারেরভিগুণবতী স্কল্পনগ্যারুরোছ। সেয়ং রাধা ব্যথয়তি ভস্থং ধূলিভিধূ যরাঙ্গী। নীহারাশ্রু স্পাতনয়নাঃ শাখিনো রোদয়ন্তি॥ উদ্ধবদুভ কারে।।

কিন্তু তার এই রতি, ক্ষুদ্র জ্ঞান যেন রতি, রাই রতি আছে যার মনে। তথাপি কেম্ন মায়াজাল। জানিয়ে সকল তত্ত্ব, সংসার পালনে মন্তু, হয়ে আছে কি ঘোর জঞ্চাল। রাধার মধুর হাসি, যেমন পীযুষ রাশি, হাসি নয় সে প্রেমের ফাঁসি। তবু নারী ঈষৎ হাস্য, তবু নারী রূপ আস্যু, কেন এত ভাল বাসাবাসি॥ অনুবোধ রাখহ আমার। দেখ দেখি একবার, বশ হয়ে রাধিকার, কত স্থুখ হয় হে তোমার॥ ধিকুরে অবোধ মন, প্রিয় তব হেন জন, যে অনিতা জল বিশ্ব মত। যৌবন যে আছে তায়, সে অশীত শশিপ্রায়, দেখিতে দেখিতে হয় হত॥ ভাব দেখি ভাব ঞীরাধার। त्य विद्वार्योवनी धनी, तमनीत भित्तामनि, অজর অমর তমু যাঁর। দে দ্বপ ৰূপত আর, ত্রিভুবনে পাওয়া ভার, সর্বৰূপ যা হতে জন্মান।

याँदा कन वश्मीशांति, आमात ताई कि माती, স্থরের শরের খর শান ॥ কি বর্ণিব চবিত্র ভাঁহাব। যেন অতি স্থশীতল, নির্মাল জাহুবী জল, শুদ্ধ ভাষ প্রেমের ব্যাপার॥ **(एथ (एवए)व शिव, कीरव यिनि (एन शिव,** তাঁর নাথ প্রভু ভগবান্। চুড়ায় রাধার নাম, লিখিয়া সে গুণধাম, বাসরিতে সদা গুণ গান॥ বলিহারি প্যারীর পিরীতে। তাহে স্থানাস্থান নাই, কালাকালো নাহি ভাই, পার সদা সর্বাত্র ভাজিতে ॥ † ভাবিলে ভাবক জনে, এই ভাব সেই ক্ষণে, তাহার উদয় হয় স্পপ্ত। ় অঞ স্তম্ভ স্বরভেদ, রোমাঞ্চ বেপথু স্বেদ, বৈবৰ্ণ প্ৰলয় এই অষ্ট ॥

[†] যথা। যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাদিত্যাদি।
বেদান্তে ও স্থতে ৪ পাদে।
যথা। স্তম্ভঃ স্বেদশ্চ রোমাঞ্চঃ ব্যবভেদোহথ বেপঞ্চঃ।
বৈবর্ণমঞ্চ প্রলম্ম ইতাকৌ সাজ্বিকাঃসমৃতাঃ।।
অলক্ষার কৌস্তভে।

ইহার সাত্তিক ভাব নাম। ভাবিতে রাধার অঞ্চ, যার হয় এই রঙ্গ, পায় সেই নিতা স্বর্থ ধাম ॥ অধিক কি কৰ আরু, চমৎকার ভাৰ তার, জীবনে বিমুক্ত হয়ে রয়। কোন ভেক নাহি ধরে, শুদ্ধ মত্ত ভাব ভরে, উদার চরিত্র রসময় 🏻 নাহি তার কিছুই নিয়ম। ‡ কর্ম্মকাণ্ড আছে যত, কিছুতে না হয় রত, শুচি কি অশুচি তার সম। ক্ষণে ক্ষণে থেকে থেকে, শুদ্ধমাত্র উঠে ডেকে, বন্ধুগণ কে আছে তাপিত। হয়ে অতি বেগবান্, প্যারীর প্রেমের বাণ, বয়ে যায় এস হে ত্বরিত ॥ না পারি চিনিতে মূঢ যত। যদি ব্যঙ্গ করে তারে, কি ক্ষতি করিতে পারে, মূত্রবাতে টলে কি পর্মত।

‡ যথা। পরে ব্রহ্মণি বিজ্ঞাতে সমইস্থনির্দৈরলং। ভালবৃত্তেন কিংকার্যাং লব্ধে মলয়মারুতে॥ কুলাণ্যে। অতএব শুন মন, সেই নিত্য স্থ্য ধন,

যদি তব থাকে প্রয়োজন।
রাই প্রেমে মজ মজ, রাই কপ ভজ ভজ,

সদা করি একান্ত মনন ।

যুগল কপেতে তাঁরে ভাব।

নাগর ত্রিভঙ্গ সঙ্গে, বিহার হতেছে রঙ্গে,

অপার স্থাদ এই ভাব।।

ত্রন্ধের প্রকৃতি প্যারী, আকৃতি শ্রীবংশীধারী,

এ হেতু ছুয়েরি হও বশ।

তাঁহারে যুগল বেশে, ভজ মন মহাবেশে,

ঘারিকানাথের এই রস।



ইতি গ্রীদারিকানাথ রায় বিরচিত গ্রীরাসরসামৃতে গ্রীপ্রেমমুখাবলোকনো নাম দ্বিতীয়ংরসঃ। শ্রীশ্রীরাধাকৃফো জয়তি।

+++

রাসরসামত।

অথ তৃতীয় রস।

গোপীগণের একিঞ্চিবিরহ বর্ণন।

রাগিণী বারেঁ।য়া। তাল ঠুংরি।

বিরহ রে ! ত্যজ গোপিনী গণে।
নহিলে গমন হবে শমন ভবনে ॥
আমরা কালার লাগি, হইব রে তন্মত্যাগী,
তুই হবি মৃত্যু ভাগী, কি কারণে। ধ্রু ॥
নাহি হেরি হরি যত ব্রজের ললনা।
বলে স্থি হল একি উপায় বলনা॥
হাতে দিয়ে হেন নিধি পুন নিল হরি।
এই কি বিধির বিধি আহা মরি মরি ॥
একুল ও কুল আজি গেল ছই কুল।
কেমনে যাইবে কুলে কুলবতী কুল॥

অকুলে পড়িয়ে প্রাণ করে গো আকুল। লাভের মধ্যেতে শ্যাম করিল বাতুল। কুল গেল তবু নাহি পেলাম কেশবে। লাভে হতে কুলকলঙ্কিনী নাম হবে॥ क वर्ष्टा भागवात्र मीनम्यामय । তা হলে কি অবলার এত ডুঃখ হয়॥ কে বলে হরির নামে রোগ শোক হরে। তা হলে বিরহ রোগে গোপিনী কি মরে ॥ কুল বালা অবলা আনিয়ে ঘোর বনে। স্বচ্চন্দে প্রস্থান প্রস্তু করিলে কেমনে।। সিংহ ব্যাঘু সমাকুল নিবিড় গহন। বিযাম যামিনী তাহে অত্যন্ত ভীষণ।। এতে কি নারীর প্রাণ বাঁচে হে ত্রিভঙ্গ। একে ঘোর বিরহ দহনে দহে অঙ্গ। জানা গেল তুমি যত প্রেমিক স্থজন। ত। হলে এমন প্রেম কর কি ভঞ্জন।। প্রথম মিলন মাত্র বিচ্ছেদ ঘটন। .এ ছুঃখ হইতে মৃত্যু ভাল নারায়ণ ॥ কিন্তু তব কৃষ্ণনাম মহিমা কেমন। স্মর্ণেতে মর্ণের হয় হে মর্ণ॥

রাসরসায়ত।

কি কাল কালার প্রেম মরণো বিমূখ। দেখ দেখি প্রাণ সখি কেমন অস্কুখ।।

বিরহ বিকার বর্ণন।

অনন্তর গোপীগণ, সমর্পণ করি মন, ভাবিছেন ভব কর্ণারে। ভাবিতে ভাবিতে বেশ, অদ্ভুত ঘটিল শেষ, সকলে ভুলিল আপনারে॥ ভাবনার বিকারেতে, গোপিকার শরীরেতে, কিছু মাত্ৰ নাহি বাহ্য জ্ঞান। কেহ ভাবে আমি হরি, কি আশ্চর্য্য হরি হরি, জ্ঞানবানে বুঝে এ সন্ধান॥ কেহ বলে ব্রজনারী, দেখ আমি বংশীধারী, " হের মোর কি বঙ্কিম আঁথি। আনন্দে আমার সঙ্গে, বিহার করহ রঙ্গে. সদা মম প্রতি মতি রাখি॥ যে ভাবেতে ঞীনিবাস, হরিয়ে ছিলেন বাস, সেই ভাবে কোন গোপী বলে। यि मदव योष् कदत्र, अनमह मिनकदत्र, তবে বস্ত্র দিব হে সকলে।।

সেই প্রভু ভগবান, যেমন গমনে যান,

যেমন চাহনি চান তিনি।
হয়ে ভাবে চল চল, মেই সর্ব্ব অবিকল,

দেখালেন কোন বিরহিণী॥
যে ভাবে কদহতলে, বসিতেন কুতৃহলৈ,

সে ভাব দেখান কোন ধনী।
বৃন্দাবনে রসরাজ, করিলেন যে যে কাজ,

দেখালেন যতেক বুমণী॥*

রাগিণী শোহিনী বাহার। তাল মধ্যমান।,
যে জন যা ভাবে সদা তা হয় সে জন।
দেখ তৈলপায়ী তার আছে নিদর্শন।।
পেশক্ষুত যে সময়, বেপে আসি ধরে তার,
ভয়ে তার ক্লপ ভাবি হয় সে তেমন।
অতএব নিতা ধনে, ভাবনা রে কি কারণে,
যাঁরে ভাবি তংশক্ষণ হবে সর্কাশ্ন।।

বিশেষতঃ শ্রুতিতে এমত প্রমাণ দৃষ্ট হইতেছে, যে নর ব্রহ্মকে জানিলে ব্রহ্ম হয়েন। যথা

ব্ৰহ্মবিদ্ৰুক্ষৈব ভবতি।

এ বিষয়ে অনেক শাস্ত্রে ভূরি ভূরি প্রমাণ স্বাছে, কেবল টীকা বাছল্য ভয়ে সংগ্রহ করিলান না।

^{*} ব্রীমন্তাগবতে এই ভাব অতান্ত বিস্তার রূপে বর্ণিত আছে। গোপীগনের এতাদৃশ চিন্ত বিদ্রমের তাৎপর্য্য এই, যে একান্ত চিন্তে যে ব্যক্তি যাহা ভাবনা করেন, তিনি তক্ষয়ত। প্রাপ্ত হয়েন। যথা।

শ্রীকৃষ্ণ নাবিক হইরা গোপী গণকে যমুনা পার করণ কালীন শ্রীরাধিকার প্রতি যে প্রকার উক্তি করিয়া ছিলেন; সেই প্রকার ললিতা সখী * আপনাকে শ্রীকৃষ্ণ জ্ঞান করিয়া, বিশাখা সখীকে রাধাক্রনে কহিতেছেন

* সখীদিগের মধ্যে ললিতা বা অন্তরাধা, বিশাখা চম্পক লতা, চিত্রা, তুঙ্গবিদ্যা, ইন্দুলেখা, রঙ্গদেবী, স্থদেবী এই অই সখী সর্বপ্রধান। যথা

> পর মপ্রেষ্ঠসখ্যস্ত ললিতা সবিশাধিকা। সচিত্রা চম্পকলতা তুঙ্গবিদ্যেন্দুলেথিকা।। বুঙ্গদেবী স্থদেবী চেন্ডাটৌ সক্ষণুণাগ্রিমা॥ উজ্জ্বল নীলমণো॥

ইহাঁরা রাধা কৃষ্ণের পরম প্রিয়তমা ও অতান্ত বিশ্বাস পাত্রী, এবং নিরুপম রূপ শুল বিশিন্তা; রাধা শ্যামের তাবত্ গোপনীয় কর্ম ইহাঁরদিগের দৃষ্টিপথে হইড; ভগবান্ চন্দ্র শ্রীমতীর সহিত বিহারার্থ কৃঞ্জবনমধ্যে নানা রত্ন বিনির্দ্যিত অইদলপদ্মাকার যে কেলিমঞ্চ প্রস্তুত্ত করিয়াছিলেন, তাহার অইদলে ঐ অই স্থী উপবেশন করিতেন। মধ্যস্থলে শ্রীরাধাগোবিন্দ ত্বন মনোহর রূপে বিরাক্ষ করিতেন। ঐ অইসখী শ্রেণীয় নাম ব্লিঠা ইহাঁদিগের মধ্যে লালিতা স্থী সর্বপ্রধানা। ইহাঁতে হুর্গতে আর রাধিকাতে কিছুমাত্র ভেদ নাই। যথা।

যা তুর্গা দৈর ললিডা গলিডা দৈর রাধিকা। এতাসামন্তরং নান্তি সত্যং সভাং হি নারদ।। পাল্মে পাতালখণ্ডে রাসনীলায়াং নারদং প্রতি শ্রীকৃষ্ণ বাক্যং।। কটিতে ক্ষণ, যে নীল বসন, হবে হে দৃষণ, রমণীমণি।

জ্ঞান ক্রি ঘন, যদি ঘন ঘন, বহয়ে পবন, এণনয়নি॥

কেমনে তরিতে,উঠিবে স্বরিতে,নারিবে তরিতে, বিধ্ববদনি ॥

ললিতান্তোত্রং।

ক্রীরাধাপ্রিয়সঙ্গিনীং বিধু মুখীং কৃষ্ণপ্রিয়াং প্রেয়সীং
হেমাভাং পরিবাদিনীং স্থাধুরধ্বানাং স্থবেশাম্বরাং।
সদ্রত্মাভর গৈর্মনোজ্র স্থতমুং নিভাগে জগল্মোহিনীং
বন্দে জ্রীললিভাং কুরঙ্গনয়নীং পীতাম্বরেণাবৃতাং॥
পাল্মে উত্তর্থণে জ্রীরাধাজন্মান্টমীব্রতক্থনমাহান্যা

১৬২ অধ্যায়ে।

অপর কলাবতী, শুভাঙ্গদা, হিরণাঙ্গী, রত্নশেখা, শিখাবতী কন্দর্পমঞ্জরী, ফুল্লকলিকা, অনঙ্গমঞ্জরী, এই অফসখী ও রাধ শ্যামের পরম থ্রিয় পাত্রী। ইফাদিগের শ্রেণীর নাম বর প্রথমমণ্ডল। যথা।

বরত্বেনাভিধীয়ন্তে এতা অটা হি কন্যকঃ।
' সর্বা দাদশবর্ধী গ্লান্তানাদ্যা কলাবতী।
শুভাঙ্গনা হিরণাঞ্চী রত্নলেখা শিখাবতী।
কন্দর্পমঞ্জরী কুলকলিকানঙ্গমঞ্জরী।।
• শ্রীকৃষ্ণপরিবারমালায়াং।

দ্বিতীয়মণ্ডল বর শ্রেণীতে বিস্তর গোপিকা ইহাঁরদিগের প্রত্যে কের বিশেষ পরিচয় ঞীকৃষ্ণপরিবারমালাতে বিস্তারিত রূপে বর্ণিত আছে। বিশাখা সখীও ললিতাকে ঞ্রিক্ফ জানে উত্তর প্রদান করিতেছেন।

গুহে পীতাম্বর, এই নীলাম্বর, এখনি সম্বর, ত্যক্তিতে পারি। অন্য পরিধান, করি পরিধান, রসের নিধান, হে বংশীধারি॥ সহজে তোমার, যে নীল আকার, কি বিধান তার

वल यूत्रांति॥

জতএব শ্যাম হে এস, তোমার শিরে ঘোল ঢালিয়া দিয়া নীলবস্ক ঢাকিয়া দি ‡

পরে—হৈতনা পাইঃর যত ব্রজগোপিনীর।
নিরন্তর নীরজ নয়নে বহে নীর॥
আহা—মনে মনে কত ভাব হয় গো উদর।
একে একে করুণা করিয়ে সবে কর॥

‡ এই প্রশ্নোতরপ্রবন্ধ কবিতা দ্বের ভাব এই শ্লোক হইতে গুহীত।

রাধে ত্বং পরিমুক্ষ নীলবসনং প্রাক্তর্জনবিং মম বাতোবারিদসমু মাদ্বদি বহেমাগ্রা ভবেনৌরিয়ং। সভ্যক্ষেং বসনান্তরং পরিদধাম্যাদৌ ত্বয়া বং বপুঃ শ্যামং শ্যামনবীননীরদসমং তক্তিঃ সমাজ্যাদ্যভাং॥ নৌকাখণ্ডে॥

তত্র প্রথমতঃ চন্দ্রাবলীর উক্তি।

থেদে— চন্দ্রাবলী বলে নাথ কোথার রহিলে।
ছল করি অবলারে দহিলে দহিলে॥

যত — গোপিকার মনোত্বঃখ জাননা কি হরি।
তব পাশে মন আছে দিবস সর্বারী॥

বঁধু — আমরা যেমন মন দিয়াছি তোমায়।
তুমি যদি দেহ মন ব্রজ গোপিকায়॥
তবে — ভ্রংসহ বিরহক্রেশ জান হে নাগর।

কি অ।র কহিব ওহে গুণের সাগর॥

চিত্রা সথীর শ্রীকৃঞ্চের প্রতি আক্ষেপ ছলে ভর্ৎ সনা।

শ্যাম হে শুনেছি পুরাণে সার, তুমি নাকি বহ ভবের ভার, ক্ষীণাঙ্গী নারীর ভার তোমার, এতই কি হল ভারি হে। *
আমরা ক্ষাঙ্গী কামিনী হরি, তবু প্রাণ পণ করি আমরি,
সতত তোমারে হৃদয়ে ধরি, এই সাধ অনিবারি হে।।
তোমারে সেরপ হে গুণাগার, বহিতে ভার না দিব হে ভার,
বিচ্ছেদ চ্ছেদের ভার তোমার, সহিতে হবে মুরারি ছে।
গুনেছি তুমি হে জগতবল, তোমার এ বল নাই কি বল,

^{*} এই কবিভার প্রতি শেষ চরণের ডিন বর্ণ, গুরু লঘু উচ্চা-রণাধীনপাঠা।

ওই তুচ্ছ ভার বহ কেবল. ওহে গিরিবর ধারি হে ॥
গভীর তুস্তর ভবদাগর, পারের নাবিক ভূমি নাগর,
তবে বিরহের সরিত্বপর, কেন ভাসাইলে নারী হে ॥
আমরি যে করে সাগর পার, নদী পার করা ভার তাহার,
এ কথা কাহারে স্থাব আর, ওহে মুনি মনোহারি হে ॥

চম্পকলতা সখীর নিজ নয়ন প্রতি খেলোক্তি।

শুন রে নরন, তোরে কবিগণ, যলে নাগর প্রহরী রে।
তাই অতি স্থাথ, তোমার সাল্লাগ্রে, রাখিয়েছিলাম হরিরে।
তব অ্বতনে, সে নীল রতনে, নিল কোন জনে হরি রে।
হইরে রক্ষক, হইলি ভক্ষক, হায় হায় হরি হরি রে।।
নয়নের উত্তর ।

শুন বিনোদিনি, প্রেম প্রয়াসিনি, কেন মোর দোষ দেহ গো।
শুধিক কিকব, দারী হয়ে তব, বিক্রয় করেছি দেহ গো॥
করিতে দমন, পারে গো নয়ন, গোচর হয় যে কেহ গো।
হরিরে হরণ, করেছে যে জন, সে জন বিরহাদেহ গো॥

जुक्रविला मथीकर्ज्क शूक्रव छ९ मना।

শ্যাম হে পুরুষের প্রাণ, শরের সমান, যুবতীজনের ধন্মর প্রায়। ধনু প্রাণ পণে, প্রেমের কারণে, ডোরে বাঁধা পড়ি বাঁকিরে বরি॥ তবুপোড়া বাণ, দরা হীন প্রাণ, মিলন মাত্রেতে করে প্রস্থান। ধিক নারীগণে, এ পুরুষ সনে, মজিয়ে ভজিয়ে বিকার প্রাণ॥ বিশেষত ধিক্, ধিক্ শতাধিক, ব্রজের পাপিনী গোপিনীগণে। হেন জনে প্রাণ, করেছে প্রদান, যে দুষ্ট পুরুষশ্রেষ্ঠ ভুবনে॥

ইন্ড্লেখা সখীর ফল ভারে প্রণত কোন বৃক্ষের শাখার প্রতি উক্তি।

ন্তিহে শাখা সখারে করেছ দরশন।
বুকিলাম নত শিরে আছ সে কারণ ॥
কে বলে ফলের ভারে শাখা তুমি নত।
সে কথা কথার কথা অতি অসঙ্গত॥
এই পথে দেখি নোর নটবর শ্যাম।
নত শির হয়ে তাঁরে করেছ প্রণাম॥
অতএব তাঁরে তুমি করেছ দর্শন।
বল কোন পথে গেল সে গীতবসন॥

রঙ্গদেবী সখীর নিজ করের প্রতি উক্তি।

শুন মম কর, কি কর কি কর, প্রাণ বংশীধর, গেল কোথায়।

কে ছল করিয়ে, লইল হরিয়ে, নারিলে ধরিয়ে, রাখিতে তায়॥

সে প্রাণ কালায়, হারায়ে হেলায়, এ ব্রজ বালায়, ফেলিলে দায়।

ষুগল জাঁখিতে, দেখিতে দেখিতে, মিশাল চকিতে, হায় রে হায়॥

করের উত্তর।

শুন ওলো ধনি, স্থাংশুবদনি, কি হেতু আপনি,
দোষ গো মোরে।
আমি অতি দীন, তোমারি অধীন, বাঁধা চির দিন,
আজ্ঞার ডোরে ॥
দেখ তব মন, ইন্দ্রির রাজন, তাহারে যে জন,
হরয়ে জোরে।
ও প্রাণ ললনা, নিগৃচ বলনা, করি কি ছলনা,
বাখি সে চোরে ॥

স্থদেবী সখীর বিরহ রোগ।

বিরহ বিকারে হরি, বুনি আজি প্রাণে মরি, তোমা বিনা ত্রিভুবনে কেবা করে ত্রাণ হে। যত রোগ ত্রিসংসারে, বৈদ্যের উষধে সারে, এ রোগে উষধ শুধু ও বিধুবয়ান হে॥ কলাবতী সখীকর্ত্ত্বক কন্দর্পের ব্যবহার বর্ণন।

কে বলে সজনি,দিবস রজনী, রতিপতি ভয় করে গো শিবে। তা হলে সবার, স্বয়স্ত্রূ আকার,কুচ দেখি আর কেন আসিবে[॥]

[‡] উহ। মাত্রাবৃত্ত চ্ছন্দঃ স্মৃতরাং লঘু গুরু উচ্চারণাধীন প্রাঠ্য * যথা। ভক্ত ভক্তি ভগবস্ত গুরু নাম চতুর বপু এক। এন্কে চরণ বন্দন কর্ড নাশে বিশ্ব অনেক॥ ভক্ত মাল্কি দোহ।।

রাসরসামৃত।

হিরণাঙ্গী সখীকর্ত্ত্বক চন্দনের প্রতি ভর্ৎ সনা

চন্দনে চর্চ্চিত আর করিব না অঙ্গ।
বিষ সম দগ্ধ করে বিনা সে ত্রিভঙ্গ।
বর্থন হল গো সখি শ্যাম অঙ্গসঙ্গ।
শীতল করিল মম মনঃ প্রাণ অঙ্গ।
সময়েতে স্থা অসং রে এই রফ।
কেন না হবে লো যার প্রিয়ত ভুজঙ্গ

রত্নলেখা সখীকর্তৃক প্রেমের প্রতি ধিক্কার প্রদান

শুন সহচরি, দিবদ সর্বরী ,
শরশরে যদি যার জীবন।
তবু প্রেম পথে, আমি মনোরথে,
যাব না যাব না এই সে পণ ॥
দেখ দেখি কালা, দিল কত জালা,
কাননে আনিয়ে যুবতী যত
বিরহ দহন, করিছে দহন,
অবলার প্রাণে সহে গো কত ॥
ঘরে গেলে পরে, সবে ঘরে পরে,
তুলে দিবে শিরে কলম্ব ডালা।

এই প্রেমদায়, যেই প্রমদায়, না ঠেকেছে তার বল কি ভালা॥

্শিখাবতী সখীর উত্তর।

কেন কেন সখি, এ ভাব নিব্ৰথি, প্রেমে দোষ দেওয়া উচিত নয়। মনের কারণ, প্রেমের সাধন, মনত বঁধুর পাশেতে রয়॥ শুন লে, মহিলে, বিরহ নহিলে, চিনিবে প্রেমের গুণ কি মতে। ওলো প্রাণ সই, তোরে সার কই, " নহি স্থখং তুঃথৈবিনা লভ্যতে"। ‡ বিশেষত ধনি, ও বিধ্বদ্নি, বরং প্রেম হয়ে ভাল বিরহ।

[‡] অস্য সম্পূর্ণ। কবিতেয়ং। শ্লাঘাং নীর্ষ কাঠতাড়ন শতং শ্লাঘাঃপ্রচণ্ডাতপঃ. ক্রেশঃস্লাঘ্যতরঃস্থপক্ষনিচয়ঃ স্লাঘ্যোতি দাহানসঃ। মৎকান্তাকুচকুম্ভ বাহুলতিকাহিলোললীলাস্থ লব্ধং কুন্তুবর ত্বয়া নহি স্রখং ছুঃথৈবিনা লভাতে।। শৃঙ্গার তিলকে।

মৃত বৎসা বাণী, বরং সয় প্রাণী, অপুত্রিকা বাণী অতি ছুঃসহ ॥ কারণ মৃত বৎসা রমণী বাৎসল্য রসের আস্বাদনত জানে

-000-

কন্দর্শমঞ্জরী সখীকর্তৃক বিরহপ্রতি ভয় প্রদর্শন।

রহ রহ রে বিরহ, বিহু সম অহরহ,
আর তুই কিপ্রকারে জলাবি আমায় রে ।
সেবক বৎসল শ্যাম, বারেক বে শ্বরে নাম,
"বিষ্ণুলোকং স গচ্ছতি" সাধু গণ গায় রে ॥
বারেক থাকুক দুরে, কোটিবার সে প্রভুরে,
জপি জপি জপবলে যাইব তথায় রে ।
আমি তাঁর আসিবার, বাঞ্ছা না করিব আর,
আপনি যাইয়ে তথা দেখিব তাঁহায় রে ॥
রসিয়ে রসিক সঙ্গে, তোরে দূর করি রঙ্গে,
করিব রে নিতালীলা লয়ে রসরায় রে ॥

খুল্লকলিকা সখীকর্তৃক প্রেম্সারাবর বর্ণন।

ভাবি নিরস্তর, প্রেম দরোবর, স্থা সম নিরমল। মরি হায় হায়, কেজানে,তাহায়, আছে ঘোর হলাহন॥ প্রবণ দর্শন, শ্বরণ মনন, এই চারি তীর যার।
ভাব হাব হাস,* রসের সম্ভায, পুষ্পবন চনৎকার॥
বিধাতার লীলা, কিবা তীর্থশীলা, পূর্ম্বরাগ † নাম তার॥

* ভাবাদের্লকণ্ং। নির্ম্বিকারাত্মকে চিক্তে ভাবঃপ্রথম বিক্রিয়া। গ্রীবাভঙ্গাদি সংযুক্তো ভূনেত্রাদি বিকাশকৃৎ। ভাবাদীনাং প্রকাশোমঃ স হাব ইতি কথাতে॥ উক্ত্রল নীলমণোঁ।

> হাস সেই হাস্যে বলি বৃথা হয় যেই। ভারতচক্রকৃত রসমঞ্জরী গ্রন্থে।

† পূর্বরাগ লক্ষণং। রতির্যা সঙ্গমাৎ পূর্বং দশ ন প্রাবণাদিজা। ডয়োরুমীলতি প্রাক্তৈঃ পূর্বরাগ স উচ্চাতে। উজ্জ্বল নীলমণে)।

মতান্তরং। শ্রেবণাদ্দশনাদাপি মিথঃ সংক্রচরাগয়োঃ। দশা বিশেষে। যোহপ্রাপ্তো পূর্বরাগ স উচ্চাতে॥ সাহিত্য দুর্পণে।

মতান্তরং।
স্বপুদা শ্রবণারাপি চিত্রাদের্জাবলোকনাং। ..
সাক্ষাদাকস্মিকাদাপি দশনাদ্ধ্রতি জনে।।
প্রাক্তনীরতিরন্ড,তা সম্পাপ্তেঃ পূর্সমেবসা।
পাকদ্মান্তরে পূর্বরাগতাম্পুতি পদাতে॥
তলক্ষার কৌস্ততে।

আলিঙ্গন জল, করে চল চল, হেলয়ে কটাফ বায়।
করে কত রঙ্গ, মরি কি স্থরঙ্গ, চুম্বন তরঙ্গ তার।
স্থা মূীনগণ, কৌ চুক কথন, কমলিনী মনোহর।
রাগ রঙ্গ সঙ্গ, সংগীত প্রসঙ্গ, প্রসন্মে অমরবর।
নাগরী নাগর, তাহে নিরত্তর, স্নান করিবারে বায়।
কিন্তু এই থেদ, কুন্তীর বিস্কেদ, গ্রাস করে হায় হায়।

অনঙ্গমঞ্জরী সখীর ছলে হরিনিন্দা।

একি তব রীতি হে ব্রজপতি।
ছলনা করো না ললনা প্রতি॥
সাধিয়ে ডাকিয়ে অ.নি যুবতী।
কেমনে এমনে বধ শ্রীপতি॥
একেত পুরুষ কঠিন অতি।
তোমার আবার বাঁকা মুরতি॥
চিকুর জিনিয়ে বর্ণের জ্যোতি।
সরল হবে কি তোমার মতি॥
জানি জানি কাল ৰূপের গতি।
তার সাক্ষী দেখ ঘন সম্পুতি॥
যা হতে পাইল নিজ আকৃতি।
তাহারে সংহারে হেন প্রকৃতি॥

হবে না হবে না কেন তেমতি। তুমিত সে বৰ্ণ ধ¦রি ঞ্রীপতি॥

দূতীর উত্তর।

এ সৰ শনিয়ে ক্রোধে বৃন্দা দৃতী কয়। হরি নিন্দা করো না গো প্রাণে নাহি সয় & তোমরা কহিছ ভার কঠিন মরম। কিন্ত শ্যাম ভবজনে করে গো নরম। বাঁকা বটে কিন্তু সোঝা করে ত্রিভুবন। কাল হয়ে আলে। করে জগতের মন।। বিশেষত জান না কি কপ কালরপ। জগতের আদি বস্তু জা**নিহ স্বরূপ**॥ হর নাই যখন স্জন ত্রিভূবন। রবি শশি আদি কিছু ছিলনা তথন # মুতরাং কখন আলে। ছিলনা তৎকাল। গুদ্ধ ছিল সেই কাল আর বিশ্বপাল। ব্রহ্মসম্পী যে জন সে জনো ব্রহ্মাকার। অতএব কাল নিন্দা ভাল নয় আর ॥ ভাবিয়ে কালরে সার জগত স্থার। ত্রিভঙ্গ কালিম অঙ্গ ধরিলা স্থন্দর॥

এস সবে গ্রীকেশবে করি অক্ষেদ। যত্ন বিনা রত্ন লাভ না হয় কখন।

গোপীগণের জ্রীকৃষ্ণান্বেষণের ভাব

রুবতীগণ যৌবন ভার ভরে।
টলিয়ে পড়িছে অবনী উপরে॥
বিরহে বহিয়ে কি মতে বলনা।
হরি তত্ত্ব করে অবলা ললনা॥
অবশেষ অনঙ্গ রসে রসিয়ে।
চলিলা অনুরাগ রথে বসিয়ে॥

উচ্চ শাখী দেখি জিজাসা করে।
তোমরা দেখেছ সে গুণাকরে।
তারা বহু দূর দেখিতে পায়।
যদি কোথা দেখে সে শ্যামরায়।
জিজাসে যমুনা নদী নিকটে।
কারণ শ্রীকান্ত বসেন তটে।
উত্তর না পেয়ে হইল অগ্নি।
বলে জানি ওত যমের ভগ্নী।
বেশ্বতে স্থায় তুলসীবনে।
বৃক্ষসে উত্তর দিবে কেমনে।

তাহা না বুঝিল ক্রোধের ভরে। বৃন্দারে গোপীরা ভর্ৎসনা করে॥ শেলিকার্ক্ত্রক তুলসীর প্রতি ভর্ৎসনা ও শাপ প্রদান।

রুদ্দে জানি লো তোমারে ২।
সতিনী বলিয়ে বুঝি ঘৃণা এ সবারে ॥
রুক্ষ হয়ে কি প্রকারে ২ ।
হইয়াছ হরিপ্রিয়া এ তিন সংসারে ॥
বুঝি সেই অহস্কারে ২ ।
কথাটি কহিয়ে নাহি সন্তাম কাহারে ॥
নীচ উচ্চ হলে পরে ২ ।
" ভূণবন্মন্যতে জগং" কহে সর্ব্ব নরে ॥
গর্ম্ব যাবে ছারে খারে ২ ।
কুরুরে প্রশ্রাব করি দলিবে তোমারে ॥

প্রীকৃষ্ণ ও রাধিকার পদাস্ক দর্শনে গোপীগণের ভাবোদয়।

এই রূপে বৃন্দাবনে, ভং সি সবে বৃন্দাবনে,
অন্য বনে হয় উপনিত।

নেত্র ঝরে অনিবার, সদা করে হাহাকার,
হতাশেতে জীবন কম্পিত॥

হেন কালে পথ পানে, চেয়ে দেখে স্থানে স্থানে,
পড়িয়ে প্রাভুর পদচিব্ল।

ধ্বজ বজ্জাস্থা রেখা, রয়েছে স্থন্দর লেখা, অতি প্রিষ্কার ভিন্ন ভিন্ন॥ অমনি রমণী দলে, কেঁদে পড়ে ভূমিতলে, রেণু লয়ে মাখে সর্ব্ব কার। বলে ওহে পদরজ, অন্তরে যাইয়ে মজ, দূর কর বিরহের দায়। শুনেছি প্রভুর গুণ, তিনি নাকি স্থনিপুণ, ভক্তগণ ছঃখ নিবারণে। ভক্ত সে ভবের ধ্বজ, জানাতে নাকি সে অজ. ধ্বজ বেখা ধ্বেন চর্বে ॥ ভক্ত জনে দ্বেষ যার, দমন কারণ তার, বজ্জ চিত্র করেন ধারণ। কুকর্ম্মে ভক্তের মত, হলে মন্ত করি মত, ও অঙ্কুশ বারণ কারণ ॥ * তাই বলি রেণ, শুন, কেন এত স্থবিগুণ, এভক্ত কামিনীগণে হরি।

^{*} ক্রিক্ষপদ চিহ্নানি। যথা
চক্রাদ্ধ ং কলসং তিকোন ধহুবীং খং গোপ্সদং প্রোষ্ঠিকাং,
শঙ্খং সব্য পদেহথ দক্ষিনপদে কোনাইকং স্বস্তিকং।
চক্রং ছত্র জ্বাক্ষুশং ধ্বজ প্রী জন্ম দ্ধিরেখানুজং,
বিভাণং হরিমূনবিংশতি মহাক্র্য্যার্ডিতাংগ্রিং ভজে।
ক্রপচিন্তামনে)।

এই ৰূপে গোপী সব, কাতরে করেন স্তব, প্রভুর পদায় এক করি॥ পরে দেখে তার কাড়ে আর এক চিহু আছে, নারীপদ চিত্র লোগ হয়। বিশিতা হইয়ে সবে নতো দখি দেখ তবে, কাহাৰ এমন ভাগোদ্য ॥ দল মাঝে সখীগণ, দেনে করি অগ্নেষণ শুক্ত মাত্র এরাধিকা নাই। वल एला हांक्नीता, कि शू कित्रबंहिल, মরি তোর লইয়ে বালাই॥ ফাকি দিয়ে সবাকায়, একাই সে শ্যামরায়, লয়ে ভোব কবিলি বজনী। কিছু মাত্র "য়া মনে, হল নাকি চন্দ্রাননে, মোর। তো হইত সজনী।। ষেমন করেছি গর্জা, ভেমতি হয়েছি খর্জা, পেয়েছি তেম্ভ শাস্তি ঘোর। আর না সহিতে পারি, ায়ে এস বংশীধারী, দাসী হয়ে রব মোরা তোর॥

ইতি শ্রীদারিকানাথ রায় বিরচিত শ্রীরাসরসামৃতে শ্রীপ্রেমলীলাবর্ণনো নাম তৃতীয়ঃ রসং॥ শ্রীশ্রীরাধাকৃষ্ণো। জয়তি॥

রাসরসামৃত।

অথ চতুর্থ রস।

~~~~

রাগিণী ঝিঝিটি। তাল মধ্যমান।
থাক হে মিলন তুমি অতি সাবধানে।
বিরহ সতিনী তব আছে সে সন্ধানে॥
দেখ যেন ছল করি, হরিয়ে লয়না হরি,
তারি বশ বংশীধারী কত খেলা জানে।

ঞিকৃষ্ণের আগমনে গোপীগণের করুণা প্রকাশ।

এই ৰূপে গোপীগণ, ছুংখাৰ্নবৈ স্থ্যগন, হৈল যেন পাগলিনী প্ৰায়। ভাক্তাধীন ভবাধার, বৈতে না পারেন আর, কন যেতে হইন আমায়॥ রাধা সনে অবশেষ, ধরিয়ে যুগন বেশ, প্রবেশ করেন কুঞ্জবনে।

**জ্রীবদনে পীতবাস, তাহে মৃত্র মৃদ্র হাস,** স্থপ্রকাশ যথা গোপীগণে।। দেখি সবে কমলাখি, হৈল অনিনিখ আঁখি, কদম্ব কুন্ত্ৰন সম গাতা। কেমন হইল ভাব, কি বর্ণিব সে প্রভাব, ভাবকে বুঝেন মনে মাত্র॥ यथा চित्रमीन जन, हित्र मिन शास धन, পাইলে যে ৰূপ ভাব ধরে। সেইৰূপ ব্ৰজাঙ্গনা, স্থাৰ্ণবৈ স্থমগনা, ত্রিভঙ্গ পাইয়ে রঙ্গ করে। কেহ ধরে পীত বাস, অধরে মধুর হাস, কোন সখী ধরে করদন। কেহ বা কাঁদিয়ে বলে, পড়িয়ে চরণতলে, কে বলে তে'মাত্রে দর্মায়॥ কেবলে হে নারায়ণ, তুমি ছে ভক্তের ধন, তা হলে কি এত তুঃখ হায়। তুমি নাকি বংশীধারি, ঘোর ভবভয় হারী; 💂 তা হলে কি ভয়ে প্রাণ যায়॥ আহা মরি জীরাধিকা, হল তব প্রাণাধিকা, यादा लाख निर्द्धान विश्वाल।

অামরাও ওংহ হরি, তব পদ ধ্যান করি, তবে কেন এত ছঃখ দিলে। যদি বল জগৎপতি, দর্পে হল এ দুর্গতি, তারো হেতু তুমি হে শ্রীপতি। বপুপুরে নিরন্তর, আ্বারূপে বাস কর, তুমি সর্বা স্থমতি কুমতি॥ স্থকর্ম কুকর্ম চয়, তোমারি ইচ্ছায় হয়, তবে কেন দোষ গে:পিকায়। পাইয়ে অসীম ত্বখ, দেখিলাম বিধু মুখ, কাম পূর্ণ কর শ্যামরায়॥ বুঝিয়ে সবার মন, হাসিয়ে জীনারায়ণ, মনঃ প্রাণ করিয়ে হরণ। রাস রস তরঙ্গেতে, রসিলেন স্থরঙ্গেতে, জগতের তারণ কারণ॥ মহাদেবের ভ্রান্তি। এখানে আকাশ পথে, স্থরগণ থাকি রথে, দেখেন জগতনাথ রঙ্গ।

শ্দ্রীভাগবতীয় রাসক্রীড়াবর্ণনতে মহাদেবের ভ্রান্তিবিষয়ে কোন কথার উল্লেখ নাই; এ সন্ধান মতান্তরে প্রাপ্ত হওয়া গিয়াছে। হথা। রাসক্রীড়াং সমালোক্য সন্দিধোতিশয়ংহরঃ। ছলেন শ্রীহ্রিং জাতুং গোপীরূপং দ্ধাতিসঃ॥

भक्षरत्त्र (महेक्कर्ल, मर्लिश क्रिन मरन, বলে একি রঙ্গ হে ত্রিভঙ্গ। বিবিঞ্জি বাসৰ শেষ, না পান যাঁহার শেষ, আমি শিব যাঁর ধ্যানকারী। যাঁহার প্রেমেতে মজি, স্থুখ ভোগ সব ত্যজি, হই যাঁর প্রেমের ভিকারী # সে ধন কি বৃন্দারণ্যে, আজীর নারীর জন্যে, হয়েছেন মদনেতে মন্ত। শুদ্ধ সত্যাঁর মর্ম্, তাঁর এ অসত্কর্ম, কেমনেতে ৰোধ হবে সত্য॥ অতএব আজি শেষ, ধরি কোন ছন্ম ৰেশ, দেখিব বে সেবা কোন জন। ইহা ভাবি পশুপতি, চলিলেন ক্রতগতি, ব্রহ্মা তাঁর বৃঝিলা মনন। কহেন ইন্দ্রের প্রতি, শুন ওহে স্থরপতি, দেখ দেখি কি করেন ভব। অলক্ষেতে গুপ্ত ভাবে, তাঁর পাছে পাছে যাবে, দেখে আসি কবে মোরে সব 🏾 শ্রুত মাত্র স্থররায়, শিব পাছে পাছে ধায়, শেষে এক অদ্ভূত দেখিয়ে।

# বিশিত হইরে অতি, ফিরে আসি শীত্রগতি, ব্রহ্মারে কছেন বিবরিয়ে ॥

দেবরাজকর্ত্ত্ব অত্যদ্ধত ব্যাপার বর্ণন।

শুন প্রজাপতি কি কব ভারতী,যে অদ্ভুত দেখিরাছি। কখনো এমন, না করি দর্শন, ত্রিভূবন ভ্রমিয়াছি। গিয়ে কিছু দূর, দেখি গো ঠাকুর, কোথা যেন গেল হর। কেমন করিয়ে, আইল মিলিয়ে, তিন লোক চরাচর॥ আগে জলধর, সবার উপর, ধরিয়ে সর্পের বেশ। কু ওলী করিয়ে, স্থস্থিরা হইয়ে, বসিয়ে রহিল শেব। না শুনি কখন, সর্প হয় ঘন, কি আশ্চর্যা আহা মরি। নেঘের উপর, শোভে স্থ্রাকর, তথা নেঘ চক্রোপরি॥ হেরি এ সময়, স্মর রসময়, নিজ ধরু ছুইখানি। আর ইন্দীবরে, রচিত ছুশরে, রার্খিল তথায় আনি॥ জানি গো, চকোর, পানে হয় ভোর, গগণশশির স্থধ। সে চাঁদে বসিয়ে, শুক স্থা পিয়ে, নিয়ত্তি করিছে ফুলা। স্থাতে মজিয়ে, যার সে তুবিয়ে, বিস্ব দেখি এ সময়ে 🖰 শুক্ক চঞ্চুকায়, যাগায়ে তথায়,রাথিল ভক্ষণাশয়ে॥ তদন্তরে আর, দেখি চমৎকার, করিকুম্ভ দাড়িম্বেতে। হয় যোর রণ, উভয়েরি মন, থাকিতে এক স্থানেতে॥

শেষেতে তুজনে, প্রেম আলাপনে, তুপাশে রহে দোঁহায়। তার অতি কাছে, বিশ্বয় আছে, প্রফুল পঙ্কজ তায়॥ দেখি তার পর, এক সিংহ বর, ত্যাগ করি কলেবর। মধ্য স্থানে আসি, রহিল প্রকাশি, শুধু কটি ক্ষীণতর॥ এ রস দেখিতে, সাগর হইতে, এক দ্বীপ তথা আসি। অন্ত্রত দেখিয়ে, মোহিত হইয়ে, হল তার পশ্চাৎবাসী॥ পরে করিকর, হইল অধর, করিকুম্ভ গেল বলি। হাসি হাসি হাসি, রহে দ্রুত আসি, হয়ে অতি কুতূহলী॥ দেখি তদন্তর, যেই স্থাকর, ছিল সকলের আগে ৷ সে যেন আসিয়ে, রয়েছে বসিয়ে, ভাগ হয়ে দশ ভাগে॥ সবাকার পরে, দেখি প্রভাকরে, কমলিনী সহ স্থথে। হাসিয়ে হাসিয়ে, রসেতে ভাসিয়ে, প্রেম করে মুখে মুখে 🛚 কে বলে ভাক্ষরে, থাকিয়ে অন্তরে, পদ্মিনীরে ফুল করে। তবে কেন স্থধে, তথা মুখে মুখে, ভাসিছে প্রেমসাগরে॥ শেষেতে আসিয়ে, স্থান না পাইয়ে, স্বর্ণ হুয়ে বর্ণময়। ঢাকিল/ সবায়, মরি সে শোভায়, মানস মোহিত হয়।। হার হায় হায়, বর্ণে সে স্বায়, ঢাকে কার সাধ্য বলু। যে গুণ য়াহার, হরে সাধ্য কার, যাগিয়ে রহে সকল। দেখি সে ব্যাপার, মনঃ প্রাণামার, রহিতে চায় গো তথা। তবে.বে স্বরায়, এলাম হেথায়, তোমাকে কৈতে সেকথা।।

এ সব শ্রবর্ণে, বিধি ভাবে মনে, যাঁরে ত্রিভুবনে সাথে। হায় ছুর্গাকান্ত, তাঁর প্রতি ভ্রান্ত, একি ফের সাধে সাথে।

বিধাতাকর্ত্ত্বক অদ্ভুত ব্যাপারের মীমাংসা।

শুনিয়ে শক্রের বাণী যত স্থরচয়। জিজ্ঞাসেন বিধাতারে হয়ে সবিষ্ময়। কহ কহ পিতামহ এ আর কেমন। এমন অন্ত বাণী না শুনি কখন॥ হাসিয়ে কহেন বিধি গুন স্থারগণ। ভ্রমে পড়েছেন আজি দেব পঞ্চানন। ঈশ্বরের রাসরস দেখিয়ে নয়নে। বিষম সংশয় তাঁর হইয়াছে মনে॥ এহেতু মোহিনী বেশ ধরিয়ে সংপ্রতি। ছলিতে যাইতে তাঁরে করেছেন মতি॥ মেঘ বারে সর্পাকারে দেে, স্থরেশ্বর। সে নহে প্রকৃত মেঘ কেশ বেণীবর॥ তদন্তরে দেখে চক্র সেত চক্র নয়। 💌 এমনি মুখের প্রভা চক্র জান হয়॥ ইত্যাদি যে সব দেখে ত্রিদর্শ প্রধান। সে সব একেক অঙ্গ তাহারি সমান ॥

একপ স্ত্রীকপে ভাঁরে ছলিবেন হর।
স্বয়্ং ব্রহা তিনি কিস্বা কোন তুপ্ত নর॥
করুন ছলনা তাহে না করি বারণ।
কিন্তু তার প্রতিফল পাবেন তেমন॥
কতবার আমি ভাঁরে বুঝিতে নারিয়ে।
দেখিয়াছি কত মতে ছলনা করিয়ে॥
তেমতি তাহার শাস্তি পেয়েছি তৎক্ষণে।
সে সব অখ্যাতি মম বিখ্যাত ভুবনে॥
এইকপে ব্রক্ষদেবে কথোপকথন।
এদিগে শক্ষর লয়ে শুন বিবরণ॥

হরির প্রতি হরের ছত্মবেশে ছলনা।

বাছি ত্রিলোকের কপ, ধরি ৰূপ অপরূপ।
মন অভিমত, রাস ভূষা যত, পরিলেন কতরূপ।
মরালের গর্ম্ব হরি, গমন ষেমন করী।
নিকুঞ্জে আসিয়ে, দাঁড়ান হাসিয়ে, চঞ্চলা চঞ্চলা করি।
ষেখানে কামিনী ভাগে, দাঁড়ায়ে সবার আগে।
গ্রীপতির প্রতি, কহেন ভারতী, প্রেম রস অন্বরাগে।
ভাসি তুঃখ পারাবারে, পেয়েছি প্রভু তোমারে।
দিয়ে আলিঙ্গন, রাখ হে জীবন, মরি হে মার বিকারে।

অন্তর্যানি হুষীকেশ, দেখিয়ে শিবের বেশ। হাসিয়ে ইঙ্গিতে, এরন ভঞ্চিতে, মারা প্রকাশিলা শেষ।

-----

গ্রীকৃফের নারা প্রকাশ।

যে লোচনে দেখিছেন নিকুঞ্জকানন। যে লোচনে দেখিছেন নন্দের নন্দন । বে লোচনে দেখিছেন গোপবধু চর । সে লোচনে ত্রিলোচন দেখেন ব্যত্যয়॥ কুঞ্জবন নহে সেত বৈকুঠভূবন। নন্দন্বত নন তিনি প্রভু নারায়ণ॥ গলে দোলে কৌম্বভ কিঞ্জীটি শিরোপরে। শম্ভ চক্র গদা পর শোভে চতুন্ধরে॥ ভূগুপদ চিহু হৃদে কি শোভা আমরি॥ সভা করি বসেছেন র্ল্লাসনোপরি॥ কত ব্রহ্মা ইন্দ্র চন্দ্র শমন স্মরারি। রত্নাসন শিরে ধরি বসি সারি সারি॥ যত গোপাঙ্গনা তারা দেবাঙ্গনাগণ। শোভা করি বসেছেন হয়ে সভাজন॥ বৃষভাত্মস্তা যিনি তিনি সিন্ধুস্থতা। প্রভুবামে বসেছেন ঈষৎ হাস্য যুত। ॥

নারী নহে ষয়ং ষরষতী চক্রাবলী।
নানা রাগে অনুরাগে গান পদাবলী॥
দে ত কুন্দা দূতী নয় ভূখরনন্দিনী।
নিজ জায়া মহা মায়া ভূবনবন্দিনী॥
সবাকার আগে বামা বন্দিয়ে প্রীপদ।
বোড় করে স্তব করে ভাবে গদগদ॥ †

† এই বর্ণনা দারা পাঠকবর্গ এমত বোধ করিবেন না, যে বৈকুঠধানের লক্ষ্মীনারারণই রাধাক্ষের আদিরূপ; রাধাক্ষের আদিরূপ; রাধাক্ষের আদিরূপ; রাধাক্ষের আদিরূপ; রাধাক্ষের আদিরের তাবৎ রূপের আদি কারণ; যে যুগলরূপ গোলোকধানেতে অহরহ বিরাজ্যান্। তবে যেভগবান্ মহামায়াতে মহাদেবকে বৈকুঠের বেশ দেখাইলেন; সে কেবল তঁ।হার প্রবোধের জন্য গাত্র। গোলোকচন্দের ও গোক্লচন্দের রূপেতে কিছু মাত্র প্রভেদ নাই; স্কুতরাং কি প্রকারে গোলোকধানেতে প্রায় অভেদ ও অর্থে প্রারু এক ভাব, স্কুতরাং মায়াতে বৈকুঠধাম কল্পনাক্রিতে হইল। গোলোকনাথের রূপবর্ণন। যথ।

বীন নীরদ শ্যামং কিশোর বয়সং শুভং।
শরমধ্যাক্ত রাজীবপ্রভা মোচন লোচনং।।
শরৎ পার্মণ পুর্ণেন্দু শোভাচ্ছাদন মাননং।
কোটি কন্দর্পলাবণ্য লীলা নিন্দিত স্থন্দরং।।
কোটিচন্দ্র প্রভামুষ্ট পুষ্ট শ্রীযুক্ত বিগ্রহং।।
সন্মিতং মুরলীক্সং স্থপ্রসালং স্থমকলং।।
বহিঃসংক্ষার পীতাংশ্ত যুগলেন মমুজ্জ্বলং।

# রাসরসামৃত।

সংস্ত স্তোত্রং।

জর নারায়ণ কৃষ্ণ মুরারে, মাধব মধুকৈটভ দতুজারে। ত্রিবর্গদাত্রী তরল তরঙ্গা, তব পদজাতা স্থবিমল গঙ্গা

চন্দনোকিত সর্বাঙ্গং কৌস্তভেন বিরাজিতং॥ আজাতু মালতীমালা বনমাল। বিভূষিতং। ত্ৰিভঙ্গ ভঙ্গিমা যুক্তং মুক্তা মাণিক্য ভূষিতং।। मगूत निष्क हृङ्क मज्जञ्ज सूक्रोडांक्ञ्चनरे। ব্লুক্তব্র বলয়ৎ রত্নমঞ্চীর রঞ্জিতং।। রত্ন কুণ্ডল যুগ্মেন গওস্থল স্থােভিডং॥ মুক্তাপংক্তি বিনিকৈক দশনাংশু মনোহরং॥ পক বিষাধরে)ঠঞ্চ নাসিকোন্নত শোভিতং। বীক্ষিতং গোপিকাভিশ্চ'বেক্টিভাভিশ্চসম্ভতং।। স্থির যৌবন যুক্তাভিঃ সন্মিতাভিশ্চ নাদরং। ভূষিভাভিশ্চ সদ্ৰত্ন নিৰ্মাণ ভূষণেনচ।। र्द्यदित देखक मुनीरेखक मञ्चिम्।नदरव्दरेकः। ব্ৰহ্ম বিষ্ণু শিবানস্ত ধু ুবালৈয়ভি বন্দিতং॥ ভক্তিপ্রিয়ং ভক্তনাথং ভক্তামুগ্রহ কাতরং। রাদেশ্বরং স্থর্রাকং রাধা বক্ষস্থাস্তিং॥ এবং ক্লণমরূপন্তং ধ্যায়ন্তে বৈক্ষর। মুনে ।। ञ्जकदेवदर्ख ।

গোলোকধাম বর্ণনং । উদ্ধংস্থিতক্ষ বৈকুঠাৎ পঞ্চাশৎকোটিযোজনং। গো গোপ গোপী সংযুক্তং কল্লবৃক্ষগণান্বিতং॥

### রাসরসামৃত।

বিভো ত্রিগুণধর সংসারপতে,
স্থানীনবন্ধো সংসারগতে।
কাদীশ জনার্জন কংসারে,
বং ব্রহ্ম পরং ভবসংসারে॥
দশরথতনয়ো রাক্ষস মথনাৎ,
হরঃ পঞ্চাননো গুণ কথনাৎ।
জয় যজেশার দশাননারে,
তব পদ নৌভ বপারাবারে॥
ব্রজেশস্থনো ব্রজপুরীন্দো,
রাধাজীবন করুণাসিন্ধো।
স্থাননাদশরপধারী,
সেবক রমণাভাসবিছারী॥

## মায়াধ্বংস ৣ

যে ৰূপ আছিল কুঞ্চ যতেক যুবতী। যে ৰূপ ছিলেন রাধা চক্রাবলী সতী॥ কি ৰূপে সে ৰূপ পুন হইল স্বৰূপ। নিজ মায়াজাল চ্ছেদ করিলা গ্রীৰূপ॥

কামধেন্সভিরাকীর্ণং রাসমগুপ মণ্ডিতং। বুন্দার্ণ্য বনাচ্ছমং—————— ছিতুজ মুরলীধর হইলেন হরি।
চক্রমূথে মনঃস্থথে বাজান বাশরী॥
বৃন্দা দূতী নিজ কপ করিয়ে ধারণ।
ভাস্ত উমাকান্তে কিছু করিছে ভর্মনন॥

-000-

ঞ্জিকুষ্ণের ব্যবহারেও দৃতীৰূপা ভগবতী উপদেশ ছলে ভর্ৎসনা করাতে লজ্জায় শঙ্করের প্রস্তরত্ব প্রাপ্তি।

সম পতি পশুপতি পশু সম মতি।
কি মতে এমতি ভাল হবে হে প্রীপতি ॥
চিরকাল মহাকাল তোমার সন্ধানে।
অমেন সংসার ত্যজি শ্মশানে শ্মশানে॥
হয়েছেন পঞ্চানন বর্ণিতে তোমায়।
তথাপিও এত অম একি ঘার দায়॥
করেছেন নর জ্ঞান তোমারে শ্বরারি।
নহে কেন হবে পররমণীবিহারী।।
এই হেতু মনোরমা রানারপ ধরি।
ছলিতে আইলা ওই মহা রফ করি॥
নাবুঝেন তনোগুণে মজিয়ে শস্কর।
ঘিনি জগতের পতি কেবা তাঁর পর॥
বিশেষত জগয়াথে বে ভাবে যে ভাবে।

বেদে বলে অবশ্য সে জন তাঁরে পাবে॥ এক রাগ নানা নাম করিলা ধারণ। পুৰুদিতে হলে স্নেহ বলে সৰ্ব্বজন॥ গুৰ্ম্বাদিতে হলে ভক্তি অভিধান হয়। কাম ভাবে হলে বলে পিরীতি প্রণয় ॥ একারণ কাম ভাবে অনুরাগ করি। কেননা পাইবে নাথে যতেক স্থন্দরী॥ পঞ্চের মতের কিছু নাহিক নির্ণয় 🕽 ্ অনুরাগ করিলেই পাইবে নিশ্চয॥ \* বিশেষত কাম ভাবে দেখি সরাকার। অতিশয় অন্তরাগ হয় অনিবার॥ অতএব বুঝ এ সন্ধান আসে যাঁর। তাই শীঘ্র কৃষ্ণ লাভ হৈল গোপিকার। ঞ্জিকুষ্ণক্রোড়ের ধন যতেক নাগরী। নিজপতি পাশে রয় ছায়া ৰূপ ধরি॥ ‡

যথা। কামং ক্রোধং ভরং স্নেহমৈকাং সৌহৃদমেবচ। নিতাং হরৌ বিদধতো যান্তি তন্ময়তাং হি তে। 'শ্রীভাগবতে ১০ ক্ষমে রাসকীড়াবর্ণনে ২৯ অধ্যায়ে।

্যথা। ক্ষকেড়িগতা গোপাশ্চারাএবারভর্ষু। ভবিষাপুরাণে। কিছু মাত্র অন্বরাগ নাহিক ভর্ত্তার।
রতি মতি নতি সব প্রীপতির পার॥
, একে অনুরাগ যার তার নাম সতী ।
কৃষ্ণ ভিন্ন গোপীর নাহিক অন্যে মতি॥
নির্ক্তনে নিকুঞ্জরনে মন্দের আবেশে।
গান্ধর্মবিবাহ ‡ তারা করে হ্যীকেশে॥
এই হেতু নিদ্ধান্ত করেন সাধুচর।
গোপীগণ প্রীকৃষ্ণের পরকীরা নয়॥
দেখিরে হরির কর্ম নত শির হর।
দৃতীরপা নিজ জায়া ভর্ণনিল বিস্তর॥
অবৈর্য্য হইষে ঘোর লাজার বিকারে।
হলেন প্রস্তর্ময় † তাজি সে আকারে॥

গ্রীমদ্বন্দাবনংধনাং যমুনীয়াঃ প্রদক্ষিণং। শিবলিঙ্গমধিষ্ঠাতা দৃষ্টো গোপীশ্বরাভিধঃ।। পাছে পাতালখণ্ডে ১ অধ্যায়ে।

<sup>\*</sup> যথা। একেনামুরাগো যস্যাঃ সা সতী ইতি কথ্যতে। জনশ্রুতঃ

<sup>‡</sup> গোপনে বর কনাব পরস্পর অন্তরাগ দারা যে বিবাহ ত,হার নাম গাল্ল্ফর বিবাহ।

<sup>†</sup> বৃদ্দাবনে শ্রীলোপীশ্বর নামা এক শিবলিঙ্গ আছেন; অন্নত্তব করি তিনিই ঐ গুস্তরময় মূর্ত্তি। যথা

প্রভূ কন ভাল যদি হইলে প্রস্তর।
আমি এক বর দিব ওহে শ্বরহর।
আদাবিধি বৃদ্দাবনৈ আসিবে বে জন।
ভোমারে পুজিয়ে মোর করিবে পূজন।
কাণ্ড দেখি গোপীগন অবাক হইল।
এ কান্ত জগতকান্ত একান্ত জানিবা।

## রাসবিহার বর্ণন।

1. h

অনন্তরে রাসরসে রসে নারায়ণ। \*
ভাবক ভজের ইদ্ধি করণ কারণ॥
মঞ্চ করি ততুপরি করিলেন রঙ্গ।
মধ্যে মধ্যে এক গোপী একেক ত্রিভঙ্গ॥
পারস্পারে করে করে প্রবদ্ধ হইয়ে।

\* এই রাস্কেলি সময়ে বৈকুঠ নিবাসিনী, নানা স্থাভিলাধিনী, দারিন্দু নিবাশিনী, হাব ভাব হেলা লীলা লাবণাদি সক্ষা, কেলিকুশলা কমলা দেবী, অপাঙ্গ ভঙ্গিক্রমে ক্রমে রাসকীড়ার্থ তত্র আগমন করিলেন প্রীরাসেশ্বর শেই পর ম স্থামর রাস্মণগুপে তঁ.হাকে আন্তান করিলেন না। যে হেতুক তিনি অভান্ত চঞ্চলা, ঐশ্বর্যা বিলাশিনী, কি প্রকারে ব্রজের মধুর প্রেম ভাবাত্মগামিনী হইবেন। এ জনা দেবী অভান্ত বাথিতান্তঃ করণে আপনাকে ধিকার প্রদান হারা ব্রজ গোপী হইবার মানসে কঠোর তপ্যাতে প্রবৃত্তা হইলেন।

হতা করে চক্রাকারে আনন্দে মাতিয়ে॥ গোপিকার অলক্ষার বাজে ঘন ঘন ৷ এল।ইয়ে পড়িতেছে স্তনের বসর্ব॥ কটির বক্রতা হয় স্ত্রের ছটায়। উৰু তুক নিতম সঘনে কাঁপে তায়।।' কুটিল কটাক্ষ করে ভুকর ভঙ্গিতে। মজিয়ে মধুর স্বরে হরিগুণ গীতে **॥**ः विन्छ् विन्छ् धर्मा इय्र वमन कमला। থেন কত মার্জিত মুক্তার মালা ছলে।। ক্ষণে ফণে হাস্য করে গোপিকা সকল:। সে যে ভক্ত জন মনোমূগ ধরা কল।। সবাকার পাশে দাঁড়াইয়ে নারায়ণ। সবে ভাবে নিতান্ত আমারি কৃষ্ণধন॥ একা হয়ে বাঁকা শাাম হৈলা এত জন। তাঁর কি আশ্চর্য্য যিনি ব্যাপ্ত ত্রিভূবন ॥ ञ्चत वृत्म भद्दांनत्म कदत पत्नान। क्य नाथ दलि करत श्रुव्भ वत्रवन ॥ কেমনে সে শোভা আমি বর্ণিব কথার। ভূবনে ভাবিয়ে তুলা নাহি পাওয়া যায় ॥ থেমন ফুর্য্যের তুলা ফুর্য্য সনে সার। তেমতি তাহার সঙ্গে তুলনা তাহার॥

কার সাধ্য বর্ণে বর্ণে দে শোভা প্রভাব।
ভাবিলে ভাবকে মাত্র মনে উঠে ভাব॥
বিশেষ ব্রহ্মস্থ রস ব্রক্ষেরে নইয়ে।
বর্ণন উচিত নয় বিস্তার করিয়ে॥
কি জানি কিসে কি হয় নাহক নির্নীত
বুধের বচন সর্বা অত্যন্ত গর্হিত॥
\*

व्यार्थना।

আহা মরি মরি আজি ভক্তের কারণ গো।
রাসরসে বৃন্দাবন্ধে কি রূপ ধারণ গো।
যে ক্রপ বিধাতা ভব আদি ভবজন গো।
মনোগৃহে দার দিয়ে করে বিলোকন গো।
বিরাজেন যে রুসে জ্রীরূপ সনাতন গো।
কি রূপে জ্রীরূপে তার করিব বর্ণন গো।

<sup>)</sup> অস্য হোকেঃ। অতি দৰ্পে হতালস্কা অতিমানেচ কৌরবাঃ। অতি দানে বলিবল্পঃ সর্বমত্যন্ত গহিতিং।। চাংকাসংগৃহীত সারসংগ্রহে।

শ্রীভাগরত মতামুসারে, ওদনন্তর ভগবান্চক্ত প্রামোদাণবে গর হইয়া, প্রমদাগণ দক্ষে নানা রক্তে অতি ধীরে ধীরে যদ্যনা নীরে তীরে, এবং কুর্মে কাননাদিতে বিহার ক্রিয়া ছিলেন।

যে কপ দর্শনে নাশে শমন দর্শন গো॥ অতএব দেখ মেলি মানসনয়ন গো।,

----

এই গ্রন্থ পাঠাদির ফল।

এই রাসরসায়ত করিয়ে থতন।

যে জ্বন করয়ে পাঠ প্রবন কীর্ত্তন ॥

অনায়াসে দিবা জ্ঞান হয় পো তাহার।

হেলায় সে জন হয় ভবসিন্ধু পার ॥
রাধাকৃষ্ণে প্রেম ভক্তি উপজে অবয়া।

এ গ্রন্থ প্রেমিক সাধুজনের সর্বস্থ ॥

যত ভগু পাষ্ণু এ কাণ্ড শুনি হাসে।

অনুরক্ত ভক্ত ভক্তি সাগরেতে ভাসে॥

গুণিগণ প্রতি গ্রন্থকারের নিবেদন।

এক পরোধরে কিবা কৌশল বিধির । শিশু করে ক্ষীর পান জলোকা রুধির ॥ বিচারু করিয়ে বুঝ যতেক স্থার ॥ সেৰপ গ্রন্থের গুণ গ্রাহ্ সাধুজন।

ব্রন্ধকে সর্বাদা করে দোষ আস্বাদন॥

স্থতরীং জ্ঞমতে মম ভয় অকারণ॥

আদিরস † সর্বাপ্রিয় সর্বা রসসার।

সতী যদি পতি লয়ে করে গো বিহার।

পুন ভক্তি রসে যদি মিল থাকে তার॥

\* হথা। গৃহ্নাতি সাধুরপরস্য গুণং নে দাধন্, দোষায়িতে। গুণগণং পরিহায় দোষং। রালস্তনাৎ পিবতি হুগ্ধ মস্থাগৃহায়, তাজু। পয়ে,ক্ধিরমেব ন কিং জলোকাঃ॥ জনঞ্জঃ।

অন্যচ্চ। খলোপি মৃগ্যতে দোষান্ গুণ পূর্ণেষু বস্তুষু। বনে পুষ্পক্লৈযুক্তি পূরীষ্মিবশূক্র:।। জনশ্রুডঃ।

† আদিরস অর্থাং শৃঙ্গার রস তৎস্বরূপ। মথা।
শৃঙ্গং হি মদনোন্তেদস্তদাগমনহেতুকঃ।
উত্তমপ্রকৃতিঃ প্রায়োর সঃ শৃঙ্গার ইমাতে।।
পরোচাংবর্জ্জরিত্বাত বেশ্যাংবানস্বরাগিনীং।
আলম্বনং নায়িকাঃস্মার্দাকিনালান্ট নায়কাঃ॥
চক্র চন্দনরোলম্ব পিকাদ্যুদ্দীপনন্মতং।
জ্রাবিক্ষেপ কটাক্ষাদিরস্কৃতাবঃ প্রকীর্ত্তিঃ।।
ডাক্ত্রোগ্রা মরণালসা জুগুপ্সা বাভিচারিনঃ।
স্থায়িভাবো রতিঃ কৃষ্ণবর্ণোসৌ বিষ্ণু দৈবতঃ॥
সাহিত্যদর্পণে।

অতএব রাস রস হইল রচন।
বিবিধ মতের সার করি আকর্ষর ॥
দীবা য়দি থাকে শুধিবেন স্কুধীগন।
বেদ রসে রসি ঋষি পরব্রক্ষে পান।
সেই শকে এগ্রন্থ হইল সমাধান॥
হরি হয়ি বল সবৈ ভবে হবে তান॥

?

মঙ্গল.চরণ। আদ্যাক্ষরে চিত্রকাব্য

গো—রীকান্ত সদাশিব,
রী —তি তাঁর দেখু জীব,
তা —বি হরিপাদপদ্দ
নি —বাস শ্মশানেতে।
বা —ঞ্জা কল্লতরু যিনি,
সি —দ্ধ হইবারে তিনি,
ব্রী —পদ করেন ধ্যান
দ্বা —র দিয়ে প্রাণেতে ॥
র —হ মন সেই পদে,
কা —ল কাট মিছা মদে,

না —জান কি কাল শেযে,

থ —র থর কাঁপান্তব হে ।

বা — খত বচন মার,

য — দি হবে ভব পার,

ক — ফ্রপদ কর মার,

ত —বে মুক্তি পাবে হে॥

#### -400

ইতি ঐবৈদাকুলঁসস্তাত গ্রীজারিকানাথ রায় বিরচিত শ্রারাসরসামৃতে শ্রীপ্রেমসহবিহারবর্ণনো নাম চতুর্থঃ রসঃ।

मगा (श्रोकेषर अष्टः।